হিন্দু কলেজ সংস্থাপনের কিছু দিন পূর্ব্বে হেয়ার সাহেব হেয়ার স্কুল সংস্থাপন করেন। হেয়ার স্কুল আমাদিগের বর্ত্তমান সকল বিদ্যালয় অপেক্ষা প্রাচীন। প্রথম হেয়ার স্কুলের নাম স্কুল সোসাইটির স্কুল ছিল। হেয়ার সাহেব এই স্কুল সোসাইটির প্রাণস্বরূপ ছিলেন। এই স্কুল সোসাইটি দ্বারা আমাদিগের দেশের অনেক হিতসাধন হয়। তাঁহারা কলিকাতার কালীতলায় একটী বৃহৎ বালিকা বিদ্যালয় ও দুইটী ইংরাজী স্কুল সংস্থাপন করিয়াছিলেন, তন্মধ্যে হেয়ার সাহেবের স্কুল একটী। তাঁহারা শহরের বাঙ্গালা পাঠশালার গুরুদিগকে পারিতোষিক দিয়া শিক্ষার উন্নত প্রণালী অবলম্বন করিতে তাঁহাদিগকে প্রোৎসাহিত করিতেন। রাজা রাধাকান্ত দেবের বাটীতে গুরুদিগকে উল্লিখিত পারিতোষিক বিতরিত হইত। এই সোসাইটির দ্বারা রাজা রাধাকান্ত দেব স্ত্রীশিক্ষা পোষক "স্ত্রীশিক্ষা বিধায়ক" গ্রন্থ ও বাঙ্গালা ভাষা শিক্ষোপযোগী "নীতিকথা" প্রভৃতি পুস্তক প্রণয়ন করিতে প্রবর্ত্তিত হইয়াছিলেন। হেয়ার সাহেব প্রথমে রাজা রামমোহন রায়ের নিকট ভাল প্রণালীতে একটা বৃহৎ ইংরাজী স্কুল স্থাপনের প্রস্তাব করেন। কিন্তু প্রস্তাবটা কার্য্যে পরিণত হয় নাই। পরে বৈদ্যনাথ মুখোপাধ্যায় যিনি হাইকোর্টের পরলোকগত জজ অনুকূল মুখোপাধ্যায়ের পিতামহ, তিনি উহা প্রস্তাব করাতে কার্য্যে পরিণত হয়। বৈদ্যনাথ মুখোপাধ্যায় প্রত্যহ প্রত্যূষে ভ্রমণ করিবার সময় সার জন হাউড ঈষ্টের সহিত সাক্ষাৎ করিতে যাইতেন। সার জন হাউড ঈষ্ট সুপ্রিম কোর্টের জজ ছিলেন। তাঁহার নিকট তিনি একটী ইংরাজী স্কুল স্থাপনের প্রস্তাব করেন। তিনি প্রস্তাবটী অনুমোদন করিলেন। তৎপরে হাউড ঈষ্ট সাহেব ও হেয়ার সাহেব উদ্যোগী হইয়া ১৮১৪ সালের ১৪ই মে দিবসে কলিকাতার প্রধান ব্যক্তিদিগের এক সভা আহ্বান করেন। কলিকাতার অনেক সম্ভ্রান্ত ব্যক্তি সেই সভায় উপস্থিত ছিলেন। কিন্তু সে সভাতেও কোন বিশেষ কার্য্য হয় নাই। সে

সময়ে হিন্দুসমাজে বিলক্ষণ দলাদলি চলিতেছিল। রাজা রামমোহন রায় সেই সময়ে ধর্ম্মসংস্কার আরম্ভ করিয়াছিলেন। তিনিই সেই দলাদলির মূল। তাঁহার প্রতি বিদ্বেষ বশতঃ হিন্দু সমাজস্থ লোকেরা বলিয়াছিলেন, "রামমোহন রায় ইহাতে থাকিলে আমরা থাকিব না।" ইহাতে মহামান্য রামমোহন রায় স্বীয় মহত্ত্ব গুণে বলিয়াছিলেন, "আমি থাকিলে যদি বিদ্যালয়ের স্থাপন ও উন্নতির ব্যাঘাত ঘটে, তবে আমি ইহার সংস্রবে থাকিব না।" কিছুদিন এইরূপে আন্দোলন চলিল। পরে ১৮১৭ খৃঃ অব্দের ২০শে জানুয়ারী দিবসে স্কুল খোলা হইল। এই স্কুলই পরে উন্নত হইয়া হিন্দু কলেজে পরিণত হয়। ঐ বিদ্যালয়ের সংস্থাপন কালে বৈদ্যনাথ মুখোপাধ্যায় স্কুলটীকে বট বৃক্ষের সহিত তুলনা করিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন যে, যেমন বটবৃক্ষ সামান্য বীজ হইতে উৎপন্ন হইয়া প্রকাণ্ড বৃক্ষরূপে পরিণত ও ফলে ফুলে সুশোভিত হয়, তদ্রূপ এই বিদ্যালয়ও হইবে। তাঁহার এই ভবিষ্যৎবাণী সার্থক হইয়াছে। হিন্দু কলেজ সংস্থাপনে হেয়ার সাহেব বিশেষ যত্ন করিয়াছিলেন। প্রধানতঃ তাঁহার যত্নে উহা সংস্থাপিত হয়। স্কুলের সাহায্যের নিমিত্ত বর্দ্ধমানের মহারাজা তেজচন্দ্র বাহাদুর ১০০০০ টাকা ও গোপীমোহন ঠাকুর ১০০০০ টাকা প্রদান করেন। স্কুলের একটী কমিটী ছিল। গোপীমোহন ঠাকুর, গোপীমোহন দেব, শ্রীকৃষ্ণ সিংহ, রাধাকান্ত দেব, ইহাঁরা স্কুলের গবর্ণর পদে নিযুক্ত হইয়াছিলেন। প্রসিদ্ধ পণ্ডিত মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ঐ কমিটির একজন সভ্য ছিলেন। প্রথম গরাণহাটায় গোরাচাঁদ বশাখের বাটীতে (যেখানে এক্ষণে ওরিএন্টল সেমিনরি আছে সেইখানে) স্কুলটী সংস্থাপিত হয়। তাহার পর ফিরিঙ্গি কমল বসুর বাটীতে (এক্ষণে যাহা বাবু হরনাথ মল্লিকের বাটী ও যেখানে সর্ব্বপ্রথমে ব্রাহ্মসমাজ কিছুদিন হইয়াছিল) লইয়া যাওয়া হয়। তথা হইতে স্কুল টিরেটী বাজারে স্থানান্তরিত হয়। তৎপরে ১৮২৬ সালে পটোলডাঙ্গায় সংস্কৃত কলেজের অট্টালিকায় আনা হয়। ১৮২৪ সালের ২৫ ফেব্রুয়ারী দিবসে ঐ অট্টালিকার মূল প্রস্তর গবর্ণর জেনেরল লর্ড আমহার্ষ্ট দ্বারা প্রোথিত হয়। ঐ প্রস্তরের উপরে খোদিত লিপি দ্বারা জানা যাইতেছে যে, উক্ত মূল প্রস্তর হিন্দু কলেজের নামে প্রোথিত হইয়াছিল। কিন্তু বস্তুতঃ ঐ অট্টালিকা প্রধানতঃ নূতন সংস্থাপিত সংস্কৃত কলেজের জন্য নির্ম্মিত হয়। সেই খোদিত লিপির অবিকল প্রতিলিপি নিম্নে দেওয়া গেল।

In the Reign of
His Most Gracious Majesty George the Fourth
Under the Auspices of
The Right Hon'ble William Pitt Amherst
Governor General of the British Possessions in India
This Foundation Stone of this Edifice
The Hindu College of Calcutta
Was laid by

John Pescal Larkins Esquire
Provincial Grand Master of the Fraternity of Free
Masons in Bengal
Amidst the acclamations
Of all ranks of the Native Population of this city
In the Presence of
A Numerous Assembly of the Fratefnity
And of the
President and Members of the Committee of
General Instruction
On the 25th day of February 1824 and the
Area of Masonry 5824
Which may God prosper
Planned by B. Buxton Lieutenant
Bengal Engineers
Constructed by
William Burn and James Mackintosh."

এই অট্টালিকার মধ্যদেশে নূতন সংস্থাপিত সংস্কৃত কলেজ এবং দুই বাহুতে হিন্দু কলেজ সন্নিবেশিত হইল। এই সময়ে শেষোক্ত বিদ্যালয়টি প্রথম ঐ সংজ্ঞা প্রাপ্ত হয়।

এই সময়ে হিন্দু কলেজকে তিন নামে ডাকা হইত, হিন্দু কলেজ, এঙ্‌লো ইণ্ডিয়ান্ কলেজ ও মহাবিদ্যালয়। উহাতে বাঙ্গালা ইংরাজী পারসি পড়া হইত বলিয়া উহার এক নাম এঙ্‌লো ইণ্ডিয়ান কলেজ ছিল।*

---

* উক্ত কলেজের ১৮৩৪ খৃষ্টাব্দের ৭ আগষ্ট তারিখের প্রদত্ত ৯২ নম্বর সর্টফিকেটে এই সকল ব্যক্তির ইংরাজী স্বাক্ষর দেখায়।

প্রসন্নকুমার ঠাকুর।
রসময় দত্ত।
এ ট্রয়র
রামকমল সেন
রাধামাধব বাঁড়ুয্যে
দ্বারকানাথ ঠাকুর
রাধাকান্ত দেব
শ্রীকৃষ্ণ সিংহ

জে, সি, সি সদর্লণ্ড
বিজিটর
আর, হেলিফেকস
হেড মাষ্টার
ডেবিড হেয়ার

উক্ত সার্টিফিকেটে উহার এঙ্‌লো ইণ্ডিয়ান কলেজ এই নাম দেখা যায়। মেজর ট্রয়র সাহেব সংস্কৃত কলেজের তদানীন্তন অধ্যক্ষ ছিলেন।

উল্লিখিত মূলপ্রস্তর প্রোথিত করিবার অব্যবহিত পূর্ব্বে সাহেবদিগের মধ্যে এতদ্দেশীয়-দিগকে ইংরাজী শিক্ষা প্রদান করার বিধেয়তা বিষয়ে তুমুল আন্দোলন চলিতেছিল। তাহাদিগের মধ্যে কতকগুলি ইংরাজী শিক্ষার পক্ষ ও কতকগুলি বিপক্ষ ছিলেন, কেবল আরবি পারসি ও সংস্কৃত শিক্ষার পক্ষ ছিলেন। এই দুই দলে ঘোরতর বিবাদ হইয়াছিল। এই বিবাদ, হিন্দু-কলেজ পটলডাঙ্গায় আসিবার পূর্ব্বে আরম্ভ হইয়া এ ঘটনার পর দশ বৎসর পর্য্যন্ত চলিয়াছিল। পরে ১৮৩৫ সালের ৭ই মে দিবসীয় গবর্ণমেণ্টের এক অবধারণ দ্বারা স্থিরীকৃত হয় যে, ইংরাজী শিক্ষার প্রতি অধিক মনোযোগ প্রদান করা কর্ত্তব্য। মহামনা লার্ড উইলিয়ম বেণ্টিঙ্ক ঐ সময়ে গবর্ণর ছিলেন। রামমোহন রায় ১৮২৩ সালে উক্ত বিষয়ে গবর্ণর জেনারেল লর্ড আমহর্ষ্ট সাহেবকে ইংরাজী শিক্ষার অনুমোদন করিয়া এক পত্র লিখেন, তাহার অবিকল প্রতিলিপি নিম্নে দেওয়া গেল।

"To His Excellency the Right Honourable Lord Amherst, Governor General in Council.

My Lord,

Humbly reluctant as the natives of India are to obtrude upon the notice of Government the sentiments they entertain on any public measure, there are circumstances when silence would be carrying this respectful feeling to culpable excess. The present rulers of India, coming from a distance of many thousand miles to govern a people whose language, literature, manners, customs, and ideas, are almost entirely new and strange to them, cannot easily become so intimately acquainted with their real circumstances as the natives of the country are themselves. We should therefore be guilty of a gross dereliction of duty to ourselves and afford our rulers just grounds of complaint at our apathy, did we omit on occasions of importance like the present, to supply them with such accurate information as might enable them to devise and adopt measures calculated to be beneficial to the country, and thus second by our local knowledge and experience their declared benevolent intentions for its improvement.

"The establishment of a new Sanscrit School in Calcutta evinces the laudable desire of Government to improve the natives of India by education,—a blessing for which they must ever be grate-

ful, and every well-wisher of the human race must be desirous that the efforts, made to promote it, should be guided by the most enlightened principles so that the stream of intelligence may flow in the most useful channels.

"When this seminary of learning was proposed, we understood that the Government in England had ordered a considerable sum of money to be annually devoted to the instruction of its Indian subjects. We were filled with sanguine hopes that this sum would be laid out in employing European gentlemen of talents and education to instruct the natives of India in Mathematics, Natural Philosophy, Chemistry, Anatomy, and other useful sciences, which the natives of Europe have carried to a degree of perfection that has raised them above the inhabitants of other part of the world.

"While we looked forward with pleasing hope to the dawn of knowledge, thus promised to the rising generation, our hearts were filled with mingled feelings of delight and gratitude, we already offered up thanks to Providence for inspiring the most generous and enlightened nations of the West with the glorious ambition of planting in Asia the arts and sciences of Modern Europe.

"We find that the Government are establishing a Sanscrit School under Hindu Pundits to impart such knowledge as is already current in India. This seminary ( similar in character to those which existed in Europe before the time of Lord Bacon ) can only be expected to load the minds of youth with grammatical niceties and metaphysical distinctions of little or no practical use to the possessors or to society. The pupils will there acquire what was known two thousand years ago with the addition of vain and empty subtleties since then produced by speculative men such as is already commonly taught in all parts of India.

"The Sanscrit language so difficult that almost a life time is necessary for its acquisition is well-known to have been for ages a lamentable check to the diffusion of knowledge, and the learning

concealed under this almost impervious veil, is far from sufficient to reward the labour of acquiring it. But if it were thought necessary to perpetuate this language for the sake of the portion of valuable information it contains, this might be much more easily accomplished, by other means than the establishment of a new Sanscrit College, for there have been always and are now numerous professors of Sanscrit in the different parts of the country engaged in teaching this language as well as the other branches of literature which are to be the object of the new seminary. Therefore their more diligent cultivation, if desirable, would be effectually promoted, by holding out premiums and granting certain allowances to their most eminent professors, who have already undertaken on their own account to teach them, and would by such rewards be stimulated to still greater exertion.

"From these considerations as, the sum set apart for the instruction of the natives of India was intended by the Government in England for the improvement of its Indian subjects, I beg leave to state, with due deference to your Lordship's exalted situation that if the plan now adopted be followed, it will completely defeat the object proposed, since no improvement can be expected from inducing young men to consume a dozen of years of the most valuable period of their lives in acquiring the niceties of Baikarana or Sanscrit Grammar. For instance, in learning to discuss such points as the following ; khada, signifying to eat, khadati he or she or it eats ; query, whether does khadati taken as a whole conveys the meaning he, she or it 'eats' or are separate parts of this meaning conveyed by distinctions of the word. As if in the English language it were asked how much meaning is there in the eat and how much in the *s* ? And is the whole meaning of the word conveyed by these two portions of it distinctly or by them taken jointly ?

"Neither can much improvement arise from such speculations as the following which are the themes suggested by the Vedanta ;

in what manner is the soul absorbed in the Deity? What relation does it bear to the Divine Essence? Nor will youths be fitted to be better members of society by the Vedantic doctrines which teach them to believe, that all visible things have no real existence, that as father, brother, &c. have no actual entity they consequently deserve no real affection, and therefore sooner we escape from them and leave the world the better. Again no essential benefit can be derived by the student of the Mimansa from knowing what it is that makes the killer of a goat sinless by pronouncing certain passages of the Vedanta and what is the real nature and operative influence of passages of the Vedas, &c.

"The student of the Naya Shastra cannot be said to have improved his mind after he has learned from it into how many ideal classes the objects in the universe are divided and what speculative relation, the soul bears to the body, the body to the soul, the eye to the ear, etc.

"In order to enable your Lordship to appreciate the utility of encouraging such imaginary learning as above characterized, I beg your Lordship will be pleased to compare the state of science and literature in Europe before the time of Lord Bacon with the progress of knowledge made since he wrote.

"If it had been intended to keep the British nation in ignorance of real knowledge, the Baconian philosophy would not have been allowed to displace the system of the schoolmen which was the best calculated to perpetuate ignorance. In the same manner the Sanscrit system of education would be the best calculated to keep this country in darkness if such had been the policy of the British legislative. But as the improvement of the native population is the object of the Government, it will consequently promote a more liberal and enlightened system of instruction, embracing Mathematics, Natural Philosophy, Chemistry, Anatomy, with other useful sciences, which may be accomplished with the sums proposed by employing a few

gentlemen of talents and learning educated in Europe and providing a college furnished with necessary books, instruments, and other apparatus.

"In representing this subject to your Lordship I conceive myself discharging a solemn duty which I owe to my countrymen and also to that enlightened sovereign and legislature which have extended their benevolent care to this distant land actuated by a desire to improve the inhabitants, and therefore humbly trust you will excuse the liberty I have taken in thus expressing my sentiments to your Lordship.

I have the honour &c.
Ram Mohan Roy."

রামমোহন রায় এই আবেদন পত্র অমায়িক-স্বভাব ভারতহিতৈষী বিখ্যাত লর্ড বিশপ হিবর সাহেব দ্বারা গবর্ণর জেনারেলের নিকট অর্পণ করেন। হিবর সাহেব এই পত্র সম্বন্ধে লিখিয়াছেন "This paper for its good English, good sense and forcible arguments, is a real curiosity, as coming from an Asiatic"। এক্ষণে আমরা প্রকৃত বিষয়ে প্রত্যাবর্ত্তন করিতেছি।

হিন্দু কলেজের নিমিত্ত প্রথমে ১১৩১৭৯ টাকা সংগৃহীত হয়। সেই টাকা জোজেফ বেরেটো কোম্পানী নামক এক পোর্টুগীজ সওদাগরের হাউসে রাখা হয়। তাহার উপস্বত্ব হইতে টাকা লইয়া হিন্দু কলেজের অধ্যক্ষেরা কলেজের ব্যয় নির্ব্বাহ করিতেন। ১৮২৪ খৃষ্টাব্দে উক্ত সওদাগর দেউলিয়া হওয়াতে ২৩০০০ টাকা মাত্র অবশিষ্ট থাকে। এই সময়ে কলেজ কমিটী অর্থানুকূল্য জন্য গবর্ণমেণ্টের নিকট প্রার্থনা করেন। গবর্ণমেণ্ট অর্থানুকূল্য প্রদানে সম্মত হয়েন। হিন্দুকলেজ কমিটী ও গবর্ণমেণ্টের পক্ষ জেনারেল কমিটী অব পবলিক ইনষ্ট্রক্শন অর্থাৎ সাধারণ শিক্ষা কমিটী, এই দুয়ের মধ্যে এই বন্দোবস্ত হইয়াছিল যে, যখন অর্থানুকূল্য করা হইতেছে, তখন সেই অর্থ কিরূপে ব্যয়িত হয়, তাহা দেখিবার জন্য শেষোক্ত কমিটীর যিনি সম্পাদক হইবেন, তিনি হিন্দুকলেজেরও বিজিটর অর্থাৎ পরিদর্শক পদে নিযুক্ত হইবেন। সংস্কৃত কলেজের অধ্যক্ষ ও সাধারণ শিক্ষা কমিটীর সম্পাদক বিখ্যাত উইলসন সাহেব প্রথম ঐ পদে নিযুক্ত হয়েন। উইলসন সাহেব মনে করিতেন যে, হিন্দুকলেজের ছাত্রেরা বাবু শ্রেণীর লোক ও সংস্কৃত কলেজের ছাত্রেরা পণ্ডিতশ্রেণীর লোক। এই দুই শ্রেণীর লোকের মধ্যে পরস্পর স্বভাবতঃ বিদ্বেষভাব থাকা নিবন্ধন সর্ব্বদা বিবাদের আশঙ্কা করিয়া তিনি প্রত্যেক কলেজের চতুর্দ্দিকে শক্ত করিয়া রেল দিয়াছিলেন। উইলসন সাহেবের পর সাধারণ শিক্ষা

কমিটীর পর পর সম্পাদক সদর্লণ্ড সাহেব, ওয়াইজ সাহেব প্রভৃতি হিন্দুকলেজের বিজিটর হইয়াছিলেন। জেনারেল কমিটী অব পবলিক্ ইনষ্ট্রক্শন্ অর্থাৎ সাধারণ শিক্ষা কমিটী কোন্সিল অব এডুকেশন অর্থাৎ শিক্ষা সমাজে পরিণত হইলে পর ১৮৪১ সালে যখন সর এডওয়ার্ড রায়েন শিক্ষা সমাজের সভাপতি ছিলেন, তখন তিনি যেরূপ অর্থানুকূল্য করা হইতেছে সেরূপ তত্বাবধান হইতেছে না, ইহা বিবেচনা করিয়া কমিটির সঙ্গে এই বন্দোবস্ত করিলেন যে, কলেজ কমিটীর সকল সভ্য শিক্ষা সমাজের সভ্য হইবেন এবং শিক্ষা সমাজের সকল সভ্য কলেজ কমিটীর সভ্য হইবেন। কিন্তু যখন কলেজ কমিটীর অধিবেশন হইবে, তখন শিক্ষা সমাজের দুইজন সভ্য এবং তাহার সভাপতি এবং সম্পাদক উপস্থিত থাকিবেন এবং যখন শিক্ষা সমাজের অধিবেশন হইবে তখন কলেজ কমিটির দুইজন সভ্য মাত্র উপস্থিত থাকিবেন। শুদ্ধ এই বন্দোবস্ত হইল তাহা নহে, কলেজ কমিটীর নাম লুপ্ত হইয়া তদবধি তাহা Section of the Council of Education for the Management of Hindu College অর্থাৎ হিন্দুকলেজের তত্বাবধানার্থ শিক্ষা সমাজের বিভাগ, এই নামে আখ্যাত হইল। তৎপরে ১৮৫৩ সালে হিন্দুকলেজের শিক্ষক কৈলাসচন্দ্র বসু খৃষ্টীয়ান হইয়া যাওয়াতে কলেজকমিটীর এতদ্দেশীয় সভ্যেরা তাঁহাকে কর্ম্মচ্যুত করিবার এবং ইংরাজ সভ্যেরা তাঁহাকে রাখিবার অভিপ্রায় করাতে তাহাদিগের মধ্যে ঘোরতর বিবাদ উপস্থিত হয়। এই বিরোধ নিবন্ধন, শ্রীযুক্ত প্রসন্নকুমার ঠাকুর কলেজ কমিটী হইতে অবসৃত হয়েন। এই সময় রাজা রাধাকান্ত দেব, রাধামাধব বন্দ্যোপাধ্যায়, শ্রীকৃষ্ণ সিংহ, আশুতোষ দেব, রসময় দত্ত প্রভৃতি কলেজ কমিটীর মেম্বর ছিলেন। ইঁহাদিগের মধ্যে কেবল রসময় দত্ত সাহেবদিগের পক্ষে ছিলেন। এইরূপ বিবাদ হওয়াতে গবর্ণর জেনেরল লর্ড ডেলহাউসি এই প্রস্তাব করেন যে যদ্যপি কলেজকমিটীর এতদ্দেশীয় সভ্যেরা কলেজ নিজে চালাইতে সমর্থ হয়েন, তাহা হইলে তাঁহারা চালাউন, যদি না সমর্থ হয়েন, তবে তিনি সাম্প্রদায়িক ( Sectarian ) কলেজ উঠাইয়া দিয়া একটী অসাম্প্রদায়িক কলেজ স্থাপন করিতে অভিলাষ করেন। হিন্দু কলেজে বর্ণমালা শিক্ষা পর্য্যন্ত শিক্ষার বন্দোবস্ত থাকাতে লার্ড ডালহৌসী উহাকে Dame's School অর্থাৎ বুড়ির পাঠশালা বলিয়া ডাকিতেন। লার্ড ডালহৌসীর উক্ত প্রস্তাব বর্ত্তমান প্রেসিডেন্সী কলেজের সূত্রপাত বলিতে হইবে। ১৮৫৪ সালে হিন্দু কলেজের প্রথম দুই শ্রেণী লইয়া প্রেসিডেন্সী কলেজ সংস্থাপিত হইয়াছে। যখন হিন্দু কলেজের দুই শ্রেণী লইয়া প্রেসিডেন্সী কলেজ সংস্থাপিত হইয়াছে তখন প্রেসিডেন্সী কলেজকে উহার অনুক্রম বলিতে হইবে। বাহু যেমন হস্তের অনুক্রম, উরু যেমন পদের অনুক্রম, প্রেসিডেন্সী কলেজ সেইরূপ হিন্দু কলেজের অনুক্রম। ইহাকে সম্পূর্ণরূপে হিন্দু কলেজের সহিত সম্বন্ধবিহীন কলেজ বলিয়া মনে করা অন্যায়। লার্ড ডেলহাউসী কলেজ কমিটীর প্রতি অন্যায় করা হইল বিবেচনা করিয়া কমিটীর সভ্যদিগের সন্তোষার্থ হিন্দু স্কুল সংস্থাপন করেন। ইহাতে কেবল হিন্দুদিগের সন্তান পড়িয়া থাকে। আমার "সেকাল আর একাল" গ্রন্থে গবর্ণমেণ্ট

যে বিশেষ ইংরাজী কৌশল নিয়োগ দ্বারা কলেজের অধ্যক্ষতা এতদ্দেশীয় লোকদিগের হস্ত হইতে কাড়িয়া লয়েন, উল্লেখ আছে, সেই বিশেষ ইংরাজী কৌশল উপরে বর্ণিত হইল।

এক্ষণে আমি হিন্দু অথবা প্রেসিডেন্সী কলেজের শিক্ষকদিগের বৃত্তান্ত বলিতে প্রবৃত্ত হইতেছি।

১৮১৭ সাল হইতে ১৮৩৩ সাল পর্য্যন্ত ডেন্‌সেলেম সাহেব হিন্দু কলেজের হেড মাষ্টর ছিলেন। তাঁহার সময়ে টাইটলর, রস, থিওডর ডিকেন্স এবং জন পিটার গ্রাণ্ট ইঁহারা অন্যতর শিক্ষক ছিলেন। টাইটলার সাহেব সাহিত্য ও গণিত শাস্ত্রের অধ্যাপক ছিলেন। তিনি একজন বিলক্ষণ পণ্ডিত ব্যক্তি ছিলেন। তিনি ইংরাজী সাহিত্য ও গণিত ও চিকিৎসা বিদ্যা উত্তমরূপে জানিতেন। এতদ্ব্যতীত পারসী ও আরবীতে বুৎপন্ন ছিলেন ও সংস্কৃত অল্প অল্প জানিতেন। তিনি একটি কেন্দ্র ছিলেন। ইংরাজী "eccentric" শব্দ আমি "কেন্দ্রবর্জ্জিনী ভাব বিশিষ্ট" এই বাক্য দ্বারা অনুবাদ করিয়া থাকি। মনুষ্য সংক্ষেপ প্রিয়, অতএব ঐ বাক্যের সঙ্কোচ করিয়া লইয়া কেন্দ্রবর্জ্জন ভাব বিশিষ্ট ব্যক্তিকে শুদ্ধ "কেন্দ্র" বলিয়া ডাকিয়া থাকি। টাইটলার সাহেব একটী "কেন্দ্র" ছিলেন। তিনি এক দিবস তাঁহার বালক পুত্রের ছাগলের গাড়ি চড়িয়া কেল্লার মাঠে উপস্থিত হইয়াছিলেন। সাহেবেরা দেখিয়া অবাক। যে দিবস তাঁহার ছাত্রেরা ম্যাথেমেটিক্স শেখা ফাঁকি দিবার ইচ্ছা করিত, সে দিবস তাহাদিগের মধ্যে একজন একটী সংস্কৃত কবিতা পাঠ করিত। হয়ত তাহাদিগের মধ্যে একজন বলিয়া উঠিত "নলিনীদলগতজলবৎ তরলং", তিনি বাঙ্গালায় বলিতেন "কি বলিলে আবার বল, কি অর্থ ইহার"। এইরূপে ঐ শ্লোকের অর্থের বিচার করিতে করিতে সময় কাটিয়া যাইত, ম্যাথেমেটিক্স পড়া হইত না। একদিন তাঁহার ছাত্রেরা পাঠ্য পুস্তকে "crawl" শব্দ পাইয়াছিল। তাহারা দুষ্টামি করিয়া বলিল যে আমরা ঐ শব্দের অর্থ বুঝিতে পারি না। তিনি তাহার অর্থ নানা প্রকারে বুঝাইতে চেষ্টা করিলেন, তবু তাহারা কিছুই বুঝে নাই, এইরূপ ভাণ করিল। পরিশেষে তিনি কি করেন, নিজে ভূমিতে "crawl" করিয়া দেখাইয়া দিলেন। পূর্ব্বে বর্ণিত হইয়াছে যে, টাইটলার সাহেব চিকিৎসা বিদ্যা উত্তমরূপে জানিতেন। তিনি গবর্ণমেণ্ট দ্বারা সংস্থাপিত তদানীন্তন চিকিৎসা বিদ্যালয়ের অধ্যক্ষ ছিলেন। সেই চিকিৎসা বিদ্যালয়ে হিন্দুস্থানী ভাষাতে শিক্ষা প্রদত্ত হইত এবং ছাগল ও অন্যান্য পশু কাটিয়া শারীরবিদ্যা শিখান হইত। যখন মেডিক্যাল কলেজ সংস্থাপনের প্রস্তাব হয়, তখন টাইটলর সাহেব তাহার বিস্তর আপত্তি করিয়াছিলেন। এ বিষয়ে ডফ সাহেব তাঁহার প্রতিদ্বন্দ্বী ছিলেন। তিনি মেডিক্যাল কলেজ সংস্থাপনের পক্ষ ছিলেন। রস্ সাহেব কেমিষ্ট্রি বিষয়ে লেকচার দিতেন, তিনি ঐ বিদ্যা ভাল জানিতেন না। তিনি কেবল সোডা পদার্থের গুণ উত্তমরূপে পরিজ্ঞাত ছিলেন। উহার গুণই তিনি সর্ব্বদা ব্যাখ্যা করিতেন, এই জন্য ছাত্রদিগের মধ্যে তাঁহার নাম "সোডা" হইয়াছিল। তাঁহার ছাত্র শ্রীযুক্ত রেবারেণ্ড কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় "Soda and his pupils" এই শিরস্ক দিয়া এক পত্র তাঁহার বিপক্ষে সম্বাদপত্রে লিখিয়াছিলেন। বিখ্যাত বেরিষ্টর থিওডোর ডিকেন্স ও তাঁহার পর জন পিটর

গ্রাণ্ট আইন বিষয়ে লেকচর দিতেন। এই জন পিটার গ্রাণ্ট পরে স্থপ্রীম কোর্টের জজ হইয়াছিলেন। তিনি আমাদের ভূতপূর্ব্ব লেফ্‌টেনেণ্ট গবর্ণর গ্রাণ্ট সাহেবের পিতা।

এই সময়ে ডিরোজিও সাহেব কলেজের চতুর্থ শিক্ষক ছিলেন। ছাত্রেরা তাঁহার প্রতি অত্যন্ত অনুরক্ত ছিল। তাঁহার একটী বিশেষ ক্ষমতা ছিল যে, তিনি বালকদিগের মন বিশেষরূপে আকর্ষণ করিতে পারিতেন। তিনি স্কুলের সময়ের পূর্ব্বে ও পরে বালকদিগের সহিত কথোপকথনচ্ছলে নানা বিষয়ে শিক্ষা দিতেন। তিনি তাহাদিগকে Mental Philosophy অর্থাৎ মনস্তত্ত্ব, ইংরাজী সাহিত্য প্রভৃতি বিষয়ে উপদেশ দিতেন। তাঁহার উপদেশের প্রভাবে ছাত্রগণের মনে হিন্দুধর্ম্মের প্রতি অনাস্থার উদয় হইয়াছিল। তাঁহাদিগের মধ্যে কেহ কেহ উপবীত পর্য্যন্ত পরিত্যাগ করিয়াছিলেন। কেহ কেহ ইষ্টমন্ত্র জপ করিবার সময় তাহা জপ না করিয়া পোপ নামক ইংরাজী কবি দ্বারা অনুবাদিত হোমর প্রণীত ইলিয়ড কাব্যের পদ সকল মনে মনে পাঠ করিতেন। এই সকল দেখিয়া শুনিয়া কলেজের অধ্যক্ষেরা ভীত হইয়া উঠিলেন। ডিরোজিওর সম্বন্ধে আমার প্রণীত একখানি পুস্তকে যাহা লিখিয়াছি, তাহা এক্ষণে পাঠ করিতেছি—

"ডিরোজিও সাহেব একজন ফিরিঙ্গী ছিলেন। তিনি কলেজের চতুর্থ শিক্ষক ছিলেন। কিন্তু ছাত্রেরা তাঁহাকেই অধিক চিনিত, প্রধান শিক্ষককে তত চিনিত না। তিনি প্রগাঢ় বিদ্যা ও অকৃত্রিম স্নেহ দ্বারা ছাত্রদিগকে এমন বশীভূত করিয়াছিলেন যে, তাঁহাকে তাহারা ছাড়িতে চাহিত না। তিনি অতি প্রিয়ম্বদ ও স্থকবি ছিলেন। হিন্দু কলেজের ভিতর একবার একটি তামাসা হইতেছিল। একটী বালক তাঁহার সম্মুখে তাঁহাকে আড়াল করিয়া তামাসা দেখিতেছিল। তিনি বলিলেন, "My boy you are not transparent" "প্রিয় বালক! তুমি স্বচ্ছ পদার্থ নহ।" তাঁহার এই দেশে জন্ম ছিল। কিন্তু অন্যান্য ফিরিঙ্গী যেমন বলে, "মোদের বিলাত", তিনি সেরূপ বলিতেন না। এই দেশকে তিনি স্বদেশ জ্ঞান করিয়া ইহার প্রতি যথেষ্ট মমতা করিতেন। তাঁহার একটী কবিতাতে তাঁহার স্বদেশানুরাগের অত্যুৎকৃষ্ট পরিচয় প্রাপ্ত হওয়া যায়। সে কবিতাটী তাঁহার রচিত ভারতবর্ষের একটি পুরাতন-আখ্যান-মূলক কাব্যের মুখবন্ধ।

"My country! in thy days of glory past
A beauteous halo circled round thy brow,
And worshipped as a deity thou wast,
Where is that glory, where that reverence now?
Thy eagle pinion is chained down at last
And grovelling in the lowly dust art thou:
Thy ministrel hath no wreath to weave for thee,
Save the sad story of thy misery!



হেনরী লুই ভিভিয়ান ডিরোজিও

Well let me dive into the depths of time
And bring from out the ages that have rolled
A few small fragments of those wrecks sublime
Which human eye may never more behold ;
And let the guerdon of my labour be,
My fallen country ! One kind wish for thee.

স্বদেশ আমার ! কিবা জ্যোতির মণ্ডলী
ভূষিত ললাট তব ; অস্তে গেছে চলি
সে দিন তোমার ; হায় সেই দিন যবে
দেবতা সমান পূজ্য ছিলে এই ভবে ।
কোথায় সে বন্দপদ ! মহিমা কোথায় !
গগনবিহারী পক্ষী ভূমিতে লুটায় ।
বন্দীগণ বিরচিত গীত উপহার
দুঃখের কাহিনী বিনা কিবা আছে আর ?
দেখি দেখি কালার্ণবে হইয়া মগন
অন্বেষিয়া পাই যদি বিলুপ্ত রতন ।
কিছু যদি পাই তার ভগ্ন অবশেষ
আর কিছু পরে যার না রহিবে লেশ ।
এ শ্রমের এই মাত্র পুরস্কার গণি ;
তব শুভধ্যায় লোকে অভাগা জননি !'*

দুঃখের বিষয় এই যে একজন ফিরিঙ্গী ভারতবর্ষকে এমন প্রেমের চক্ষে দেখিতেন, কিন্তু এক্ষণকার কোন কোন হিন্দু সন্তানকে সেরূপ করিতে দেখা যায় না। ডিরোজিওর স্বদেশানুরাগ, তাঁহার সদাশয়তা, তাঁহার প্রগাঢ় বিদ্যা ও জ্ঞান দেখিয়া তাঁহার কতকগুলি ছাত্র এমন মুগ্ধ হইয়াছিল যে, তাহারা সর্ব্বদাই তাঁহার সহবাসে থাকিতে ভালবাসিত। তিনি কলেজে ধর্ম্ম ও সমাজ বিষয়ে উপদেশ দিতেন, তজ্জন্য কলেজের অধ্যক্ষেরা তাঁহার প্রতি বিরক্ত হওয়াতে তিনি রাত্রিতে আপনার ইটালিস্থ বাসায় উপদেশ দিবার নিয়ম করিলেন। তাঁহার ছাত্রেরা তাঁহাকে এমনি ভালবাসিত যে, অন্ধকার রাত্রি ঝড় বৃষ্টি দুর্যোগ হইলেও তাহাদিগের মধ্যে কেহ কেহ বাগবাজার হইতে ইটালী যাইতে সঙ্কোচ করিত না। ডিরোজিওর শিষ্যেরা তাঁহার নিকট হইতে যে পাশ্চাত্য আলোক প্রাপ্ত হইয়াছিল, তাহা তাহাদিগের মস্তক ঘূর্ণিত করিয়া দিয়াছিল। তাহারা হিন্দু সমাজের নিয়ম সকল অবহেলা করিতে লাগিল। ডিরোজিওর শিষ্যগণের আচরণ হেতু তাঁহার অত্যন্ত নিন্দা হইতে লাগিল, এজন্য মহাবিদ্যালয়ের অধ্যক্ষেরা

* এই অনুবাদ জন্য আমি শ্রীযুক্ত বাবু দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের নিকট ঋণী আছি।

তাঁহাকে কর্ম্মচ্যুত করেন। হিন্দুকলেজ হইতে বহিষ্কৃত হইবার কিছুদিন পরে ডিরোজিও সাহেবের মৃত্যু হয়। যখন তাঁহার মৃত্যু হয়, তখন তাঁহার বয়ঃক্রম তেইশ বৎসর মাত্র ছিল।"

ডিরোজিও সাহেবের উপরে কলেজের অধ্যক্ষদিগের দ্বারা তিনটি অপবাদ আরোপিত হয়। সে তিনটী অপবাদ এই—ঈশ্বরের অস্তিত্বে অবিশ্বাস, পিতামাতার প্রতি অবহেলা করিতে শিক্ষা দেওয়া ও ভ্রাতা ভগিনীর পরস্পর বিবাহ অনুমোদন করা। কিন্তু তিনি এ তিনটী অপবাদই অস্বীকার করেন। কলেজের বিজিটর উইলসন সাহেব তাঁহাকে পত্র লেখেন যে, আপনি যদি এ সকল অপবাদ অমূলক বলিয়া স্পষ্টরূপে প্রমাণ করিতে পারেন, তাহা হইলে কলেজের অধ্যক্ষদিগকে এ বিষয়ে আমি আহ্লাদ পূর্ব্বক জানাইব। তাহাতে তিনি প্রথম অপবাদ সম্বন্ধে এই উত্তর দিয়াছিলেন ;—

"Entrusted as I was for sometime with the education of youth, peculiarly circumstanced, was it for me to have made them part as ignorant dogmatists by permitting them to know what would be said upon only one side of grave questions? Setting aside the narrowness of mind which such a course might have evinced, it would have been injurious to the mental energies and acquirements of the young men themselves. And ( whatever may be said to the contrary ) I can vindicate my procedure by quoting no less orthodox an authority than Lord Bacon. "If a man", says this philosopher ( and no one ever had a better right to pronounce an opinion upon such matters than he ), "will begin with certainties, he shall end in doubts." This I need scarcely observe is always the case with contented ignorance, when it is roused too late to thought. One doubt suggests another and universal scepticism is the consequence. I therefore thought it my duty to acquaint several of the college students with the substance of Hume's celebrated dialogue between Cleanthes and Philo in which the most subtle and refined arguments against theism are adduced. But I have also furnished them with Dr. Reid's and Dugald Stewart's more acute replies to Hume—replies which to this day continue unrefuted. This is the head and front of my offending. If the religious opinions of the students have become unhinged in consequence of the course I have pursued, the fault is not mine. To

produce conviction was not within my power and if I am to be condemned for the atheism of some, let me receive credit for the theism of others. Believe me, my dear sir, I am too thoroughly imbued with a deep sense of human ignorance and of the perpetual vicissitudes of opinions to speak with confidence even of the most unimportant matters. Doubt and uncertainties besiege us too closely to admit the boldness of dogmatism to enter an enquiring mind, and far be it from me to say that "*this is*" and "*that is not*" when, after most extensive acquaintance with the researches of science and after the most daring flights of genius, we must confess with sorrow and disappointment that humility becomes the highest wisdom, for the highest wisdom assures man of his ignorance."

দ্বিতীয় অপবাদ সম্বন্ধে তিনি এই কথা বলিয়াছিলেন যে, "আমি এরূপ শিক্ষা কখনই দিই না। আমি নিজে আমার পিতা মাতার অত্যন্ত বাধ্য। দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায় তাঁহার পিতার সহিত বিবাদ করিয়া ভিন্ন বাটীতে থাকিবার বিষয়ে আমার পরামর্শ জিজ্ঞাসা করেন। কিন্তু আমি তাহাতে সম্মত হই নাই। পরে দেখি যে তিনি আমার বাসার নিকট একটী বাড়ী ভাড়া করিয়াছেন। ইহাতে আমি তাঁহাকে ধমকাইয়া বলিলাম যে, এ বিষয়ে তুমি কেন আমাকে জিজ্ঞাসা কর নাই।" তৃতীয় অপবাদ সম্বন্ধে ডিরোজিও সাহেব এই কথা বলিয়াছিলেন যে "I never taught such absurdity।" "এইরূপ অসঙ্গত ভ্রম কখনই শিখাই নাই।" তিনি তাঁহার পত্র এই বলিয়া সমাপ্ত করিয়াছিলেন, "যাহা হউক আমি এই সকল অপবাদের জন্য বড় দুঃখিত আছি। আমি জানিতে পারিয়াছি যে বৃন্দাবন ঘোষাল নামক এক ব্রাহ্মণ, যাহার কর্ম্ম কেবল বাবুদিগের নিকট গল্প করিয়া বেড়ানো, সেই এই সকল মিথ্যা অপবাদ আমার নামে রটনা করিয়াছে।" ইংরাজী শিক্ষা প্রবর্ত্তনা জন্য আমরা হেয়ার সাহেবের নিকট ও তাঁহার নীচেই ডিরোজিও সাহেবের নিকট চিরকৃতজ্ঞতাপাশে বদ্ধ আছি। তাঁহার ছাত্রদিগের মধ্যে রামগোপাল ঘোষ, রসিককৃষ্ণ মল্লিক, দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়, কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় ও রামতনু লাহিড়ী প্রধান। তাঁহার ছাত্রেরা যে তাঁহার কত প্রিয়পাত্র ছিল ও তিনি তাঁহাদিগের কত আশা করিতেন ও তাঁহাদিগের প্রতি তাঁহার কত যত্ন ছিল, তাহা নিম্নে উদ্ধৃত চতুর্দ্দশপদী কবিতাদ্বারা প্রমাণিত হইতেছে।

"To the Students of the Hindu College.

"Expanding like the petals of young flowers,
I watch the gentle opening of your minds

And sweet loosening of the spell that binds
Your intellectual energies and powers, that stretch
(Like young birds in soft summer hour)
Their wings to try their strength. O how the winds
Of circumstance, and freshening April showers
Of early knowledge, and unnumbered kinds
Of new perceptions shed their influence,
And how you worship Truth's Omnipotence!
What joyance rains upon me, when I see
Fame in the mirror of futurity
Weaving the chaplets you are yet to gain
And then I feel I have not lived in vain."

ডিরোজিওর আশা সফল হইয়াছে। তাঁহার ছাত্রদিগের মধ্যে অনেকেই যশস্বী হইয়াছেন।

ডিরোজিও সাহেবের পরে স্পীড সাহেব হিন্দু-কলেজের হেড মাষ্টর হয়েন। তিনি অতি কঠোরস্বভাব ছিলেন, তিনি লাষ্ট ক্লাশ হইতে বেত মারিতে আরম্ভ করিয়া ফাষ্ট ক্লাশে আসিয়া নিরস্ত হইতেন। ইনি "ইণ্ডিয়ান গার্ডেনর" নামে একটি পুস্তক রচনা করেন ও এতদ্দেশে এরারুটের চাষ প্রথম আরম্ভ করেন। ১৮৩৫ খৃষ্টাব্দে কাপ্তেন রিচার্ডসন সাহেব কলেজের প্রফেসর পদে নিযুক্ত হয়েন। ১৮৪১ খৃষ্টাব্দে তিনি প্রিন্সিপল হয়েন। ১৮৪৩ খৃষ্টাব্দে তিনি বিলাত গমন করেন। তিনি সদ্বিদ্যাশালী সুরুচি সম্পন্ন ব্যক্তি ছিলেন। ছাত্রদিগকে ইংরাজী সাহিত্য শিক্ষা দিবার নিমিত্ত তাঁহার অত্যন্ত যত্ন ছিল। তিনি অতি সুন্দররূপে সেক্সপিয়র বুঝাইয়া দিতে পারিতেন ও অতি মনোহররূপে সেক্সপিয়র আবৃত্তি করিতেন। মেকলে সাহেব তাঁহাকে বলিয়াছিলেন, যে "I can forget everything of India, but I can never forget your reading of Shakespeare." "বিলাতে যাইলে আমি ভারতবর্ষের সমস্ত বিষয় ভুলিতে পারি, কিন্তু তুমি যেমন করিয়া সেক্সপিয়র পাঠ কর, তাহা কখন ভুলিতে পারিব না।" রিচার্ডসন সাহেবের নাম উচ্চারণ করিলে অনেক কৃতবিদ্য ব্যক্তির হৃদয় কৃতজ্ঞতা রসে আপ্লুত হয়। ছাত্রদিগকে ইংরাজী সাহিত্যের মর্ম্মজ্ঞ করিতে ও তাহাদিগের মনে তদ্বিষয়ে সুরুচি উৎপাদন করিতে তিনি যেমন পারগ ছিলেন, এমন অল্প লোক প্রাপ্ত হওয়া যাইবে। বালকদিগের সহিত কাপ্তেন সাহেবের বিলক্ষণ আত্মীয়তা জন্মিয়াছিল, এমন কি পরিহাস পর্য্যন্ত চলিত। কোন ছাত্র "Amiss" এ শব্দকে "য়্যামিস না বলিয়া এমিস বলিয়া উচ্চারণ করিলে তিনি তাহাকে বলিতেন, "you are a miss"। সে বালক লজ্জায় আর এরূপ অশুদ্ধ উচ্চারণ করিত না।

এই সময়ে হ্যালফোর্ড সাহেব নামে একজন শিক্ষক ছিলেন। তিনি শব্দশাস্ত্রে প্রগাঢ়



ক্যাপ্টেন ডেভিড লেষ্টার রিচার্ডসন

পণ্ডিত ছিলেন। তিনি কথোপকথনের সময়ে বড় বড় কথা ব্যবহার করিতেন। তাঁহাকে এক দিবস কোন স্কুলের অধ্যক্ষ সেই স্কুলের পারিতোষিক বিতরণের সভায় সভাপতির কার্য্য করিতে অনুরোধ করাতে তিনি বলিয়াছিলেন যে, "I am a vegetable being averse to locomotion." "আমি কোথাও যাই না। আমি চলৎশক্তি রহিত একটি উদ্ভিদ।"

ঐ সময়ে ক্লিণ্ট সাহেব নামে একজন শিক্ষক ছিলেন। তিনি গণিত ও সাহিত্য উভয় শাস্ত্রেই সুপণ্ডিত ছিলেন। তিনি রিচার্ডসনের খ্যাতিতে অতিশয় ঈর্ষান্বিত হইয়াছিলেন। তাঁহার নিকট রিচার্ডসন সাহেবের সুখ্যাতি করিলে তিনি বলিতেন যে, "A ship in India is but a boat in England" "ভারতবর্ষের জাহাজ বিলাতের নৌকা মাত্র।" তিনি "boat" শব্দকে "bout" এইরূপ উচ্চারণ করিতেন। ১৮৪৩ অব্দে রিচার্ডসন সাহেব বিলাতে যান। ১৮৪৩ হইতে ১৮৪৮ অব্দ পর্য্যন্ত কর সাহেব প্রিন্সিপল পদে নিযুক্ত ছিলেন। আপাততঃ তাঁহাকে অতি কঠোর স্বভাব বলিয়া বোধ হইত। কিন্তু বাস্তবিক তিনি সেরূপ ছিলেন না। তাঁহার হৃদয় স্নেহার্দ্র ছিল। তিনি বিলাতে গিয়া "Domestic Economy of the Hindus" এবং "Glimpses of Ind." নামক দুইখানি পুস্তক লিখিয়াছেন। ১৮৪৬ খৃষ্টাব্দে কাপ্তেন সাহেব পুনরায় বিলাত হইতে প্রত্যাগমন করেন, ও কৃষ্ণনগর কলেজের প্রোফেশর পদে নিযুক্ত হয়েন। তৎপরে তিনি হুগলী কলেজের প্রিন্সিপল হয়েন। তৎপরে ১৮৪৮ অব্দের নভেম্বর মাসে পুনরায় হিন্দুকলেজের প্রিন্সিপল হয়েন। কৌন্সিলের মেম্বর মহাত্মা বীটন সাহেব তখন শিক্ষা সমাজের সভাপতি ছিলেন। বীটন সাহেব কলেজের অধ্যক্ষদিগকে এই অনুরোধ করেন যে কাপ্তেন সাহেবের চরিত্র মন্দ, অতএব তাঁহাকে কর্ম্মচ্যুত করা উচিত। পরে ১৮৪৯ অব্দে নভেম্বর মাসে তিনি কর্ম্মচ্যুত হয়েন। ১৮৪৯ অব্দ হইতে ১৮৫৪ পর্য্যন্ত লজ সাহেব প্রিন্সিপলের পদে অধিষ্ঠিত ছিলেন। তৎপরে প্রেসিডেন্সি কলেজ স্থাপিত হইলে সট্‌ক্লিফ সাহেব তাহার প্রিন্সিপল হয়েন। তিনি অতি সুখ্যাতির সহিত এতাবৎ কাল পর্য্যন্ত কার্য্য করিয়া আসিতেছেন। মধ্যে ১৮৫৯ ও ৬০ অব্দে সটক্লিফ সাহেব ছুটি লইলে ক্লিণ্ট সাহেব কয়েক দিবস প্রিন্সিপলের কার্য্য করিয়াছিলেন। তাঁহার সময় মেজর রিচার্ডশন সাহেব (কাপ্তেন রিচার্ডসন বিলাতে অবস্থিতি কালে "মেজর" উপাধি প্রাপ্ত হইয়াছিলেন।) পুনরায় ভারতবর্ষে আসিয়া কিছুদিনের জন্য ইংরাজী সাহিত্যের অধ্যাপকের কার্য্য করেন। অধুনাতন কালের শিক্ষকদিগের মধ্যে কাউএল সাহেব, ক্রফ্‌ট্ সাহেব, টনি সাহেব ও বাবু প্যারীচরণ সরকার বিশেষ প্রসিদ্ধ।

এক্ষণে হিন্দু অথবা প্রেসিডেন্সী কলেজের যে যে ছাত্র বিশেষ খ্যাতি লাভ করিয়াছেন তাঁহাদিগের নাম উল্লেখ করিতেছি।

প্রথম। পরলোকগত কাশীপ্রসাদ ঘোষ—ইনি একজন ইংরাজী কবি ও সুলেখক ছিলেন। ইনি ইংরাজী পদ্যে একখানি পুস্তক প্রণয়ন করেন। সে খানির নাম "Shair and other poems"। "শায়ের" পারশি শব্দ। উহার অর্থ কবি। এই কাব্যে একটী কবির

অলৌকিক জীবন বৃত্তান্ত বর্ণিত আছে। কাপ্তেন সাহেব তাঁহার সঙ্কলিত ইংরাজী কবিতার সার সংগ্রহে কাশীপ্রসাদ ঘোষ প্রণীত একটী কবিতা তুলিয়াছেন। তাহার শিরস্ক "Gold River"। তিনি বাঙ্গালী দ্বারা রীতিমত সম্পাদিত ইংরাজী সংবাদপত্রের স্থষ্টিকর্ত্তা ছিলেন। তাঁহার সম্পাদিত ইংরাজী সংবাদপত্রের নাম "Hindu Intelligencer" ছিল। তাহা সিপাইদিগের বিদ্রোহের সময় রহিত হয়।

পরলোকগত তারাচাঁদ চক্রবর্ত্তী—ইনি বিখ্যাত সদ্বক্তা জর্জ টমশনকে বিশেষরূপে সাহায্য করেন। বাবু রামগোপাল ঘোষ, বাবু প্যারীচাঁদ মিত্র ও ইনি ব্রিটিশ ইণ্ডিয়া সোসাইটী নামে একটী সভা স্থাপন করেন। তৎকালে ইংরাজী সংবাদপত্র সম্পাদকগণ বিদ্রূপ করিয়া উক্ত সভাকে তারাচাঁদ চক্রবর্ত্তীর নামে "Chuckerbutty Faction" বলিয়া ডাকিত। এই সভা ও দ্বারকানাথ ঠাকুরের সংস্থাপিত "Landholders Society" এই দুই সভা উঠিয়া গেলে বর্ত্তমান "ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েশন" সংস্থাপিত হয়। উহা সংস্থাপিত হইলে প্রথমোক্ত দুই সভার অধিকাংশ সভ্যগণ ইহার সভ্য হয়েন। তারাচাঁদ চক্রবর্ত্তী রামমোহন রায়ের একজন প্রধান সহচর ছিলেন।

বাবু চন্দ্রশেখর দেব—ইনি একজন বিলক্ষণ কৃতবিদ্য ব্যক্তি। ইনি প্রথম ডেপুটী কালেক্টর ও তৎপরে বর্দ্ধমানের মহারাজার রাজকার্য্যনির্ব্বাহক সভার মেম্বর হইয়াছিলেন। ইনি রামমোহন রায়ের নিকট ব্রাহ্মসমাজের সংস্থাপনের প্রথম প্রস্তাব করেন। ইনি অদ্যাপি জীবিত আছেন।

রেবরেণ্ড কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়—ইনি অতি সুপ্রসিদ্ধ ইংরাজী লেখক ও অতি সুবিজ্ঞ ব্যক্তি।

পরলোকগত রামগোপাল ঘোষ—ইঁহার বাগ্মিত্বশক্তি অতি প্রসিদ্ধ। বিলাতের "সন্" নামক একখানি কাগজ ইঁহাকে "ইণ্ডিয়ান ডিমস্থিনিস্" এই আখ্যা প্রদান করিয়াছিল।

পরলোকগত রসিককৃষ্ণ মল্লিক—ইনিও সেকালের একজন প্রধান সদ্বক্তা ছিলেন।

রাজা দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়—ইঁহাকে অযোধ্যার সৌভাগ্যের পুনর্জ্জন্মদাতা বলিলে অত্যুক্তি হয় না। অযোধ্যার বর্ত্তমান শ্রী সৌভাগ্যের মূল তিনি। একজন বাঙ্গালী অযোধ্যার পল্লীগ্রামে বাস করিয়া তথাকার শূরত্ব-মদ-মত্ত বীরপুরুষ ক্ষত্রিয়দিগকে যদৃচ্ছারূপে চালাইয়া অযোধ্যার উন্নতি সাধন করিয়াছেন, ইহা আমাদিগের দেশের পক্ষে অল্প গৌরবের বিষয় নহে।

বাবু রামতনু লাহিড়ী—ইনি একজন অতি সরল ও সত্যনিষ্ঠ লোক। "An honest man is the noblest work of God" ইনি এই বাক্যের জাজ্বল্যমান উদাহরণ স্বরূপ। বিখ্যাত নাটককার দীনবন্ধু মিত্র তাঁহার প্রণীত "সুরধুনী" কাব্যে বলিয়াছেন, যে, ইঁহার সংসর্গে একদিন থাকিলে দশদিন ধার্ম্মিক থাকা যায়।

পরলোকগত রাধানাথ শিকদার—ইনি গণিতবিদ্যা অতি উত্তমরূপে জানিতেন। ইনি অতি বলশালী ব্যক্তি ছিলেন। ইনি অত্যাচার সহ্য করিতে পারিতেন না। এ নিমিত্ত

দুষ্টস্বভাব ইংরাজদিগের সহিত তাঁহার বনিত না। সর্ব্বদা তাহাদিগের সহিত তাঁহার মুষ্টিযুদ্ধ হইত। ইনি বাবু প্যারীচাঁদ মিত্রের সহায়তায় "মাসিক পত্রিকা" প্রকাশ করিয়া পণ্ডিতী ভাষার পরিবর্ত্তে অত্যন্ত সহজ ভাষায় রচনা করিবার দৃষ্টান্ত প্রথম প্রদর্শন করেন।

বাবু প্যারীচাঁদ মিত্র—ইনি বাঙ্গালা ভাষার হাস্যকর উপন্যাসের সৃষ্টিকর্ত্তা। ইনি এ প্রকার উপন্যাস প্রণয়নে ফিলডিংএর ন্যায় ক্ষমতা প্রদর্শন করিয়াছেন। কিন্তু ফিলডিংএর অশ্লীলতা ইঁহার রচিত গ্রন্থে নাই। তাহা নীতিগর্ভ উপদেশে পরিপূর্ণ।

অনরেবল দিগম্বর মিত্র—ইনি আমাদের দেশের একজন প্রধান রাজনীতিজ্ঞ ব্যক্তি।

বাবু দেবেন্দ্রনাথ ঠাকুর—ইনি আমাদিগের দেশের বর্ত্তমান ধর্ম্মসংস্কারদিগের মধ্যে সর্ব্বপ্রধান। ইনি অতি ধার্ম্মিক ব্যক্তি ও সকলেরই শ্রদ্ধাভাজন।

পরলোকগত রমাপ্রসাদ রায়—ইনি রামমোহন রায়ের কনিষ্ঠ পুত্র ও একজন বিখ্যাত উকীল ছিলেন ও এতদ্দেশীয়দিগের মধ্যে হাইকোর্টের বিচারপতি পদে প্রথম নিযুক্ত হয়েন। ইনি মৃত্যুকালে ঐ কর্ম্মের নিয়োগপত্র প্রাপ্ত হইয়াছিলেন। তাহা প্রাপ্ত হইয়া বলিয়াছিলেন, "আমি এক্ষণে উচ্চতর বিচারালয়ের সম্মুখে যাইতেছি। এ পত্রে আমার কি হইবে?"

পরলোকগত দুর্গাচরণ বন্দোপাধ্যায়—ইনি অতি প্রসিদ্ধ ডাক্তার ছিলেন।

পরলোকগত কিশোরীচাঁদ মিত্র—ইনি ইংরাজীতে সুলেখক ছিলেন।

পরলোকগত মাইকেল মধুসূদন দত্ত—ইনি বিখ্যাত কবি ও নাটককার। অনেকে ইঁহাকে বাঙ্গালার কবিদিগের মধ্যে সর্ব্বপ্রধান কবি বলিয়া জ্ঞান করেন।

বাবু প্যারীচরণ সরকার—ইনি আমাদিগের দেশের একজন সুপ্রসিদ্ধ শিক্ষক ও সুরাপান নিবারণী সভার সৃষ্টিকর্ত্তা। ইঁহার সাধুচেষ্টা সম্পূর্ণরূপে বিফল হয় নাই।

বাবু প্রসন্নকুমার সর্ব্বাধিকারী—ইনি অতি বিদ্বান্ ব্যক্তি ও বাঙ্গালা ভাষায় গণিতশাস্ত্র সম্বন্ধীয় উত্তম উত্তম পুস্তক প্রণয়ন করিয়াছেন। ইনি সংস্কৃত কলেজের বর্ত্তমান অধ্যক্ষ।

বাবু ভূদেব মুখোপাধ্যায়—ইনি বাঙ্গালা ভাষায় গম্ভীর উপন্যাসের সৃষ্টিকর্ত্তা। ইনি অতি দক্ষতা ও সুখ্যাতির সহিত স্কুল ইন্সপেক্টরী কার্য্য করিতেছেন।

পরলোকগত দ্বারকানাথ মিত্র—ইনি হাইকোর্টের বিচারপতি ছিলেন। ইঁহার ন্যায় প্রখর বুদ্ধিশক্তি সম্পন্ন ব্যক্তি অতি বিরল। ইঁহার বিচারদক্ষতা দেখিয়া ইংরাজগণ চমৎকৃত হইতেন।

বাবু কেশবচন্দ্র সেন—ইনি আমাদিগের দেশের একজন প্রসিদ্ধ ধর্ম্মসংস্কারক। কেশববাবুর যে দোষ থাকুক না কেন, তিনি একজন ক্ষমতাপন্ন ও ধর্ম্মোৎসাহী ব্যক্তি, ইহা অবশ্য স্বীকার করিতে হইবে। তিনি বিলাতে যাহা বলিয়াছেন, তাহার অনেক বাক্য অনুমোদন করা যাইতে পারে না। তথাপি একজন বাঙ্গালী আমাদিগের রাজপুরুষদিগের দেশে গিয়া তথায় ধর্ম্মবিষয়ে একটী সাধারণ আন্দোলন উদ্রিক্ত করিতে সক্ষম হইয়াছিলেন, ইহা আমাদের দেশের পক্ষে অল্প গৌরবের বিষয় নহে।

পরলোকগত দীনবন্ধু মিত্র—ইনি বিখ্যাত নাটককার। ইনি বঙ্গভাষায় অনেক ভাল ভাল নাটক লিখিয়া বঙ্গীয় সাহিত্যের অনেক উপকার সাধন করিয়াছেন।

ডাক্তার মহেন্দ্রলাল সরকার—ইনি একজন অতি প্রসিদ্ধ ডাক্তার ও স্বদেশে ইউরোপীয় বিজ্ঞান-জ্ঞান বিস্তারের নিমিত্ত বিশেষ যত্নবান।

বাবু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়—ইনি বঙ্গভাষায় উৎকৃষ্ট উপন্যাস সকল প্রণয়ন করিয়া অতুল খ্যাতি লাভ করিয়াছেন।

বাবু হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়—ইনি বঙ্গভাষায় একজন বিখ্যাত কবি।

বাবু নীলাম্বর মুখোপাধ্যায়—ইনি কাশ্মীরের প্রধান বিচারপতি। বাঙ্গালীদিগের কতদূর রাজনীতিজ্ঞতা ও সচীবকার্য্যে দক্ষতা হইতে পারে, তাহা রাজা দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায় ও বাবু নীলাম্বর মুখোপাধ্যায়ের দৃষ্টান্ত দ্বারা প্রমাণিত হইতেছে।

বাবু আনন্দমোহন বসু, র‍্যাঙ্গলার—ইনি কলেজে অধ্যয়ন পূর্ব্বক বিলাতে গমন করিয়া কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন এবং তথায় র‍্যাঙ্গলার উপাধি প্রাপ্ত হয়েন। কোন বাঙ্গালী অদ্যাবধি এই উপাধি প্রাপ্ত হয়েন নাই। ইনি ইংলণ্ডে ব্যারিষ্টর পদ প্রাপ্ত হইয়া ভারতবর্ষে প্রত্যাগমন করিয়াছেন।

সময়াভাবে অন্যান্য ছাত্রগণের নাম করিতে অক্ষম হইলাম। হয়ত এমন হইতে পারে যে, আমি যাঁহাদিগের নাম উল্লেখ করিলাম, তাঁহাদিগের তুল্য বা তাঁহাদিগের অপেক্ষা শ্রেষ্ঠ ব্যক্তির নাম করিতে ভুলিয়া গিয়াছি।

হিন্দু কলেজের আদর্শে হুগলী কলেজ, ঢাকা কলেজ প্রভৃতি বিদ্যামন্দির প্রতিষ্ঠিত হইয়া ইংরাজী শিক্ষার বিলক্ষণ বিস্তার হইয়াছে। ইংরাজী শিক্ষা দ্বারা অতি শুভ ফল উৎপন্ন হইয়াছে। কিন্তু ইংরাজী শিক্ষার প্রকৃত ফল এখনও ফলে নাই। ইংরাজী শিক্ষার প্রকৃত ফল তখন ফলিবে, যখন ইংরাজদিগের ন্যায় আমরা শারীরিক বল লাভ করিব, সাহসী হইব, অধ্যবসায়শীল ও দৃঢ়প্রতিজ্ঞ হইব এবং স্বাধীনতা প্রিয় হইব। ইংরাজী শিক্ষার প্রকৃত ফল তখন ফলিবে, যখন আমরা স্বাধীনরূপে কলেজ সকল সংস্থাপন করিতে সক্ষম হইব, খৃষ্টান বিবিদিগের উপর নির্ভর না করিয়া স্বাধীন স্ত্রীশিক্ষা প্রণালী অবলম্বন করিব, কবিতা ও উপন্যাস ইংরাজী অনুকরণে পরিপূর্ণ না করিয়া আমাদের নিজের প্রকৃতিগত ক্ষমতাকে স্ফূর্ত্তি প্রদান করিব, স্বাধীন রূপে বিজ্ঞান শাস্ত্রীয় গবেষণা ও আবিষ্ক্রিয়া করিতে সক্ষম হইব, স্বাধীনরূপে উপজীবিকা আহরণ করিব, অর্থাৎ শিল্প বাণিজ্যে প্রবৃত্ত হইব, ইংরাজী রীতিনীতি অন্ধরূপে অনুকরণ না করিয়া জাতীয় প্রথা যতদূর রক্ষা করিতে পারি তাহা রক্ষা করিয়া নূতন সমাজ গঠন করিতে সমর্থ হইব এবং কেবল গবর্ণমেণ্টের নিকট বালকবৎ রোদন না করিয়া আমাদিগের রাশ্ এরূপ ভারী করিয়া তুলিব যে, গবর্ণমেণ্ট আমাদিগের আবেদন গ্রাহ্য না করিয়া কখনই থাকিতে পারিবেন না।

অদ্যকার সম্মিলন অতিশুভ ঘটনা। ইহার দ্বারা অন্য কোন উপকার যদি না হয়

অন্ততঃ এই উপকার তো হইল যে, আযৌবন-পরিচিত সেই সকল পুরাতন মুখশ্রী অদ্য আমরা দেখিতে পাইলাম। সেই সকল মুখশ্রী সন্দর্শন করিয়া জীবনের সেই অতি সুখদ পরম মনোহর কাল স্মরণ হইতেছে, যখন আমরা এক বেঞ্চে উপবিষ্ট হইয়া এক শিক্ষকের নিকট শিক্ষালাভ করিতাম। ইহা অল্প আহ্লাদের বিষয় নহে। এই সম্মিলন প্রকাশ করিতেছে যে আমাদিগের চিত্ত কেবল সামান্য অর্থ চিন্তায় বদ্ধ নহে—তাহা কেবল সামান্য অন্নপানের জন্য ব্যস্ত নহে। ইহাতে প্রদর্শন করিতেছে যে আমাদিগের জ্ঞানের জন্য ক্ষুধা ও সৌহার্দ্দ রস পানের জন্য পিপাসা আছে। বৎসর বৎসর এই প্রকার সম্মিলন দ্বারা ভবিষ্যতে কি উপকার হইবে তাহা কে বলিতে পারে? এতগুলি কৃতবিদ্য ব্যক্তি একত্র হইলে যে কোন সৎ প্রসঙ্গ ও সৎ প্রস্তাব উত্থিত হইবে না, ইহা অতি অসম্ভব। সেই সকল সৎ-প্রসঙ্গ ও সৎ-প্রস্তাব হইতে ভবিষ্যতে কি ফল ফলিবে তাহা কে জানে? অবশেষে সম্মিলনের প্রধান উদ্যোগকর্ত্তাদিগকে ও সকল সাধারণ অনুষ্ঠানে উৎসাহী যে রাজভ্রাতৃদ্বয় এই শোভন উদ্যান বর্ত্তমান অনুষ্ঠান জন্য প্রদান করিয়াছেন, তাঁহাদিগকে ধন্যবাদ দিয়া এবং ঈশ্বরের নিকট জ্ঞানাহার ও সৌহার্দ্দ-রসামৃত পানের* একটী প্রধান উপায় এই সম্মিলনের স্থায়ীত্ব জন্য প্রার্থনা করিয়া বক্তৃতা সমাপন করিতেছি।†

* "Feast of reason and flow of soul."

† এই হিন্দু কলেজের পুরাবৃত্ত আমাদের মাননীয় বন্ধু শ্রীযুক্ত বাবু হরমোহন চট্টোপাধ্যায় মহাশয়ের লিখিত ঐ কলেজের পুরাবৃত্তের পাণ্ডুলিপি এবং তাঁহার মুখে যাহা শুনিয়াছি এবং আমি যাহা নিজে জানি, তাহা অবলম্বন করিয়া সঙ্কলিত হইল। হরমোহন বাবুর পুরাবৃত্ত ডিরোজিওর সময় পর্য্যন্ত আসিয়াছে। হরমোহন বাবু কলেজের সত্য, ত্রেতা, দ্বাপর, কলি, এই চারি যুগেরই ইতিহাস বিশেষরূপে জানেন। আমরা ভরসা করি, তিনি কলেজের সম্পূর্ণ পুরাবৃত্ত প্রণয়ন ও প্রকাশ করিয়া সাধারণবর্গকে পরিতৃপ্ত করিবেন।

[আমি অতিশয় দুঃখের সহিত পাঠকবর্গকে জ্ঞাপন করিতেছি যে, এই বক্তৃতার দিবস হইতে এক বৎসরের মধ্যে শ্রীযুক্ত হরমোহন বাবু তাঁহার বন্ধুদিগকে শোকাকুল করিয়া পরলোক গমন করিয়াছেন।]

# আচার্য জগদীশচন্দ্র বসু

## অধ্যাপক শ্রীচারুচন্দ্র ভট্টাচার্য

### প্রেসিডেন্সি কলেজে অধ্যাপনা ও গবেষণা

চার বছর বিদেশে থেকে জগদীশচন্দ্র দেশে ফিরলেন। এখন তিনি কলকাতা, কেমব্রিজ ও লণ্ডন এই তিনটি বিশ্ববিদ্যালয়ের উপাধিধারী।

জগদীশচন্দ্রের ভগ্নীপতি ছিলেন সুবিখ্যাত ব্যারিষ্টার আনন্দমোহন বসু। বিলাতে অর্থনীতিবিশারদ অধ্যাপক ফসেট তখন পোষ্টমাষ্টার জেনারেল। আনন্দমোহন বসুর সঙ্গে ফসেটের বিশেষ হৃদ্যতা ছিল, ফসেট জগদীশচন্দ্রকে বিশেষ স্নেহ করতেন। দেশে ফেরবার আগে জগদীশচন্দ্রকে একদিন ফসেট ডেকে পাঠালেন, আর ভারতের বড়লাট লর্ড রিপনকে একখানা পরিচয়পত্র দিলেন। ভারতে পৌঁছে এই পরিচয়পত্র নিয়ে শিমলায় লর্ড রিপনের সঙ্গে জগদীশচন্দ্র দেখা করলেন। শিক্ষা বিভাগে একটা চাকরি দেবেন বলে লর্ড রিপন প্রতিশ্রুতি দিলেন।

কলকাতায় এসে জগদীশচন্দ্র শিক্ষা বিভাগের ডিরেক্টরের সঙ্গে সাক্ষাৎ করলেন। এর আগেই ডিরেক্টর বাহাদুর রিপনের চিঠি পেয়েছেন, পেয়ে যে খুব খুশি হয়েছেন বলা যায় না। জগদীশচন্দ্রকে তিনি বললেন, আই-ই-এস-এ কোন পদ এখন খালি নেই, বি-ই-এস-এ আছে, এখন এইটে নিন, পরে আই-ই-এস্-এ যেতে পারবেন। জগদীশচন্দ্র অস্বীকার করে চলে এলেন। কিছু দিন গেল, লর্ড রিপন জগদীশচন্দ্র বসুর নিয়োগবার্তা গেজেটে দেখতে না পেয়ে বাংলা সরকারকে এই বিলম্বের কৈফিয়ৎ চাইলেন। এখন ডিরেক্টর বাহাদুর জগদীশচন্দ্রকে অস্থায়ীভাবে আই-ই-এস্-এ নিয়োগ করলেন, আর বলে দিলেন যে তাঁর কাজ সন্তোষজনক হলে তাঁকে ওই চাকরিতে পাকা করা হবে।

১৮৮৪ সালে জগদীশচন্দ্র প্রেসিডেন্সি কলেজে পদার্থবিদ্যার অধ্যাপক পদে নিযুক্ত হলেন। তখনকার দিনে আই-ই-এস্-এ একজন ভারতবাসী ওই সার্ভিসে একজন সাহেবের মাহিনার দুই-তৃতীয়াংশ মাত্র পেতেন। চাকরী নেবার পর জগদীশচন্দ্র আর একটা নিয়মের কথা জানলেন, চাকরিতে পাকা না হলে ওই কম মাহিনারও অর্ধেক দেওয়া হয়। তিনি প্রতিবাদ করে চিঠি লিখলেন, উপরওয়ালারা কর্ণপাত করলেন না। তিনি প্রেসিডেন্সি কলেজে অধ্যাপনা করতে লাগলেন, কিন্তু কম হারে বেতন নিলেন না। দীর্ঘ তিন বছর এই ভাবে চলল। পিতা জীবিত, কিন্তু তাঁর আর্থিক অবস্থা সচ্ছল নয়। সেই সময় তিন তিন বছর মাহিনা না পাওয়া যে কি, তা বিশেষ ভাবে উপলব্ধি করতেন তাঁর নবপরিণীতা স্ত্রী। কিন্তু এই মহীয়সী নারী ছিলেন স্বামীর 'সচিব, সখী, প্রিয়শিষ্য'; স্বামীর তেজস্বিতায় মুগ্ধ হতেন, তাঁকে নিরন্তর উৎসাহ দিতেন।



আচার্য্য স্যার জগদীশচন্দ্র বসু

জগদীশচন্দ্রের ছাত্রসম্প্রদায়ের মধ্যে যাঁরা জীবিত আছেন তাঁরা আজও শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন জগদীশচন্দ্রের অধ্যাপনা কিরূপ হৃদয়গ্রাহী ও প্রাণস্পর্শী ছিল। নিয়োগের তিন বছর পরে শিক্ষাবিভাগের ডিরেক্টর ক্রফ্ট সাহেব ও প্রেসিডেন্সি কলেজের অধ্যক্ষ টনি সাহেব জগদীশচন্দ্রের অধ্যাপনার কৃতিত্বের কথা অবগত হয়ে তাঁকে তাঁর নিয়োগের প্রথম দিন থেকে চাকরিতে পাকা করে নিলেন। এক সঙ্গে তিনি তিন বছরের বেতন পেলেন। একই চাকরিতে ভারতীয় ও বিদেশীর মধ্যে মাহিনার তারতম্য, ভারতীয় হলে বিদেশীর দুই-তৃতীয়াংশ পাবে, এই অহেতুকী অমর্যাদাকর ব্যবস্থা তখনও রয়ে গেল। এ দূর করতে পরে জগদীশচন্দ্র অনেক চেষ্টা করেছিলেন, আর তাঁরই চেষ্টার ফলে ভবিষ্যতে তাঁর দেশবাসীর এই অসম্মান দূরীভূত হয়।

এর বহুদিন পরের একটা ঘটনার কথা এখানে উল্লেখ করি। ১৯১৩ সাল; পাবলিক সার্ভিস কমিশনে সাক্ষ্য দেবার জন্য নিমন্ত্রিত হয়েছেন। যথা নিয়মে সাড়ে দশটায় কলেজে এসেছেন, সেখান থেকে সাক্ষ্য দিতে যাবেন। দেখলাম, তাঁর হাতে একখানা কাগজ রয়েছে, তাতে বড়ো বড়ো করে লেখা—চোটো না। কাছে গিয়ে ব্যাপারটা কি জিজ্ঞাসা করলাম। বললেন, কাল সন্ধ্যেয় গোখলে আমাদের বাড়ি এসেছিলেন, তিনি বললেন যে কমিশনের সভ্যেরা আমাকে চটিয়ে দিয়ে যা-তা বলিয়ে নেবে। তাই এই কাগজখানা আমি সব সময় সামনে ধরে রাখব। সাক্ষ্যে, শিক্ষাবিভাগে উপযুক্ত ভারতবাসীর পরিবর্তে কম উপযুক্ত বিদেশী নিয়োগে তিনি তীব্র মন্তব্য করেন। তাঁকে জিজ্ঞাসা করা হয়, একজন ভারতবাসী অপেক্ষা একজন সাহেবের বেশি মাহিনার প্রয়োজন হয় কি না। তিনি তৎক্ষণাৎ উত্তর দেন, আমাদের বেশি মাহিনা দিলে আমরাও আহাম্মকের মতো বেশি খরচ করতে পারি। তিনি পরে বেশি মাহিনাই পেয়ে এসেছেন, কিন্তু সে মাহিনার বেশির ভাগই রয়ে গেল দেশবাসীর মধ্যে। কোনরূপ অপরিচ্ছন্নতা তিনি দেখতে পারতেন না, কিন্তু বাবুয়ানি তাঁর ছিল না, জীবনযাত্রা ছিল অতি সরল। আহার ছিল অতি মোটামুটি রকমের। শ্রদ্ধেয় রামানন্দ চট্টোপাধ্যায় এক জায়গায় লিখেছেন,—"একবার তিনি বিদেশ থেকে ফিরে এসেছেন, আমরা তাঁকে প্রণাম করতে গিয়েছি। তখন অপরাহ্ণের জলযোগের সময়। উৎকৃষ্ট মিষ্টান্ন এল। তিনি বললেন, এসব রাখ, মুড়ি আর কাঁচালঙ্কা নিয়ে এস।" আচার্যের প্রায় সতের লক্ষ টাকার সম্পত্তির মধ্যে বসুবিজ্ঞান মন্দিরের ট্রাস্টিদের হাতে তের লক্ষ টাকার সম্পত্তি ন্যস্ত আছে। বাকি চার লক্ষ টাকা তিনি বিভিন্ন প্রতিষ্ঠানকে দান করবার বাসনা করেন। তালিকাও প্রস্তুত হল। কিন্তু হঠাৎ তিনি চিরবিদায় নিলেন। তাঁর মহীয়সী সহধর্মিণী স্বামীর পারলৌকিক ক্রিয়ার সঙ্গে সঙ্গেই স্বামীর ইচ্ছা অনুযায়ী সেই সমস্ত টাকাটা দান করেন।

আগের কথায় আসা যাক। ১৮৮৭ সালে হার্জ বিদ্যুত্তরঙ্গ সৃষ্টি করে বিজ্ঞানের এক নতুন দিক খুলে দেন। জগদীশচন্দ্র প্রেসিডেন্সি কলেজের ছাত্রদের হার্জের যন্ত্র দেখাতে দেখাতে লক্ষ্য করলেন, ওই যন্ত্রের অনেক অপূর্ণতা রয়েছে। তিনি নতুন যন্ত্র তৈরি করতে লেগে

গেলেন। তখন প্রেসিডেন্সি কলেজে যন্ত্রনির্মাণ কারখানা ব'লে কিছুই নেই। ঠিকা মিস্ত্রী লাগিয়ে, নিজে খেটে ১৮৯৪ সালে তিনি এক সূক্ষ্ম যন্ত্র তৈরি করলেন, আর তা দিয়ে কতকগুলি নতুন বৈজ্ঞানিক তথ্য আবিষ্কার করলেন। এই তথ্যগুলি পাশ্চাত্য দেশের বৈজ্ঞানিক পত্রিকায় প্রকাশিত হল, সেথানকার বিদ্বন্মণ্ডলী চমৎকৃত হলেন। জগদীশচন্দ্র লণ্ডন বিশ্ববিদ্যালয়ের বি-এস-সি পাস করেছিলেন, তাঁর এই গবেষণার ফলে ওই বিশ্ববিদ্যালয় তাঁকে ডি-এস-সি উপাধিতে ভূষিত করলেন। ওই সালে নভেম্বর মাসে প্রেসিডেন্সি কলেজে তিনি এক পরীক্ষা করলেন। আচার্য প্রফুল্লচন্দ্রের ঘরে বৈদ্যুতিক তরঙ্গ উদ্ভূত হল, মাঝের দরজা বন্ধ। সে দরজা রক্ষা করছেন সেণ্ট জেভিয়ারস্ কলেজের তাঁর পূর্বতন অধ্যাপক ফাদার লাফোঁ। বৈদ্যুতিক তরঙ্গ ছুটল, ঘর ভেদ করে পাশে অধ্যাপক পেডলারের ঘরে এসে একটা পিস্তল ছুঁড়ল। পৃথিবীতে বিনা তারে বার্তা প্রেরণের সূচনা হল।

এর কিছু দিন পরে জগদীশচন্দ্র তাঁর অধ্যাপকের কাছ থেকে এই চিঠিখানা পান।—

My dear Jagadish,

I would like to give a public lecture at St. Xavier's College Hall on "Telegraphy without wires", but as the instruments you so kindly gave are not in working order and as I would like to take this opportunity to vindicate your rights to priority over Marconi, would you assist me in my lecture with your presence and work your own instruments. Let me know as soon as possible as I intend inviting the Lieutenant Governor……

Very sincerely yours

E. Lafont S. J.

বাইরে জগদীশচন্দ্রের কাজ প্রশংসিত হওয়ায় বাংলার লাট সাহেবের দৃষ্টি এদিকে আকৃষ্ট হল। তিনি জগদীশচন্দ্রের জন্য এক নতুন পদের সৃষ্টি করতে সংকল্প করলেন। এ পদের মাহিনা হবে বেশি, কাজ হবে গভর্ণমেণ্টের অধীন কলেজ সমূহের বিজ্ঞানাগারগুলি ভালো-ভাবে গঠিত করা, আর প্রেসিডেন্সি কলেজে অল্প সংখ্যক ছাত্রকে বৈজ্ঞানিক গবেষণায় প্ররোচিত করা। সমস্ত ঠিক ঠাক, জগদীশচন্দ্রকে মুখে জানান হল যে, শীঘ্রই তিনি সরকারী পত্র পাবেন।

কিন্তু ঠিক এই সময় একটা ঘটনা ঘটল যাতে অতদূর অগ্রসর হবার পরও ব্যাপারটা একেবারে বাতিল হয়ে গেল। জগদীশচন্দ্র তখন কলকাতা বিশ্ববিদ্যালয়ের একজন সদস্য, অবশ্য সরকার কর্তৃক মনোনীত। বিশ্ববিদ্যালয়ের এক সভায় অন্য সরকারী কর্মচারীরা যেদিকে ভোট দিলেন জগদীশচন্দ্র তার বিরুদ্ধ দিকে ভোট দিলেন। কিছুদিন পরে বিশ্ববিদ্যালয়ের আর

এক সভায় জগদীশচন্দ্রকে উপস্থিত থাকবার জন্য, আর উপস্থিত থেকে সরকারী পক্ষে ভোট দেবার জন্য জানান হল। জগদীশচন্দ্র সভায় উপস্থিত হলেন না। তাঁর কৈফিয়ৎ তলব করা হল। তিনি উত্তর দিলেন যে, বিশ্ববিদ্যালয়ের কাজে তাঁর বিবেকের বিরুদ্ধে সরকারের আদেশ মতো যদি ভোট দিতে হয় তবে যত শীঘ্র সম্ভব বিশ্ববিদ্যালয়ের সদস্য পদ থেকে তাঁকে যেন মুক্তি দেওয়া হয়। ব্যাপারটা লাট সাহেবের গোচরে আনা হল, লাট সাহেব জগদীশচন্দ্রের যুক্তির সারবত্তা হৃদয়ঙ্গম করলেন। কিন্তু শিক্ষা বিভাগের বাধার বিরুদ্ধে জগদীশচন্দ্রকে নতুন পদে নিযুক্ত করতে পারলেন না। লাট সাহেব ছ মাসের জন্য জগদীশচন্দ্রকে পাশ্চাত্য দেশে পাঠাবার ব্যবস্থা করলেন।

ইংলণ্ডে কয়েকটি স্থানে তিনি বক্তৃতা দিলেন। লর্ড কেলভিন, লর্ড লিস্টার, স্যার উইলিয়ম রামসে প্রমুখ বিজ্ঞানীরা ভারতবর্ষের সেক্রেটারি অব্-স্টেটের কাছে আবেদন করলেন যে কলকাতা প্রেসিডেন্সি কলেজে যেন একটি গবেষণাগার প্রতিষ্ঠা করা হয়। তাঁর ডেপুটেশন-কাল বাড়িয়ে দেওয়া হল। এই সময় রবীন্দ্রনাথ লিখে পাঠালেন,—

বিজ্ঞান-লক্ষ্মীর প্রিয় পশ্চিম মন্দিরে
দূর সিন্ধুতীরে,
হে বন্ধু, গিয়েছ তুমি ; জয়মাল্যখানি
সেথা হ'তে আনি'
দীনহীনা জননীর লজ্জানত শিরে
পরায়েছ ধীরে।...
আজি মাতা পাঠাইছে—অশ্রুসিক্ত বাণী
আশীর্বাদখানি
জগৎ সভার কাছে অখ্যাত অজ্ঞাত
কবিকণ্ঠে, ভ্রাতঃ!
সে বাণী পশিবে শুধু তোমারি অন্তরে—
ক্ষীণ মাতৃস্বরে!

ফিরে এসে জগদীশচন্দ্র আবার তাঁর কাজে লাগলেন। এখন তিনি জড় ও জীবের সাড়া সম্বন্ধে অনুসন্ধানে রত হলেন। ১৯০০ সালে প্যারিসে এক বিরাট প্রদর্শনীর আয়োজন হয় আর সেই উপলক্ষে পদার্থবিদ্যা সম্বন্ধে এক আন্তর্জাতিক কংগ্রেসের অধিবেশন হবে স্থির হয়। বাংলা সরকার ও ভারত সরকারের প্রতিনিধি হয়ে জগদীশচন্দ্র সেই কংগ্রেসে যোগ দিলেন। এখানে তাঁর বক্তৃতা লোকে কিভাবে নিয়েছিল তা স্বামী বিবেকানন্দের একখানি চিঠি থেকে বুঝা যাবে।

"...এ জার্মান, ফরাসী, ইংরাজ, ইতালী প্রভৃতি বুধমণ্ডলীমণ্ডিত মহারাজধানীতে তুমি কোথায় বঙ্গভূমি? কে তোমার নাম নেয়? কে তোমার অস্তিত্ব ঘোষণা করে? সে

গৌরবর্ণ প্রতিভামণ্ডলীর মধ্য হতে এক যুবা যশস্বী বীর বঙ্গভূমির, আমাদের মাতৃভূমির নাম ঘোষণা করিলেন—সে বীর জগৎ প্রসিদ্ধ বৈজ্ঞানিক, ডাক্তার জে, সি, বোস। একা, যুবা বাঙ্গালী বৈদ্যুতিক, আজ বিদ্যুৎবেগে পাশ্চাত্যমণ্ডলীকে নিজের প্রতিভা মহিমায় মুগ্ধ করিলেন, —সে বিদ্যুৎ-সঞ্চার মাতৃভূমির মৃতপ্রায় শরীরে নবজীবন-তরঙ্গ সঞ্চার করিল।…"

এবার ফিরে এসে তিনি প্রাণী ও উদ্ভিদের দৈহিক ক্রিয়া যে একই ভাবে সম্পাদিত হয় সে সম্বন্ধে পুঙ্খানুপুঙ্খ গবেষণা আরম্ভ করলেন। গবেষণার ফল দুখানি পুস্তকে প্রকাশিত হল। পাশ্চাত্য দেশের বিজ্ঞানীরা বললেন, ডক্টর বসুর কথা মেনে নিতে হলে তাঁকে নিজে ওই সব পরীক্ষা দেখিয়ে যেতে হবে। ১৯০৭ সালে ভারত সরকার তৃতীয়বার তাঁকে পাশ্চাত্য দেশে পাঠালেন। ইংলণ্ডে ও আমেরিকায় তাঁর পরীক্ষাগুলি দেখিয়ে দেশে ফিরে এলেন। উদ্ভিদ সম্বন্ধে নানা গবেষণা চলতে লাগল। ১৯১৪ সালে পৃথিবীর বিভিন্ন বৈজ্ঞানিক প্রতিষ্ঠানে তাঁর নতুন নতুন আবিষ্কার দেখাবার জন্য তিনি চতুর্থবার বিদেশে প্রেরিত হলেন। এই উপলক্ষে জগদীশচন্দ্র লণ্ডন, অক্সফোর্ড, কেম্ব্রিজ, প্যারিস, ভিয়েনা, হার্ভার্ড, নিউইয়র্ক, ওয়াসিংটন, ফিলাডেলফিয়া, চিকাগো, কালিফোর্ণিয়া, টোকিও প্রভৃতি স্থানে বিদ্বন্মণ্ডলীর কাছে তাঁর গবেষণালব্ধ বিভিন্ন পরীক্ষা প্রদর্শন করালেন। প্রতি জায়গায় প্রবল প্রতিদ্বন্দ্বীরা তাঁর ত্রুটী দেখাবার জন্য উপস্থিত ছিলেন। শেষ অবধি তাঁর সিদ্ধান্তগুলি জয়যুক্ত হল।

ফিরে আসবার পর তাঁর দেশবাসী বহু জনসভায় তাঁকে যে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করল কবি সত্যেন্দ্রনাথ দত্তের ভাষায় তা পরিস্ফুট হল।

জ্ঞানের মণিপ্রদীপ নিয়ে ফিরিছ কে গো দুর্গমে,
হেরিছ এক প্রাণের লীলা জন্তু জড় জঙ্গমে।
অন্ধকারে নিত্য নব পন্থা কর আবিষ্কার,
সত্য-পথ-যাত্রী ওগো তোমায় করি নমস্কার।

১৯১৩ সালে সরকারি চাকরি থেকে অবসর নেবার কথা। সরকার তাঁর কার্যকাল আরও দু'বছর বাড়িয়ে দিলেন। ১৯১৫ সালে যেদিন তাঁর কার্যকাল শেষ হল সেদিন থেকে তিনি যে বেতন তখন পাচ্ছিলেন সেই পুরা বেতনে গভর্ণমেণ্ট তাঁকে প্রেসিডেন্সি কলেজের Emeritus Professor নিযুক্ত করলেন।

## সাহিত্যিক জগদীশচন্দ্র

জগদীশচন্দ্র বিজ্ঞান ও সাহিত্যকে পৃথক করে দেখতে চাইতেন না। তাই ১৯১১ সালে বঙ্গীয় সাহিত্য সম্মেলনে যখন তাঁকে সভাপতিত্বে বরণ করা হয় তিনি সভাপতির আসন থেকে বলেন,—

"যদিও জীবনের অধিকাংশ কাল আমি বিজ্ঞানের অনুশীলনে যাপন করিয়াছি, তথাপি সাহিত্য সম্মিলন সভার নিমন্ত্রণ গ্রহণ করিতে দ্বিধা বোধ করি নাই। কারণ আমি যাহা

খুঁজিয়াছি, দেখিয়াছি, লাভ করিয়াছি তাহাকে দেশের অন্যান্য নানা লাভের সঙ্গে সাজাইয়া ধরিবার অপেক্ষা আর কি সুখ হইতে পারে? আর এই সুযোগে আমাদের দেশের সমস্ত সত্য সাধকদের সহিত এক সভায় মিলিত হইবার অধিকার যদি লাভ করিয়া থাকি, তবে তাহা অপেক্ষা আনন্দ আমার আর কি হইতে পারে।···আমি যাঁহাকে সুহৃদ ও সহযোগী বলিয়া স্নেহ করি এবং স্বদেশীয় বলিয়া গৌরব করিয়া থাকি, সেই আমাদের দেশমান্য আচার্য শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র একদিন এই সম্মিলন সভার প্রধান আসন অলংকৃত করিয়াছেন। তাঁহাকে সমাদর করিয়া সাহিত্য সম্মিলন যে শুধু গুণের পূজা করিয়াছেন তাহা নহে। সাহিত্যের একটি উদার মূর্তি দেশের সম্মুখে প্রকাশ করিয়াছেন।"

১৮৯৪ সালে যখন বৈজ্ঞানিক গবেষণায় জগদীশচন্দ্র সম্পূর্ণরূপে নিজেকে নিয়োজিত করেছিলেন তখন রামানন্দ চট্টোপাধ্যায় সম্পাদিত 'দাসী' পত্রিকায় তাঁর প্রথম বাংলা প্রবন্ধ 'ভাগীরথীর উৎস সন্ধানে' প্রকাশিত হয়। ভাবের ও ভাষার মনোহারিত্বে এই প্রবন্ধ তখন সকলের দৃষ্টি আকর্ষণ করে। এ কি একজন খ্যাতনামা বিজ্ঞানীর লেখা? আচার্য প্রফুল্লচন্দ্র রায় রহস্য করে জগদীশচন্দ্রকে বলেন,—আপনি নিশ্চয় আপনার ভগিনীর লেখা নিজের বলে চালিয়েছেন। (জগদীশচন্দ্রের ভগিনী লাবণ্যপ্রভা দেবী সাহিত্যক্ষেত্রে তখন সুপরিচিতা)। রস-রচনায়ও জগদীশচন্দ্র সিদ্ধহস্ত ছিলেন। তাঁর এই রকম রচনা বেশি না থাকলেও একটা যা প্রকাশিত হয়েছে সাহিত্যে তা অমর হয়ে থাকবে। সেটা কেশ তৈল সম্বন্ধীয় একটা গল্প।

জগদীশচন্দ্রের বাংলা রচনাগুলি পড়ে রবীন্দ্রনাথ একদিন লিখেছিলেন,—

"বন্ধু, যদিও বিজ্ঞান-রাণীকেই তুমি তোমার সুয়োরাণী করিয়াছ তবু সাহিত্য সরস্বতী সে পদের দাবী করিতে পারিত—কেবল তোমার অনবধানেই সে অনাদৃতা হইয়া আছে।"

## দেশভক্ত জগদীশচন্দ্র

দেশের প্রতি জগদীশচন্দ্রের অনুরাগ, ভারতবর্ষকে তাঁর পূর্ব গরিমায় প্রতিষ্ঠিত করবার প্রবল আকাঙ্ক্ষা, তাঁর প্রতি কথাবার্তায়, প্রত্যেক লেখায় ফুটে উঠত।

১৯০৩ সাল। আমরা তখন এম্-এ ক্লাশে তাঁর ছাত্র। ছাত্রদের বাড়ীতে নিমন্ত্রণ করে নিয়ে গেছেন। এ রকম মাঝে মাঝে তিনি করতেন। খাবারের আয়োজন হচ্ছে। তখন ফনোগ্রাফ উঠেছে, স্বদেশী রেকর্ড তৈরী হয়েছে। ফনোগ্রাফে একটা গান দিলেন, গানের প্রথম লাইনটা এই,—মন মাঝি তোর বৈঠা নেরে, আমি আর বাইতি পারলাম না। এই লাইনটা বাজবার পর হঠাৎ বন্ধ রেখে বললেন,—তোমরা ভালো ক'রে এই গানটা শোন; একজন চাষা সমস্ত দিন মাঠে পরিশ্রম করে বাড়ি ফেরবার সময় কি গাইতে গাইতে চলেছে। গান আবার আরম্ভ হল! আমরা দেখলুম, তাঁর মুখ চোখ লাল হয়েছে; বলে উঠলেন,—আমার সব চেয়ে বড়ো দুঃখ এই যে, আমাদের যথার্থ গৌরব ভুলে গিয়ে মিছে আড়ম্বর নিয়ে আমরা ভুলে আছি। অনেক দেশ তো ঘুরে এলুম, কোন্ দেশে সভ্যতা এত নিম্নস্তর অবধি পৌঁচেছে?

১৯০১ সালে রয়াল ইন্‌ষ্টিটিউশনে এক বক্তৃতায় পাশ্চাত্য বিদ্বন্মণ্ডলীকে পরীক্ষায় দেখালেন, একখণ্ড টিন, একটা গাছের ডগা ও একটা ব্যাঙের পেশী বাইরের উত্তেজনায় একই ভাবে সাড়া দিচ্ছে। সেই বক্তৃতার উপসংহারে তিনি বললেন,—

"আলোকে ভাসন্ত ধূলিকণা, পৃথিবীর অগণিত জীব ও আকাশে দীপ্যমান অসংখ্য সূর্যের মধ্যে এক বিরাট ঐক্য যখন লক্ষ্য করলাম, তখন আমার পূর্বপুরুষ তিন হাজার বছর আগে ভাগীরথীর তীরে যে মহান সত্য উচ্চারণ করেছিলেন তার কিয়দংশ আমার হৃদয়ঙ্গম হল, —বিশ্বের এই নিয়ত পরিবর্তনশীল অনন্ত বৈচিত্র্যের মধ্যে যারা সেই এককে দেখে, সত্য শুধু তারাই পায়, আর কেউ নয়, আর কেউ নয়।"

জীবনের অধিকাংশ দিন জগদীশচন্দ্র শহরে কাটিয়েছিলেন। সুসভ্য পাশ্চাত্য দেশের বহু স্থান তিনি ঘুরে এসেছিলেন। দেশের কোটী কোটী অনশনক্লিষ্ট, পতিত, অস্পৃশ্য জাতির সহিত তাঁহার সাক্ষাৎ সম্বন্ধ ছিল না; কিন্তু ইহাদিগকে তিনি দেশের মেরুদণ্ড বলে মনে করতেন। একখানা চিঠিতে লিখছেন।—

"ছেলেবেলার সখ্যতা হেতু ছোট জাতি বলিয়া যে এক স্বতন্ত্র শ্রেণীর প্রাণী আছে এবং হিন্দু-মুসলমানের মধ্যে যে এক সমস্যা আছে তাহা বুঝিতেও পারি নাই। সেদিন বাঁকুড়ার পতিত, অস্পৃশ্য জাতির অনেকে ঘোরতর দুর্ভিক্ষে প্রপীড়িত হইতেছিল। যাঁহারা যৎসামান্য আহার্য লইয়া সাহায্য করিতে গিয়াছিলেন তাঁহারা দেখিতে পাইলেন যে অনশনে শীর্ণ পুরুষেরা সাহায্য অস্বীকার করিয়া মুমূর্ষু স্ত্রীলোকদিগকে দেখাইয়া দিল। শিশুরাও মুষ্টিমেয় আহার্য পাইয়া তাহা দশজনের মধ্যে বণ্টন করিল। ইহার পর প্রচলিত ভাষার অর্থ করা কঠিন হইয়াছে। বাস্তবপক্ষে কাহারা পতিত, উহারা না আমরা? আর এক কথা। তুমি ও আমি যে শিক্ষালাভ করিয়া নিজেকে উন্নত করিতে পারিয়াছি এবং দেশের জন্য ভাবিবার অবকাশ পাইয়াছি ইহা কাহার অনুগ্রহে? এই বিস্তৃত রাজ্যরক্ষার ভার প্রকৃতপক্ষে কে বহন করিতেছে? তাহা জানিতে হইলে সমৃদ্ধিশালী নগর হইতে তোমাদের দৃষ্টি অপসারিত করিয়া দুঃস্থ পল্লীগ্রামে স্থাপন কর। সেখানে দেখিবে পঙ্কে অর্ধনিমজ্জিত, অনশনক্লিষ্ট, রোগশীর্ণ অস্থিচর্মসার এই পতিত শ্রেণীরাই ধনধান্য দ্বারা সমগ্র জাতিকে পোষণ করিতেছে।"

১৯০৭ সালের জুন মাস, দ্বিজেন্দ্রলাল তখন গয়ায় বাস করছেন, জগদীশচন্দ্র কিছুদিন সেখানে গিয়েছেন। একদিন জগদীশচন্দ্র দ্বিজেন্দ্রলালকে বললেন,—

আপনি রাণা প্রতাপ, দুর্গাদাস প্রভৃতির অনুপম চরিতাগাথা বাঙালীকে শোনাচ্ছেন বটে, কিন্তু তাঁরা বাঙালীর সম্পূর্ণ নিজস্ব সম্পত্তি বা একেবারেই আপন ঘরের জন নন। এখন এমন আদর্শ বাঙালীকে দেখাতে হবে, যাতে মুমূর্ষু-জাতটা আত্মশক্তিতে আস্থাবান হয়ে আত্মোন্নতির জন্য আগ্রহান্বিত হয়।

দ্বিজেন্দ্রলালের জীবনী লেখক বলছেন,—বলা বাহুল্য, মাতৃভূমির সুসন্তান দেশভক্ত জগদীশচন্দ্রের এই অমূল্য উপদেশ কবির অন্তরের অন্তরতম প্রদেশে গিয়া তখনই এক অভূতপূর্ব

আন্দোলন উপস্থিত করিল এবং তাহারই ফলে মহাপ্রাণ দ্বিজেন্দ্রলাল সেই দেশাত্মবোধের মহান সংগীত—বঙ্গ আমার, জননী আমার, ধাত্রী আমার আমার দেশ—রচনা করিয়া বঙ্গসাহিত্যকে ও বাঙালী জাতিকে সমৃদ্ধ ও উদ্বুদ্ধ করিয়া তুলিলেন।

দেহরক্ষার প্রায় একমাস আগে সুভাষচন্দ্র বসুর পত্রের উত্তরে জগদীশচন্দ্র লেখেন,—

যাঁহার কল্যাণে আমরা পরিপুষ্ট ও পরিবর্ধিত হইয়া আসিতেছি সেই জন্মভূমি ও জননীর মধ্যে সন্তান কি ভেদ কল্পনা করিতে পারে? জননী জন্মভূমির নামের ধ্বনি হৃদয় হইতে স্বতই উৎসারিত হইয়াছে এবং উহা আপনা আপনি সমস্ত ভারতবর্ষে ছড়াইয়া পড়িয়াছে; ইহার কারণ, ঐ ধ্বনি ভারতের অন্তর্নিহিত প্রাণকে স্পর্শ করিয়াছে।

'বন্দে মাতরম্' সংগীত জগদীশচন্দ্রকে বিশেষভাবে অভিভূত করত। তাই তাঁর দেহ যখন গিরিডি থেকে আনবার আয়োজন হয় তখন তাঁর সহধর্মিণী সমবেত জনমণ্ডলীকে তাঁর স্বামীর ওই প্রিয় গান গাইতে অনুরোধ করেন। সেই নশ্বর পার্থিব দেহ এ গান শুনতে পায় নি, কিন্তু তাঁর অবিনশ্বর আত্মা নিশ্চয়ই সুজলা সুফলা মলয়জশীতলা শস্যশ্যামলা মাতৃভূমির বন্দনাগীতিতে পরিতৃপ্তি লাভ করেছিল।

---

# এইচ, আর, জেম্‌স—স্মৃতিতর্পণ

**অধ্যাপক ডাঃ শ্রীশ্রীকুমার বন্দ্যোপাধ্যায়**

শত বর্ষ মানুষের স্বাভাবিক আয়ুকালকে অতিক্রম করে। কিন্তু কোন প্রতিষ্ঠান সম্বন্ধে এই কাল-পরিমাণ একদিকে অতীতের মূল্য নির্ধারণ করিয়া অপর দিকে ভবিষ্যৎ সম্ভাবনার দিকে আমাদের কল্পনা ও অনুমান শক্তিকে প্রসারিত করে। তাই প্রেসিডেন্সি কলেজের প্রতিষ্ঠার শত বার্ষিকী উৎসব কলেজের অতীত ও ভবিষ্যৎ উভয় দিকেই আমাদের দৃষ্টিকে পরিচালিত করিয়াছে। এই কলেজটি শুধু একটা লৌহ-ইট-কাঠে গঠিত দেহ, কতকগুলি বিধিনিষেধ নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠান মাত্র নহে। ইহার মধ্যে, জ্ঞাতসারে হউক, অজ্ঞাতসারে হউক নব্য বাঙ্গালীর মানসস্বরূপ, তাহার আদর্শ অভীপ্সার রশ্মি-সমবায়ে উদ্ভাসিত অধ্যাত্ম সত্তা জন্ম ও পরিণতি লাভ করিয়াছে। আজ শত বৎসর ধরিয়া যে বাঙলাকে আমরা চিনি, প্রাত্যহিক জীবন-যাত্রায়, সরকারী শাসন-ব্যবস্থায়, বিক্ষোভে ও অসন্তোষে, মননশীলতায় ও আদর্শ স্বপ্ন কল্পনায় আধুনিক বাঙলার যে সত্তা রূপ পরিগ্রহ করিয়াছে তাহা বহুল পরিমাণে এই কলেজেরই সৃষ্টি। কাজেই শুধু শিক্ষাপ্রতিষ্ঠানরূপে নয়, দেশের ও জাতির প্রাণকেন্দ্র ও মানস দীক্ষার গুরুগৃহরূপে এই কলেজের ইতিহাস বাঙ্গালীর আত্মপরিচয় লাভের পক্ষে অত্যাবশ্যকীয়। ইতিহাসের প্রথম পদধ্বনি ইহার বারান্দায় ও ক্লাস ঘরে ধ্বনিত

হইয়াছে। ভবিষ্যতের পূর্বাভাস ইহার গবাক্ষপথের আলোকরশ্মি ও চলতি হাওয়ার সঙ্গে প্রবেশ লাভ করিয়াছে। তরুণ মনের যে স্বপ্ন পরবর্তী বাস্তব জীবনের প্রথম বীজ বপন করে তাহা ইহারই আবহাওয়া। ছাত্রদের খেলার মাঠে, বিতর্কসভায় ও বিশ্রামাগারে প্রকাশ বেদনার প্রথম ব্যাকুলতায় রোমাঞ্চিত হইয়াছে।

প্রেসিডেন্সি কলেজের সঙ্গে আমার সম্বন্ধ ছাত্র হিসাবে দুই বৎসরের—১৯১০ হইতে ১৯১২ পর্যন্ত। স্কটিশচার্চ কলেজ হইতে বি, এ পাশ করিয়া ১৯১০ খৃষ্টাব্দে আমি প্রথম প্রেসিডেন্সি কলেজে, এম, এ ক্লাসে ভর্তি হই। সুতরাং আমার প্রত্যক্ষ পরিচয় কেবল ইংরাজী সাহিত্যের অধ্যাপক গোষ্ঠীর সহিতই ঘটিয়াছিল, অন্যান্য বিষয়ের অধ্যাপকমণ্ডলীর সহিত পরিচয়ের সৌভাগ্য হয় নাই। সে যুগের ইংরেজী অধ্যাপক গোষ্ঠীর যশঃপ্রভায় সমস্ত বাঙ্গালা দেশের দিঙ্‌মণ্ডল উদ্ভাসিত ছিল। শ্রীযুক্ত পার্শিভ্যাল ও শ্রীযুক্ত মনমোহন ঘোষ অধ্যাপনায় যে অনন্য সাধারণ প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন তাহার তুলনা ভারতের কোন প্রদেশের ইতিহাসেই মিলে না। ইঁহারা আমাদের যে ভীতিসম্ভ্রম জড়িত নিবিড় শ্রদ্ধা-ভক্তি-বিস্ময় আকর্ষণ করিয়াছিলেন তাহা কোন শিক্ষকের ভাগ্যে কদাচিৎ ঘটিয়া থাকে। ইঁহাদের ক্লাসে আসিবার নির্দিষ্ট সময়ের পূর্বে আমরা যেরূপ ঐকান্তিক আগ্রহ ও রুদ্ধশ্বাস প্রত্যাশা লইয়া তাঁহাদের আগমন প্রতীক্ষা করিতাম, তাহা বোধ হয় বর্তমান যুগে কোন জগদ্‌বিখ্যাত খেলোয়াড় বা সুপ্রসিদ্ধ চিত্রতারকার আবির্ভাবের সঙ্গেই তুলনীয়। ইঁহাদের দীপ্ত মনীষা ও কাব্যরস ব্যাখ্যা ও আস্বাদনের অপূর্ব নৈপুণ্য আমাদের অনুভূতির উপর যেন একটা সম্মোহন প্রভাব বিস্তার করিত। অধ্যাপকের খ্যাতি নির্ভর করে শুধু অধ্যাপনা কুশলতার উপর নহে। ছাত্রবৃন্দের জ্ঞান পিপাসা ও মানস প্রস্তুতির উপরও ইহা বহুলাংশে নির্ভরশীল। শিক্ষামন্দিরে একদিকে থাকিবে তরুণ শিক্ষার্থীর জ্বলন্ত উৎসাহ ও কৌতূহল—অপরপক্ষে থাকিবে এই উৎসাহকে উদ্দীপ্ত করিবার ও কৌতূহল মিটাইবার উপযোগী পাণ্ডিত্য ও মানস শক্তির সর্বাঙ্গীন, পরিপূর্ণ বিকাশ। গুরুশিষ্যে অবাধ ভাব-বিনিময় না চলিলে, শিক্ষার আদর্শ পটভূমিকা রচিত হইতে পারে না। আমাদের কালে প্রেসিডেন্সি কলেজের পাঠগৃহে এই আদর্শ পরিবেশই রচিত হইয়াছিল।

দুইজন অধ্যাপকের সহিত আমার ছাত্রজীবনে ও পরবর্তী স্তরে একটি ব্যক্তিগত স্নেহ প্রীতি শ্রদ্ধার সম্পর্ক প্রতিষ্ঠিত হইয়াছিল এবং এই দুই জন মহান্ ও উদার চরিত্র শিক্ষকের প্রতি আমার ঋণ অপরিশোধনীয়। ইঁহাদের মধ্যে প্রথম শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র ঘোষ ও দ্বিতীয় তৎকালীন অধ্যক্ষ ও ইংরাজী সাহিত্যের অধ্যাপক মিঃ এইচ্ আর জেম্‌স। অবশ্য জেম্‌স সাহেবের উদার, স্নেহশীল হৃদয়ের পরিচয় পাইয়াছিলাম ছাত্রজীবনের পরিসমাপ্তির পর ও অধ্যাপক জীবনে প্রথম প্রবেশের সময়। ছাত্রাবস্থায় অনেকটা লাজুক প্রকৃতির ছিলাম বলিয়া হয়ত অধ্যাপকবৃন্দের বিশেষ দৃষ্টি আকর্ষণ করিতে পারি নাই। মনে আছে ইংরেজি সেমিনারে জেম্‌স সাহেবের সভাপতিত্বে জর্জ ইলিয়টের উপন্যাসের উপর একটি

প্রবন্ধ পাঠ করিয়াছিলাম এবং সভাপতি প্রবন্ধটি সম্বন্ধে অনুকূল মন্তব্যই করিয়াছিলেন। সেই কাঁচা হাতের লেখাটি পরে আর খুঁজিয়া পাই নাই। তবে মনে হয় সভাপতির প্রশংসা ঠিক গুণবিচারমূলক ছিল না, ছাত্রকে উৎসাহ দিবার উদ্দেশ্য প্রণোদিত।

কলেজ ছাড়ার পরই জেম্‌স সাহেবের উদার সহৃদয়তার যে পরিচয় পাইয়াছিলাম তাহা আজীবন স্মরণ থাকিবে। এম্, এ পরীক্ষার ফল প্রকাশের পূর্বেই ১৯১২, জুলাই মাসে দেশবিশ্রুত নেতা শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও প্রথিতনামা শিক্ষাবিদ শ্রীযুক্ত জানকীনাথ ভট্টাচার্য আমাকে রিপণ কলেজে অধ্যাপকের চাকরি দিয়াছিলেন। ইতিমধ্যে সেপ্টেম্বর মাসে প্রেসিডেন্সি কলেজে একজন ইংরেজীর অধ্যাপকের পদ খালি হইল। আমি নিজেকে অনুপযুক্ত ও অভিজ্ঞতাহীন মনে করিয়া ঐ পদের জন্য আবেদন করিতে সাহস করি নাই। রিপণ ও প্রেসিডেন্সি কলেজে যে দিন পূজার ছুটি হইল, সেইদিন জেম্‌স সাহেবের সঙ্গে সাক্ষাৎ করিলাম। তিনি আমাকে জিজ্ঞাসা করিলেন যে আমি বিজ্ঞাপিত পদের জন্য আবেদন করি নাই কেন? আমি নিজের অনভিজ্ঞতা ও অনুপযুক্ততার কথা উল্লেখ করিয়া উত্তর দিলাম ও ভবিষ্যতে যদি কোন সুযোগ আসে তবে আমার কথা স্মরণ রাখিতে অনুরোধ জানাইলাম। তিনি আমি আবেদন না করার জন্য দুঃখ প্রকাশ করিলেন ও পরবর্তী সুযোগের জন্য হয়ত দুই বৎসর অপেক্ষা করিতে হইতে পারে বলিলেন। আমি তাঁহাকে ধন্যবাদ জানাইয়া চলিয়া আসিলাম।

পূজার ছুটিতে দেশের ঠিকানায় জেম্‌স সাহেবের একখানি পত্র পাইয়া আশ্চর্য হইলাম। তাহাতে তিনি লিখিয়াছেন যে তিনি আমাকে অধ্যাপক নিয়োগ করিয়াছেন ও আমি পূজার ছুটির পরে যোগ দিতে পারিব কি না জানিতে চাহিয়াছেন। ওই সঙ্গে আমার চিরহিতৈষী অধ্যাপক প্রফুল্লবাবুর পত্রে যাহা ঘটিয়াছে তাহা জানিতে পারিলাম। আমি জেম্‌স সাহেবের কক্ষ হইতে নিষ্ক্রান্ত হইবার অব্যবহিত পরেই প্রফুল্লবাবু সাহেবের ঘরে প্রবেশ করেন। মিঃ জেম্‌স তাঁহাকে আমার সম্বন্ধে জিজ্ঞাসা করেন ও বলেন "Do you know—! He has taken my breath away. There are so many who desire without deserving. He has deserved without desiring." তাহাতে প্রফুল্লবাবু ছাত্র হিসাবে আমার সুখ্যাতি করিয়া আমি দরখাস্ত করি নাই এই নিয়মতান্ত্রিক ত্রুটি উপেক্ষা করিয়া আমাকে নিয়োগ করা সম্বন্ধে বিবেচনা করিতে অনুরোধ করেন। জেমস্ সাহেব তখনই দার্জিলিংএ শিক্ষা বিভাগের অধ্যক্ষের নিকট আমার নাম সুপারিশ করিয়া পত্র দেন ও পূর্বের নিয়োগ বাতিলের জন্য অনুরোধ করেন। D. P. I. এর অনুমোদন আসিলে আমাকে পূর্বোক্তরূপ পত্র দেন।

তাঁহার উদার স্নেহশীলতার ধারা এখানেই শুকাইয়া যায় নাই। আমি তাঁহার পত্রের উত্তরে মৃদু আপত্তি জানাইয়া বলি যে হয়ত রিপণ কলেজের কর্তৃপক্ষ বৎসরের মাঝামাঝি আমাকে ছাড়িতে চাহিবেন না। তাহার উত্তরে তিনি সঙ্গেসঙ্গে লিখিলেন যে আমাকে

তাহার জন্য ভাবিতে হইবে না—[illegible]
জন্য লিখিবেন। আমি কার্যে যোগ [illegible]
দেখাইলেন ও বলিলেন যে অধ্যক্ষ [illegible]
সেই বৎসরটি আমি দুই কলেজেই [illegible]
অনুরোধ করিয়াছেন।

এই লাল ফিতায় বাঁধা [illegible]
করিয়া, কেবল তাঁহার কলেজের উপকারার্থে [illegible]
অসাধারণত্ব ও কলেজ সম্বন্ধে ব্যক্তিগত [illegible]
জেম্‌স সাহেবের মত এরূপ অসাধারণ ব্যক্তিত্বসম্পন্ন [illegible]
থাকিলে হয়ত আমার জীবনের ধারা [illegible]
সহিত যে সুদীর্ঘ সম্পর্ক আমার জীবনে [illegible]

কর্মক্ষেত্রে তাঁহার উদার মনোভাব [illegible]
আছে। তাহাদের মধ্যে একটি উদাহরণ [illegible]
কলিকাতায় ফিরিয়া ম্যালেরিয়াতে আক্রান্ত হই [illegible]
ভাই ছাড়া বয়স্ক ব্যক্তি কেহ না থাকায় [illegible]
করিবার কোন ব্যবস্থা করিতে পারি নাই। [illegible]
ত্রুটি শৃঙ্খলাভঙ্গের নিদর্শনরূপে গৃহীত [illegible]
জুটিত। জেম্‌স সাহেব প্রায় ২।৩ দিন পরে [illegible]
তিনি তৎক্ষণাৎ প্রফুল্লবাবুকে ডাকাইয়া বলিলেন [illegible]
হইয়া থাকিবে, নতুবা সে সংবাদ দিতে পারিবে [illegible]
খোঁজ লইতে বলিলেন। প্রফুল্লবাবু [illegible]
দরখাস্ত করিতে না পারার কারণ জানাইয়া [illegible]
কয়েক দিন পর জেম্‌স সাহেবের সঙ্গে [illegible]
আমাকে রোগমুক্তির পর বিশেষ দুর্বলতা [illegible]
হইলে তাঁহার মৌখিক অনুমতি লইয়া [illegible]
অধ্যক্ষের অধীনে কাজ করিয়া কাহারও [illegible]

জেম্‌স সাহেবের মত উদারমনা [illegible]
তাঁহার আমলে কলেজের সর্বাঙ্গীন উন্নতি [illegible]
প্রধানতম বৈশিষ্ট্য ও আকর্ষণ, জেম্‌স [illegible]
বেকার পরীক্ষাগার স্থাপিত হয়। [illegible]
গড়িয়া উঠে, তাহার জন্য তিনি টিউটোরিয়াল [illegible]
সংখ্যকের বেশী ছাত্র ভর্তি করা বন্ধ [illegible]

অল্পবয়স্ক অধ্যাপক কাজের দায়িত্ব ঠিক পূর্ণভাবে পালন করিতে পারিবে না। আজ আমি নিঃসংশয় যে আমি যাহা করিয়াছিলাম তাহাতে কলেজের কল্যাণ ক্ষুণ্ণ হয় নাই, আজ আমি আমার বিবেকের নিকট সম্পূর্ণ নির্দোষ।" তাঁহার মত মহামনা ব্যক্তির ইহাই উপযুক্ত শেষ ভাষণ। অবসরমুহূর্তেও তাঁহার শেষ চিন্তা কলেজের কল্যাণ-বিষয়ক।

---

# আচার্য্য প্রফুল্লচন্দ্র

**অধ্যাপক ডাঃ শ্রীপ্রিয়দারঞ্জন রায়**

কলিকাতা প্রেসিডেন্সী কলেজের অধ্যাপক হিসাবে যাঁরা বিশেষ খ্যাতি অর্জ্জন ক'রে গেছেন, প্রফুল্লচন্দ্র তাঁদেরই একজন। বিজ্ঞানজগতে তিনি প্রতিষ্ঠা লাভ করেছিলেন রসায়ন বিজ্ঞানের গবেষণায় এবং হিন্দু রসায়নের ইতিহাস রচনায়। ভারতবর্ষে আধুনিক রসায়ন চর্চ্চার আদিগুরু বা প্রবর্ত্তক হিসাবে, এবং রাসায়নিক শিল্পের প্রথম উদ্যোক্তা হিসাবে তাঁর নাম আজ আমাদের দেশের শিক্ষিত সমাজে সর্ব্বত্র সুপরিচিত। কিন্তু তাঁর এসব কৃতিত্বকে ছাড়িয়ে উঠেছে তাঁর বিরাট মনুষ্যত্বের আদর্শ—তাঁর ত্যাগ ও সেবার সমুজ্জল দৃষ্টান্ত। উনবিংশ শতাব্দীতে বাংলা দেশে যে সব মহাপুরুষ জন্মগ্রহণ করে তাঁদের জ্ঞান ও গুণের গরিমায়, কর্ম্মের মহিমায় এবং চরিত্রের মহত্বে আধুনিক বাংলার ভিত্তি পত্তন করে গেছেন, প্রফুল্লচন্দ্রের স্থান হচ্ছে আমাদের জাতীয় ইতিহাসে তাঁদের সঙ্গে একাসনে। আচার্য্য প্রফুল্লচন্দ্রের জীবনের মহান আদর্শ যাতে প্রেসিডেন্সী কলেজের বর্ত্তমান ছাত্রছাত্রীবৃন্দের জীবনকে উদ্বুদ্ধ ও প্রণোদিত করে তুলতে পারে, সেই আশাতেই এ রচনায় অগ্রসর হয়েছি।

মানুষের সমাজে যাঁরা শীর্ষস্থান অধিকার করে বড় বলে গণ্য হন, তাঁদের চার শ্রেণীতে ভাগ করা যায়। এ শ্রেণীবিভাগের ভিত্তি হচ্ছে যথাক্রমে অর্থ ও ক্ষমতার অধিকারে, কর্ম্মের মহিমায়, জ্ঞানের গরিমায় এবং চরিত্রের মহত্বে। কিন্তু এ সব শ্রেণীকে সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন বলে গণ্য করা চলে না। অনেক ক্ষেত্রে এদের মধ্যে অল্পবিস্তর পরস্পর মিশ্রণ দেখা যায়। অর্থাৎ যাঁরা ধনী ক্ষমতাশীল তাঁদের মধ্যেও কখনো কখনো কর্ম্মী, জ্ঞানী বা চরিত্রবান লোক দেখতে পাওয়া যায়। অর্থের বা ক্ষমতার অধিকারী হলেই লোক সকল ক্ষেত্রে চরিত্রহীন, অলস বা মূর্খ হয় না। অথবা কর্ম্মী, জ্ঞানী বা চরিত্রবান হলেই লোক সব সময়ে গরীব হয় না। তথাপি সাধারণতঃ এরূপ শ্রেণীবিভাগ করে পরস্পরের তুলনা করা সহজ।

সমাজে যাঁরা শুধু অর্থের বা ক্ষমতার জোরে বড়, তাঁদের মনুষ্যত্বের নিদর্শন, রেল বা স্টীমার যাত্রীর মালের গায়ে লেবেলের মত রাশীকৃত সোনারূপার বা জমিজমার উপর ঝুলতে থাকে। সাধারণ লোক এদের বাহ্যিক সম্মান দেখায় অবস্থা বিশেষে স্বার্থের খাতিরে, নির্য্যাতনের আশঙ্কায় অথবা ঐশ্বর্য্যের মোহ এবং দীপ্তিতে। এরূপ সম্মানে বিস্ময় থাকতে পারে, কিন্তু শ্রদ্ধা



আচার্য্য প্রফুল্লচন্দ্র রায়

থাকে না। এঁদের মৃত্যুতে আমরা এঁদের বিষয়সম্পত্তির ব্যবস্থা জানতেই সাধারণতঃ উৎসুক হই, আসল মানুষটি সম্বন্ধে হই সম্পূর্ণ উদাসীন। মানুষের ইতিহাসে এঁদের কোন স্থান নেই; কেননা জীবিকা অর্জ্জন ও অর্থের আহরণে যাঁদের জীবন কাটে, তা হতে ইতিহাসের কোন মালমসলা উদ্ধার করা চলে না।

ইতিহাসের মালমসলা আসে অপর তিন শ্রেণীর বড় লোকের জীবনী হতে। যাঁরা নিজের কর্ম্মের মহিমায়, জ্ঞানের গরিমায় বা চরিত্রের মহত্ত্বে সমাজকে নূতন গঠন দিয়ে যান, নূতন জ্ঞানের আলোকে মানুষের মনের অন্ধকার দূরীভূত করেন, অথবা ত্যাগ ও সেবার আদর্শে মানুষের হৃদয় জয় করেন, ইতিহাস গড়ে ওঠে তাঁদেরই অবদান নিয়ে। প্রফুল্লচন্দ্রের জীবনে এ তিনেরই অপূর্ব্ব সমাবেশ আমরা দেখতে পাই।

গোড়াতেই বলতে হয় প্রফুল্লচন্দ্রের জীবনযাত্রার আদর্শ ও আমাদের জীবনযাত্রার আদর্শের মধ্যে একটি বিস্তৃত ব্যবধানের সৃষ্টি হয়েছে। আধুনিক জীবনযাত্রার প্রধান উদ্দেশ্য হচ্ছে যেন তেন প্রকারেণ একমাত্র জীবিকার্জ্জন। এ জীবিকা অর্জ্জনের প্রচেষ্টায় আমরা সারা জীবন অর্থের আহরণে করি অশ্রান্তভাবে ছুটোছুটি, এবং সে জন্য যে সব পন্থা আমরা অনেক সময় অনুসরণ করি, তা আধুনিক অর্থনীতির অনুমোদিত হলেও ধর্ম্মনীতির অনুযায়ী হয় না। জীবনযাত্রার আদর্শকে উন্নত করবার অছিলায় আমরা আমাদের প্রয়োজনের সীমাকে তুলছি অনবরত অসংযতভাবে বাড়িয়ে। ফলে আমাদের স্বার্থবুদ্ধি উঠছে ক্রমশঃ প্রবল হয়ে। এতেই ঘটছে আজ সারাবিশ্ব জুড়ে মানুষের স্বার্থে স্বার্থে ভীষণ সংঘাত, আর লোভে লোভে কঠোর সংগ্রাম, এবং দেশে দেশে জেগে উঠছে এক আসুরিক শক্তির নির্লজ্জ ও নিষ্ঠুর আস্ফালন। প্রফুল্লচন্দ্রের জীবনের আদর্শ ছিল এ হতে সম্পূর্ণ বিভিন্ন এবং বিপরীত। আপন প্রয়োজন ও স্বার্থবুদ্ধিকে রেখেছিলেন তিনি সঙ্কীর্ণ গণ্ডীর মধ্যে আবদ্ধ করে, এবং তাঁর ধর্ম্মবুদ্ধিকে করেছিলেন এর প্রহরী। নিজের স্বার্থকে তিনি বিলীন করে দিয়েছিলেন সাধারণের স্বার্থে; তাতে তাঁর স্বার্থের পরিণতি ঘটেছিল পরার্থে। কেননা, সকলের মধ্যে তিনি দেখতেন আপনাকে, এবং নিজের মধ্যে দেখতেন সবাইকে। গীতার কথায় বলা যায় তিনি ছিলেন যোগযুক্তাত্মা ও সমদর্শী।

"সর্ব্বভূতস্থমাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি,
ঈক্ষতে যোগযুক্তাত্মা সর্ব্বত্র সমদর্শনঃ॥"

নিজের সুখসুবিধার জন্য সামান্যমাত্র ব্যয়েও তাই তিনি কুণ্ঠিত হতেন বা কৃপণতার পরিচয় দিতেন; অথচ পরের সাহায্যে ছিলেন মুক্তহস্ত। নিজের জন্য অপরিহার্য্য প্রয়োজনের অতিরিক্ত ব্যয় মাত্রকেই তিনি মনে করতেন দরিদ্রকে বঞ্চনা বা চুরির সামিল। ত্যাগেই ছিল তাঁর ভোগের আনন্দ; যাকে আমাদের শাস্ত্রে বলেছে "তেন ত্যক্তেন ভুঞ্জীথাঃ"। সংসারের লাভক্ষতি, টানাটানি ও ভাগাভাগি—যা নিয়ে আমরা রাতদিন ব্যস্ত থাকি, তিনি থাকতেন এ সবার উপরে। এ শ্রেণীর যাঁরা বড়লোক, মানব সভ্যতার হিসাব নিকাশের তালিকায় এঁরাই

হন একমাত্র পরিসম্পৎ। কেননা, সমাজ হতে যা তাঁরা নিজের জন্য গ্রহণ করেন, তার বিনিময়ে তাঁরা সহস্রগুণ ফিরিয়ে দেন সমাজকে,—তাঁদের ত্যাগে, সেবায়, ও জ্ঞানের বিতরণে। এ কারণে আমরা তাঁদের শুধু সম্মান করি না, পরন্তু শ্রদ্ধা করি এবং ভালবাসি। তাঁরা করেন আমাদের হৃদয় জয়।

প্রফুল্লচন্দ্রের নিজের সম্পর্কে অসাধারণ ব্যয়কুণ্ঠা এবং পরের জন্য অকাতর আত্মত্যাগের অপরূপ উদাহরণ স্বরূপ একটি ঘটনার উল্লেখ এখানে করা যায়। বিজ্ঞান কলেজে যখন তিনি পালিত অধ্যাপক তখন ঐ কলেজের দোতালার দক্ষিণ পার্শ্বের কোণার ঘরটি ছিল একাধারে তাঁর পড়বার, শোবার এবং খাবার ঘর। দারুণ গ্রীষ্মেও এ ঘরে কোন বৈদ্যুতিক পাখা আমরা দেখিনি। কলেজের অনেক গরীব ছাত্র থাকত তাঁর সঙ্গে, এবং তাঁরই খরচে করত পড়াশুনা। এঁদের মধ্যে ছিলেন শ্রীনদীয়াবিহারী অধিকারী—ইনি এখন বেঙ্গল কেমিকেল এণ্ড ফার্ম্মাসিউটিকেল ওয়ার্কসের একজন উচ্চপদস্থ কর্ম্মচারী। নদীয়া বাবুর উপর ছিল তাঁর গৃহস্থালী ও জমা খরচের হিসাব রাখবার ভার। নিয়ম ছিল, আচার্য্যদেবের জন্য প্রত্যহ আসবে দু'পয়সার চাঁপা কলা। একদিন বাজার হতে নদীয়াবাবু বেশ ভাল সুপুষ্ট দু'টি চাঁপা কলা আনলেন কিনে। আচার্য্যদেব দেখে ভারী খুসী। দাম কত জানতে চাইলেন। নদীয়াবাবু উত্তরে বললেন দু' আনা। শুনেই তিনি গেলেন একপ্রকার ক্ষেপে, এবং নদীয়াবাবুর চুলের মুঠি ধ'রে তাঁর পিঠের উপর দিলেন ঘন ঘন বারকয়েক মুষ্ট্যাঘাত। মন্তব্য হ'ল—নবাবী শিখতে আরম্ভ করেছ। এ ব্যাপার হ'ল সকাল বেলা ৯টায়। এর ঘণ্টা দুই পরে বেলা এগারটা সাড়ে এগারটায় আচার্য্য প্রফুল্লচন্দ্র ছিলেন তাঁর লেবোরেটারীতে কাজে নিযুক্ত। এমন সময় আসলেন ডাঃ শ্রীপ্রফুল্লচন্দ্র ঘোষ। ডাঃ ঘোষ তাঁদের অভয়াশ্রমের কাজে, খদ্দর প্রচার ও অন্যান্য দেশহিতকর অনুষ্ঠানের জন্য সাহায্য এবং পরামর্শের অভিপ্রায়ে সময়ে সময়ে আচার্য্যদেবের শরণাপন্ন হতেন। ডাঃ ঘোষ জানালেন কিছু টাকার বিশেষ দরকার। প্রফুল্লচন্দ্র জিজ্ঞাসা করলেন, "কত?" উত্তরে ডাঃ ঘোষ বললেন হাজার তিন। অমনি ডাক পড়ল হিসাবরক্ষক নদীয়াবাবুর, এবং বেঙ্কের খাতায় কত টাকা জমা আছে দেখবার জন্য আদেশ হ'ল। খাতা দেখে নদীয়াবাবু উত্তর দিলেন প্রায় তিন হাজার পাঁচশত। আচার্য্যদেব বললেন চেক বই নিয়ে আয়। বইখানি নিয়ে তিনি অবিলম্বে একখানি তিন হাজার টাকার চেক কেটে দিলেন ডাঃ ঘোষের হাতে। নদীয়াবাবু রইলেন অবাক হয়ে দাঁড়িয়ে। কেননা, এই ঘণ্টা দুই আগে দু'আনা পয়সার জন্য তিনি যাঁর কাছে খেলেন গাল ও মার, সে লোকটিই এখন বিনা বাক্যব্যয়ে ও বিনা দ্বিধায় দিলেন তিন হাজার টাকার চেক কেটে। ভাবলেন হয়ত, বুড়োর মতিগতি বোঝা ভার।

প্রফুল্লচন্দ্র ছিলেন শিশুর মত সহজ এবং সরল মানুষ। অন্তরে বাহিরে ছিল তাঁর সম্পূর্ণ মিল। কপটতা বা কৃত্রিমতা ছিল তাঁর হেয়। অর্থ এবং ক্ষমতার প্রতি তিনি ছিলেন সম্পূর্ণ উদাসীন। এক্ষেত্রে প্রফুল্লচন্দ্রের জীবনের আদর্শ হতে আমাদের আধুনিক সভ্যজীবনের আদর্শের ব্যবধান গেছে গুরুতরভাবে বেড়ে। বর্ত্তমান যুগে সংসারের পথে আমরা সাধারণতঃ চলাফেরা

করি নানারকম মুখোস পরে বা বহুরূপী সেজে। সাজেগোজে, চালে চলনে, আলাপে পরিচয়ে, নানা ছদ্মবেশে আমরা চাই নিজেকে পরের নিকট বাড়িয়ে তুলতে। তাই আমাদের ভিতরের খাঁটি মানুষটি থাকে সাধারণের কাছে আড়ালে, এবং পোষাকী মানুষটিই করে বেশির ভাগ কাজ কারবার। এ কারণে আধুনিক সভ্যতায় মানুষ হয়েছে সুবিধাবাদী; সত্যের প্রতি তার শ্রদ্ধা গেছে খর্ব্ব হয়ে, এবং মিথ্যার আশ্রয়ে তার প্রাত্যহিক জীবন উঠেছে গড়ে। সাধারণ মধ্যবিত্ত বাঙ্গালীর মোটা ধুতিচাদর ও জামা ছিল প্রফুল্লচন্দ্রের পোষাক,—শেষ বয়সে খদ্দরই ছিল তাঁর একমাত্র অঙ্গভূষণ। প্রেসিডেন্সী কলেজে যখন অধ্যাপনা করতেন তখন তাঁকে দেখেছি দেশী ময়নামতী ছিটের পায়জামা এবং কোট গায়ে। এসিড পড়ে এগুলি যেত আবার স্থানে স্থানে ছিদ্র হয়ে। এর ফলে পথেঘাটে এবং অনেক সময় সরকারী বৈঠকেও তিনি অভদ্র ব্যবহার পেয়েছেন অজানিত ভাবে। কিন্তু এসব মান অপমান উপেক্ষা করা বা তা নিয়ে হাস্য পরিহাস করাই ছিল তাঁর স্বভাব। তিনি ছিলেন সাধারণের লোক এবং সাধারণের দুঃখ দৈন্যকে বরণ ক'রে নিয়েছিলেন আপন দুঃখদৈন্য হিসাবে। তাই দুর্ভিক্ষে, বন্যায়, ঝড়ে ভূমিকম্পে, মহামারী বা অন্য কোন প্রাকৃতিক দুর্ব্বিপাকে যখন কোথাও সাধারণ মানুষ বিপন্ন হয়েছে, প্রফুল্লচন্দ্র সেখানে অগ্রণী হয়েছেন তাঁদের পরিত্রাণের জন্য। ছোট বড়, ধনী দরিদ্র, পরিচিত সবার কাছেই তিনি ছিলেন অবারিত-দ্বার। নামের বদনাম কখনো তাঁকে স্পর্শ করতে পারে নি।

প্রফুল্লচন্দ্র ছিলেন বিজ্ঞানী; রসায়ন বিজ্ঞানের অধ্যাপনা ও গবেষণায় ছিল তাঁর অসাধারণ খ্যাতি। বিজ্ঞানের তথ্যগুলি বহু যন্ত্র এবং দ্রব্যযোগে পরীক্ষা করে প্রমাণ দেওয়া ছিল তাঁর অধ্যাপনার বিশেষত্ব; এতে ছাত্রদের মনে তিনি জাগিয়ে তুলতেন বিস্ময় এবং কৌতূহল। অন্যদিকে পুরাযুগের বড় বড় বিজ্ঞানীদের জীবনী এবং কীর্ত্তিকলাপ বর্ণনায় বিজ্ঞানের পাঠকে মনোজ্ঞ ও হৃদয়গ্রাহী করে তুলবার ছিল তাঁর অদ্ভুত ক্ষমতা। তাঁর অধ্যাপনায় তাই ছাত্রেরা পেত উদ্দীপনা এবং প্রেরণা। বিজ্ঞানের ইতিহাসে ছিল তাঁর বিশেষ আগ্রহ এবং উৎসাহ। তাঁর রচিত "হিন্দুরসায়নের ইতিহাস" বিজ্ঞানের ইতিহাসে একটি প্রামাণ্য গ্রন্থ হিসাবে আজ সর্ব্বত্র সুপরিচিত। তিনি মনে করতেন বিজ্ঞানের ইতিহাসের ভিতর দিয়ে বিজ্ঞান অধ্যয়ন হচ্ছে সবচেয়ে স্বাভাবিক পন্থা। বিজ্ঞানের কোন তথ্য সম্বন্ধে সম্পূর্ণ ও নির্ভুল জ্ঞান লাভ করতে হলে আগে জানতে হবে এ তথ্যের আবিষ্কার করল কে এবং কি ভাবে? গাছ না দেখে এবং তার ফুল না দেখে, শুধু তার ফল দেখলে যেমন সে ফলের জ্ঞান হয় অসম্পূর্ণ, সেরূপ বিজ্ঞানের ইতিহাস না জেনে শুধু তার পরিণতি নিয়ে আলোচনা করলেও বিজ্ঞানের জ্ঞান হয় অপরিপক্ব। প্রাত্যহিক জীবনে মানুষের পরস্পর আচরণের সঙ্গে উপমা দিয়ে তিনি রসায়নের বিবিধ তথ্য এবং তত্ত্বগুলিকে এমন সজীব ও রসাল করে তুলতে পারতেন যে, তার নমুনা বিরল বললে অত্যুক্তি হয় না। যাঁরা প্রেসিডেন্সী কলেজে তাঁর কাছে পড়েছেন, এসব কথা তাঁদের মনে এখনও গাঁথা আছে সন্দেহ নেই।

বিজ্ঞানের যে দুটি ধারা আছে,—তাত্ত্বিক ধারা ও প্রয়োগের ধারা, এ সম্বন্ধে প্রফুল্লচন্দ্রের মন ছিল সজাগ। এই দুই ধারাতে পুষ্ট হয়ে বিজ্ঞান উঠেছে বেড়ে। এদের বলা যায় বিজ্ঞানের জ্ঞানকাণ্ড ও কর্ম্মকাণ্ড। এ উভয়ের সমন্বয়েই বিজ্ঞান করে মানুষের কল্যাণ। বিজ্ঞানের জ্ঞানকে শুধু ধ্যান ধারণার বিষয় ক'রে পরীক্ষাগৃহ বা পাঠাগারের চতুঃসীমায় আবদ্ধ করে রাখলে, তাতে মানুষের মনের অন্ধকার বা বুদ্ধির মোহ ঘুচতে পারে, কিন্তু সমাজের বহু কল্যাণ এবং মানুষের বহু দুঃখদৈন্য থাকে অব্যাহত। আবার অন্যদিকে একমাত্র বিজ্ঞানের প্রয়োগ নিয়ে মেতে থাকলে তাতে জীবনযাত্রার সুখসুবিধার এবং ভোগবিলাসের বহু উপকরণ যে জমে ওঠে এর কোন সন্দেহ নেই; কিন্তু, বিজ্ঞান হয় তাতে বিপথগামী। ফলে, মানুষে মানুষে প্রতিযোগিতা, দ্বন্দ্ব-বিদ্বেষ এবং যুদ্ধ বিগ্রহের সৃষ্টি হয়ে সমাজ এবং মানুষ চলে অবনতি ও ধ্বংসের পথে। এর নিদর্শন আজ দেখা দিয়েছে এটম ও হাইড্রোজেন বোমার বিভীষিকায়। বিজ্ঞানের এ উভয়ধারার সমতা রক্ষা, অর্থাৎ তার জ্ঞানযজ্ঞ ও দ্রব্যযজ্ঞের মধ্যে সমন্বয় প্রতিষ্ঠা করতে না পারলে মানুষের স্থায়ী কল্যাণ নেই। তাই প্রফুল্লচন্দ্র যেমন ভারতীয় রাসায়নিক গোষ্ঠীর ( Indian School of Chemistry ) এবং ভারতীয় রাসায়নিক সমিতির ( Indian Chemical Society ) প্রতিষ্ঠার উদ্যোগে ভারতবর্ষে বিজ্ঞানের জ্ঞান বিস্তারের পাকা ভিত্তি গেছেন গঠন করে, সেরূপ আবার বেঙ্গল কেমিকেল এবং ফার্ম্মাসিউটিকেল কোম্পানীর প্রতিষ্ঠা এবং উন্নতির বিধান করে বিজ্ঞানের জ্ঞানকে দিয়েছেন কর্ম্মে আকার এবং রূপ। বহু কর্ম্মীর অন্নসংস্থানের ব্যবস্থা হচ্ছে আজ এ বিশাল রাসায়নিক প্রতিষ্ঠানে।

প্রাচীন ভারতে গুরুশিষ্যের মধ্যে যে অতি নিকট ও মধুর সম্বন্ধ ছিল, তারই নমুনা আমরা পাই প্রফুল্লচন্দ্রের জীবনে। এ চিরকুমার বিজ্ঞান সন্ন্যাসীর নিকট শিষ্যেরা ছিল আপন পুত্রের মত প্রিয়। শিষ্যদের কৃতিত্বে ছিল তাঁর গৌরব ও আনন্দ। তাই, প্রায় তিনি বলতেন—

"সর্ব্বত্র জয়মন্বিষেৎ পুত্রাদ্ ( শিষ্যাদ্ ) ইচ্ছেৎ পরাজয়ম্।" আবার সময়ে সময়ে বলতেন শিষ্যেরাই হচ্ছে তাঁর গৃহিনী ( housekeeper ), সচিব এবং সখা। গুরুশিষ্যের মধ্যে এরূপ শ্রদ্ধা, স্নেহ এবং প্রীতির সম্বন্ধ বর্ত্তমান যুগে বিরল হয়ে উঠেছে।

প্রফুল্লচন্দ্র নিজের অর্জ্জিত অর্থের বেশিরভাগই বিতরণ করতেন পরের কল্যাণে। বহু দীন দুঃখী ও দুঃস্থ ছাত্র তাঁর কাছে নিয়মিত সাহায্য পেত। এ দানের বিশেষত্ব ছিল। এ দান ছিল না রোজগারের প্রাচুর্য্য হতে উচ্ছিষ্টের সামিল, যেহেতু তাঁর উপার্জ্জন ছিল সীমাবদ্ধ। নিজেকে সকল সুখসুবিধা এবং ভোগবিলাস হতে বঞ্চিত করে তিনি ঐশ্বর্য্য সঞ্চয় করতেন দীনদুঃখী ও আর্ত্তের সেবার জন্য। এ দানে তাই মুরুব্বিয়ানার গন্ধ ছিল না—ছিল কেবল হৃদয়ের সমবেদনা এবং প্রাণের প্রেরণা। বিজ্ঞান কলেজে পালিত অধ্যাপকের বেতন হিসাবে প্রাপ্য বহু টাকা, প্রায় দেড় লক্ষের অধিক, তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়কে দান ক'রে গেছেন—রসায়ন, উদ্ভিদ্‌বিদ্যা ও প্রাণীবিদ্যার গবেষণায় বৃত্তি ও পুরস্কার দানের জন্য। এ ছাড়া

বাংলার বহু শিক্ষা এবং শিল্প-প্রতিষ্ঠান তাঁরই অর্থসাহায্যে উঠেছে গড়ে। শেষ বয়সে খদ্দর প্রচারের জন্য তিনি যে দান করে গেছেন, তার পরিমাণও বড় কম নয়।

বিজ্ঞানী হলেও সাহিত্যে এবং ইতিহাসে প্রফুল্লচন্দ্রের জ্ঞান ছিল গভীর এবং ব্যাপক। রবীন্দ্রনাথ, মধুসূদন এবং সেক্সপীয়রের রচনা হতে তিনি অনর্গল আবৃত্তি করতে পারতেন। ইমার্সন এবং কারলাইলের লেখাও ছিল তাঁর বিশেষ প্রিয়। অনেক সময় তিনি নিজেই আমাদের বলতেন দৈবাৎ ভুলক্রমে তিনি হয়েছেন রাসায়নিক। তাঁর আত্মচরিতে ( Life and Experiences of a Bengalee Chemist ) এর আমরা নমুনা পাই। ভাষার সহজ প্রবাহে, রচনার কৌশলে এবং প্রকাশের সারল্যে বইখানি আগাগোড়া হৃদয়গ্রাহী। এর মধ্যে একটি সবল জীবনীশক্তির ও গভীর অনুভূতির স্পন্দন আছে পরিস্ফুট হয়ে। মাতৃভাষায় বিজ্ঞানের অধ্যয়ন, অধ্যাপনা এবং প্রচারের ছিলেন তিনি বিশেষ পক্ষপাতী। এ প্রসঙ্গে বিখ্যাত রুশ রাসায়নিক মেণ্ডেলিফের উদাহরণ ছিল তাঁর প্রধান নজীর। মেণ্ডেলিফ্ তাঁর বিখ্যাত পর্য্যায়সূত্র ( Periodic Classification ) বিধিবদ্ধ করে প্রথম প্রচার করেন রুশ ভাষায়। ফলে, এ অতি গুরুত্বপূর্ণ রাসায়নিক তত্ত্বটিকে সম্পূর্ণ ভাবে আয়ত্ত করবার জন্য অনেক বিদেশী বৈজ্ঞানিককে রুশভাষা হয় শিখতে। প্রফুল্লচন্দ্র মনে করতেন, মাতৃভাষাকে শিক্ষার বাহন করতে না পারলে স্বাধীন চিন্তার উৎকর্ষ সাধন সম্ভব নয়, এবং ফলে, স্কুল কলেজে শিক্ষার ভিত্তি থাকবে শিথিল হয়ে। কেননা, বিজাতীয় ভাষার সাহায্যে শিক্ষার ব্যবস্থায় চেষ্টা এবং সময়ের অপচয় হয় বহুল। প্রেসিডেন্সী কলেজে লেবোরিটারীতে কাজ করবার সময় প্রায়ই তিনি আমাদের শুনিয়ে শুনিয়ে বলতেন—"ওরে বাছা, মাতৃকোষে রতনের রাজী। এ ভিখারী দশা তবে কেন তোর আজি।"

প্রফুল্লচন্দ্রের বহুমুখী কর্ম্মপ্রচেষ্টার মধ্যে সমাজসংস্কার ছিল অন্যতম। জাতিভেদ, অস্পৃশ্যতা, পণপ্রথা, বাল্যবিবাহ প্রভৃতি যে সব দূষিত রীতিতে আমাদের সমাজদেহ কলঙ্কিত, তার প্রতিকার ও নিরাকরণে তিনি ছিলেন অগ্রণী। বহু লেখায় এবং বক্তৃতায় এর বিরুদ্ধে তিনি আপন প্রতিবাদ প্রকাশ করতেন প্রবলভাবে কঠোর ভাষায়। এ নিয়ে প্রায়ই সনাতন-পন্থীদের সঙ্গে হ'ত তাঁর বাদানুবাদ ও লেখালেখি। মনে পড়ে একবার তিনি একটি প্রবন্ধ প্রকাশ করেন "বাঙ্গালী মস্তিষ্কের অপব্যবহার" নাম দিয়ে। সনাতনীরা অমনি তার জবাব লিখল পাল্টা প্রবন্ধে "পি. সি. রায়ের মস্তিষ্কের অপব্যবহার" নামে। ক্লাসে পড়াবার সময়েও এ সব বিষয়ে বহু উপদেশ এবং ব্যঙ্গোক্তি তাঁর মুখে আমরা শুনতে পেতাম।

অজীর্ণ রোগে ও অনিদ্রায় তাঁর শরীর ছিল রুগ্ন। কিন্তু ছাত্রদের স্বাস্থ্যের প্রতি তাঁর নজর ছিল কড়া। কোন ছাত্র তাঁর লেবোরেটারীতে কাজ করবার জন্য প্রার্থী হলে তিনি সকলের আগে পরীক্ষা করতেন তাঁর স্বাস্থ্যের, বুকে পিঠে কিল মেরে এবং ঘাড়ের উপর শিশুর মত লাফিয়ে উঠে। এ পরীক্ষায় উত্তীর্ণ হলে তবেই খোঁজ হত তার অন্যবিধ গুণাগুণের। কুঁড়েমি এবং বিলাসিতা মোটেই তিনি পছন্দ করতেন না। তাঁর প্রধান অভিযোগ ছিল যে

বাঙ্গালী যুবক শ্রমকাতর এবং আরামপ্রিয়—এ কারণেই অবাঙ্গালীদের নিকট জীবনসংগ্রামে ব্যবসাবাণিজ্যের ক্ষেত্রে তারা যাচ্ছে হটে।

সময় বা পদার্থের অপচয় ছিল তাঁর কাছে অসহনীয়। তাঁর কাজকর্ম্ম খাওয়াপরা সবই চলত বাঁধাবাঁধি নিয়মে। প্রত্যহ সকাল ৮/৯টা অবধি ছিল তাঁর পড়ার সময়। ঐ *সময়ে তাঁর সঙ্গে দেখা করা বারণ ছিল। জিনিষপত্রের অপচয়েও তিনি যেতেন চটে।* ঘরে পাখা ঘুরছে অথবা বাতি জ্বলছে, অথচ ঘরে লোক নেই, লেবোরেটারীর টেবিলে অকারণে বার্ণার (burner) জ্বলছে অথবা কল হতে জল পড়ছে,' এ দেখলেই তিনি রেগে হতেন আগুন। এর জন্য ছাত্র শিক্ষক কেউ তাঁর কাছে রেহাই পেত না। জিনিষপত্রের অপচয় নিবারণে তিনি যে কত সাবধান হতেন তার একটি নিদর্শন দিচ্ছি এখানে। তাঁর নামে খামে করে যে সব চিঠিপত্রাদি আসত, তা হতে সাদা পাতাগুলি ছুরি দিয়ে কেটে যত্নের সঙ্গে দিতেন রেখে। তাতেই অনেক সময় তাঁর লেখার কাজ চলে যেত।

প্রফুল্লচন্দ্র ছিলেন দেশভক্ত। প্রকাশ্যভাবে রাজনৈতিক আন্দোলনে তিনি যোগ না দিলেও দেশের স্বাধীনতা সংগ্রামে প্রচ্ছন্নভাবে যে তাঁর গভীর সহানুভূতি ও সহযোগিতা ছিল, এ কারো কাছে অজানা নেই। তিনি ছিলেন মহাত্মাজীর অনুরক্ত। খদ্দরপ্রচার ও চরকার কাজে বাংলাদেশে প্রধান উদ্যোক্তা ছিলেন তিনি। বিজ্ঞান কলেজের বারান্দায় বসে প্রত্যহ অপরাহ্নে তদানীন্তন ব্রিটিশ সাম্রাজ্যের নাইট পদবীধারী এ মহাপুরুষ চরকায় সূতা কাটাতে ব্যস্ত আছেন, এ দৃশ্য সবাই দেখতে পেত। তাঁর এ অভ্যাসের ব্যতিক্রম আমরা বড় দেখিনি।

আজীবন পরের সেবায় তিনি আপনাকে গেছেন নিঃশেষ করে। কিন্তু নিজে কারো সেবা নিতে সদাই ছিলেন নারাজ। বৃদ্ধ বয়সেও বিজ্ঞান কলেজে তাঁকে আমরা দেখেছি নিজের কাপড় নিজে আনছেন কেচে, কিংবা নিজের জুতোয় নিজেই দিচ্ছেন কালি। অতএব বলা যায় তিনি ছিলেন একপ্রকার গুণাতীত। গীতায় আছে ঃ—

"মনোপমনেয়োঃ তুল্য তুল্য মিত্রারিপক্ষয়োঃ।
সর্ব্বারম্ভপরিত্যাজী গুণাতীতঃ স উচ্যতে॥"

প্রফুল্লচন্দ্রের জীবনী বিশ্লেষণ করলে দেখা যায় যে তাঁর সকল চিন্তার ও সকল কর্ম্মের উৎস হচ্ছে আত্মবিলোপ বা আত্মত্যাগের ক্ষমতা। এ হতেই আসে সৃষ্টির প্রেরণা। তিনি আপনাকে সম্পূর্ণভাবে বিলীন করে দিয়েছিলেন আপন শিষ্যদের মধ্যে। এর ফলেই গড়ে উঠেছে ভারতবর্ষে নব্য রসায়নের সাধনা। আপন খণ্ড স্বার্থ ও স্বাতন্ত্র্যকে সর্ব্বসাধারণের অখণ্ড স্বার্থের মধ্যে বিলীন করে, আপন ব্যক্তিগত আমিকে সর্ব্বগত আমির মধ্যে নিমজ্জিত করে, তিনি পেয়েছিলেন পরমার্থের সন্ধান। তাতেই সমাজে বহুবিধ কল্যাণ সৃষ্টির সম্ভব হয়েছে তাঁর কর্ম্মে এবং বাণীতে। এখানেই তাঁর ব্যক্তিত্বের মহিমা। বাংলার সন্তানসন্ততিগণ যদি প্রফুল্লচন্দ্রের এ মহৎ আত্মত্যাগের আদর্শ অনুসরণ করে আপন জীবনগঠনে প্রয়াসী হয়, তবেই বহু দুরূহ সমস্যার সমাধানে বাংলার ভবিষ্যৎ গৌরবোজ্জ্বল হয়ে উঠবে, সন্দেহ নেই।

# অধ্যাপক ডাক্তার সুরেন্দ্রনাথ দাশগুপ্ত

**শ্রীহিরন্ময় বন্দ্যোপাধ্যায়,** আই, সি, এস

সময়টা হল ১৯২৪ সালের জুলাই মাস। আমরা তৃতীয় বার্ষিক দর্শন শ্রেণীর ছাত্র। আমরা তখন পেয়েছিলাম ডাক্তার সুরেন্দ্রনাথ দাশগুপ্তকে দর্শনের নূতন অধ্যাপক হিসাবে। তিনি যুগপৎ কলিকাতা ও কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের ডকটরেট ডিগ্রিধারী, তিনি বিখ্যাত 'ভারতীয় দর্শনের ইতিহাস' গ্রন্থের প্রণেতা, তাঁর চোখ ঝলসান খ্যাতি দেশের সীমারেখা পার হয়ে বিদেশে ছড়িয়ে পড়েছে। আমরা নিজেদের সেদিন বিশেষ ভাগ্যবান্ মনে করেছিলাম। কিন্তু সেই ভাগ্যবত্তার পরিমাণ কতখানি, তা হৃদয়ঙ্গম করেছিলাম তাঁর সহিত গুরু শিষ্য সম্পর্কের ভিত্তিতে ঘনিষ্ঠভাবে মিলিত হবার অনেক পরে।

আমরা দেখলাম পড়াবার সময় পাঠ্যতালিকা বা পাঠ্য পুস্তকের সঙ্গে তিনি সম্পর্ক রাখতেন না। হয়ত পাশ্চাত্য দর্শনের ইতিহাস পড়ছি, নির্দিষ্ট পাঠ্য পুস্তক হল 'থিলি'র বই, তিনি পড়াতে সুরু করলেন 'আর্ডমান'এর বই। শেষে তাতেও সন্তুষ্ট না হয়ে যে দার্শনিকের মত আলোচনার বিষয়, তাঁরই মূল গ্রন্থ পড়াতে আরম্ভ করলেন। হয়ত দর্শনের বস্তুতত্ত্ব (Ontology) ছিল পাঠের বিষয়, তিনি 'এডিংটন'এর বই এনে পরমাণু সম্বন্ধে সবার নূতন তত্ত্ব নিয়ে আলোচনা সুরু করতেন।

তাঁর আদর্শ ছিল ছাত্রকে পরীক্ষায় উত্তীর্ণ হতে ততটা সাহায্য না করা, যতখানি তার জ্ঞানপিপাসা বৃদ্ধি করিয়ে দেওয়া। কলেজ জীবনে পাঠের নির্দিষ্ট সময়ের মধ্যে হ'ক, তার বাহিরে অবসর সময়ে হ'ক, যখনি তাঁর সম্পর্কে এসেছি, একটা কথাই বারবার তিনি বলেছেন, জ্ঞান আহরণ কর, জ্ঞান প্রচার কর, জীবনে সেইটাই সবার বড় কাজ। তিনি বলেছেন বেদে প্রশ্ন উঠেছিল 'ইয়ং বিসৃষ্টি কুত আবভূব' সে প্রশ্নের উত্তর এখনও দেওয়া হয় নি, সে প্রশ্নের সমাধান বার করতে চেষ্টা কর। সত্যানুসন্ধানকে শুধু কলেজ জীবন নয়, সমগ্র জীবনের ব্রত কর।

ছাত্রের সহিত সম্পর্ক শুধু কলেজের নির্দিষ্ট পাঠের সময়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে এ তিনি চাইতেন না। ছাত্রের সঙ্গে ব্যক্তিগত সম্বন্ধ স্থাপনে তিনি উন্মুখ ছিলেন। ছাত্র জীবনে আমাদের ছুটির দিনে আমন্ত্রণ ক'রে কতবার তাঁর বাড়ীতে নিয়ে গিয়েছেন মনে পড়ে। সেখানে তাঁর নিজস্ব বিরাট পুস্তকাগার দেখে মুগ্ধ হয়েছি, আরও মুগ্ধ হয়েছি তাঁর জীবনযাত্রা প্রণালী দেখে। জ্ঞান পিপাসা মানুষকে কতখানি তন্ময় করতে পারে, সেটা হৃদয়ঙ্গম হয় তাঁকে দেখে। মুখের বাণী দিয়ে, জীবনযাত্রার রীতি দিয়ে তিনি যেন ছাত্রকে একটি কথা বুঝাতে চেয়েছিলেন, আমার আদর্শকে তুমি গ্রহণ কর, আমার আদর্শ হল এই ঃ

‘এ বিরাট মাঝে পরমাণু কণা সম,
কেন এ হৃদয় ফুটিয়াছে অনুপম,
তুচ্ছ কাচের ছায়া !
কেমনে ধরিব তাহাতে বিশ্বমায়া !
তবু তার লাগি করিতেছি প্রাণ-পণ,
ঢালিয়াছি সেথা সকল জীবন মন’ (ক্ষণ লেখা)

---

# কলেজ প্রসঙ্গে

## অধ্যাপক ডাঃ সুবোধচন্দ্র সেনগুপ্ত

*প্রেসিডেন্সি কলেজ পত্রিকার যাঁহারা পরিচালক তাঁহারা এই কলেজের অভিজ্ঞতা* সম্পর্কে কিছু লিখিবার জন্য আমাকে অনুরোধ করিয়াছেন, কারণ এই যে সকল প্রাচীন অধ্যাপক এই কলেজের সঙ্গে যুক্ত আছেন আমি তাহাদের অন্যতম। এই অনুরোধে আমি যুগপৎ আনন্দিত ও ব্যথিত হইয়াছি। নিজেকে প্রবীণ বলিয়া পরিচিত হইতে দেখিলে আত্মশ্লাঘার সঞ্চার হওয়া স্বাভাবিক। সঙ্গে সঙ্গে ইহাও মনে হইতেছে যে আমরা বিলীয়মান অতীতের অঙ্গ, নবীন জীবনের যে ধারা ভবিষ্যতের দিকে অগ্রসর হইতেছে তাহার সঙ্গে আমাদের সংযোগ ক্ষীণ হইয়া আসিতেছে।

( ১ )

পূর্ব্ববঙ্গের পল্লীগ্রামের স্কুল হইতে ম্যাট্রিকুলেশন পাশ করিয়া ১৯২০ সালের জুলাই মাসে আমি প্রেসিডেন্সি কলেজের প্রথম বার্ষিক শ্রেণীতে ভর্ত্তি হই এবং ইডেন হিন্দু হষ্টেলেও প্রবেশ করি। তাহার পরে সুদীর্ঘ ছত্রিশ বৎসর কাটিয়া গিয়াছে। প্রেসিডেন্সি কলেজের শতবর্ষব্যাপী ঐতিহ্যের এক-তৃতীয়াংশের সঙ্গে আমি অতি ঘনিষ্ঠভাবে পরিচিত।

১৯২০ সালে এখানে কয়েকজন অধ্যাপক ছিলেন বিলাতী সাহেব—মিঃ ওয়ার্ডস্‌ওয়ার্থ, মিঃ ষ্টার্লিং, মিঃ হোম ও ডক্টর হ্যারিসন। মিঃ ওয়ার্ডস্‌ওয়ার্থ কর্ম্মব্যপদেশে বা ছুটিতে স্থানান্তরে গেলে তাঁহার জায়গায় অধ্যক্ষের কাজ করিতে আসেন মিঃ ব্যারো। পরে অধ্যক্ষের পদগ্রহণ করেন মিঃ ষ্টেপ্‌ল্‌টন। কলেজে কয়েকজন সাহেব অধ্যাপক থাকার জন্যই হউক অথবা প্রেসিডেন্সি কলেজের কৌলীন্যের জন্যই হউক, তখন কলেজে বেশ একটা আঁটাসাঁটা সাহেবী আবহাওয়া ছিল। কলেজের কোন অধ্যাপক ধুতিপাঞ্জাবী পরিতেন না; কোটপ্যাণ্ট না হয় চাপকান। আমরা যখন চতুর্থ বার্ষিক শ্রেণীতে উঠিলাম তখন গ্রীষ্মাবকাশের পর অধ্যাপক প্রফুল্লচন্দ্র ঘোষ ধুতি ও কোট পরিয়া কলেজে আসিয়া



অধ্যাপক সুরেন্দ্রনাথ দাসগুপ্ত



অধ্যাপক প্রফুল্লচন্দ্র ঘোষ

ক্লাশ পড়াইতে আরম্ভ করিলে বেশ একটু চাঞ্চল্যের সৃষ্টি হইয়াছিল। পরে শুনিয়াছি যে তাঁহার সহকর্ম্মীদের মধ্যে কেহ কেহ বলিয়াছিলেন যে তাঁহার এই আচরণে প্রিমিয়ার কলেজের মর্য্যাদার হানি হইবে। আমাদের কেহ কেহ বলিল যে ব্যারো সাহেব তাঁহার নামে রিপোর্ট করিয়া দিবেন। কিন্তু দেখা গেল কিছুই হইল না; বরং অন্যান্য অনেকে তাঁহার পদাঙ্ক অনুসরণ করিতে লাগিলেন। শুধু সাহেবী পোষাক নহে; অধ্যাপক ও ছাত্রদের মধ্যে তখন দূরত্ব খুব বেশী ছিল। অধ্যাপকেরা অনেকেই ক্লাশের বাহিরেও আমাদের সঙ্গে ইংরেজিতে কথা বলিতেন, প্রফেসারদের বসিবার ঘরে আমাদের প্রবেশ ছিল না। আমাদের কাছে প্রফেসারদের বিরামগৃহ পরম রহস্যময়, অনাবিষ্কৃত রাজ্য বলিয়া মনে হইত। কেহ কেহ মনে করেন এখনও প্রেসিডেন্সি কলেজের প্রফেসার ও ছাত্রদের মধ্যে যথেষ্ট দূরত্ব রহিয়াছে। হয়ত এই অভিযোগের মধ্যে খানিকটা সত্য আছে। কিন্তু ইহা মানিতেই হইবে যে সেকাল ও একালের মধ্যে অনেক পার্থক্য; অর্থাৎ এখন যাহা সহজ হইয়াছে তখন তাহা কল্পনাও করা যাইতে পারিত না।

আমার ছাত্র জীবনের প্রারম্ভে অসহযোগ আন্দোলন আরম্ভ হয়; ওয়েলিংটন স্কোয়ারে বিশেষ কংগ্রেসের অধিবেশনে মহাত্মা গান্ধীর নেতৃত্বে অসহযোগ প্রস্তাব গৃহীত হয়। আমার অধ্যাপনা জীবনের প্রারম্ভে আইন-অমান্য আন্দোলনে দেশ মুখর হইয়া উঠে। এই উভয় আন্দোলনের সময়ই এই কলেজের অধ্যক্ষ ছিলেন মিঃ জে, আর, ব্যারো। এই কলেজে বহু প্রখ্যাতনামা অধ্যাপক অধ্যাপনা করিয়াছেন এবং বহু নামজাদা অধ্যক্ষ কর্ত্তৃত্ব করিয়াছেন। যে সমস্ত অধ্যক্ষের কর্ম্মকুশলতা বিশেষভাবে স্মরণীয় অধ্যক্ষ ব্যারো তাঁহাদের মধ্যে অন্যতম। স্বাধীনতা আন্দোলনের সময় তিনি ছিলেন বিদেশী শাসকদের প্রতিনিধি, এবং যে বিদেশী শাসক-সম্প্রদায়ের বিরুদ্ধে এই দেশব্যাপী আন্দোলন তিনি তাঁহাদেরই একজন। কিন্তু একদিনের জন্যও তাঁহার ধৈর্য্যচ্যুতি হয় নাই, মুহূর্ত্তের জন্যও তিনি কর্ত্তব্যের পথ হইতে দক্ষিণে বামে হেলেন নাই। আমাদের দেশের রাজনৈতিক সংগ্রামের সঙ্গে তিনি সহানুভূতি-সম্পন্ন ছিলেন এমন কথা মনে করিবার কোন কারণ নাই। ইহার তিনি বিরোধী ছিলেন এমন কোন ইঙ্গিতও তাঁহার বাক্যে বা কার্য্যে পাওয়া যায় নাই। তিনি একটা বিশিষ্ট নীতির প্রতীক ছিলেন—তাহা হইল শিক্ষামন্দিরের নিরপেক্ষতা। ছাত্রদের মধ্যে শৃঙ্খলা বা ডিসিপ্লিন লইয়া অনাদিকাল হইতে তর্ক বিতর্ক হইতেছে। তিনি বলিতেন, ডিসিপ্লিন একটা স্বয়ং সম্পূর্ণ আদর্শ নহে, ইহাকে fetish-এ পরিণত করা মূর্খতা। কিন্তু অধ্যক্ষ হিসাবে তাঁহার কাজ এমন একটা পরিবেশের সৃষ্টি করা যেখানে শিক্ষক ও ছাত্রের পঠন-পাঠন বিপর্য্যস্ত না হয়। তিনি কখনও এই পথ হইতে ভ্রষ্ট হ'ন নাই। তিনি অনেক ছাত্রের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করিয়াছিলেন, কিন্তু তাঁহার চরিত্রের দৃঢ়তা ও ঋজুতা সকলেরই শ্রদ্ধা আকর্ষণ করিয়াছিল। তাঁহাকে যখন বিদায় সম্ভাষণ জানান হয় তখন একটা সক্রিয় অংশ গ্রহণ করিয়াছিলেন সেই সব প্রাক্তন ছাত্রেরা যাঁহাদিগকে তিনি

বহিষ্কৃত করিয়াছিলেন এবং যতদূর স্মরণ হয় তাঁহারা পৃথক্ মানপত্র পাঠ করিয়া তাঁহাদের শ্রদ্ধা জানাইয়াছিলেন।

অধ্যক্ষ ব্যারো শিক্ষায়তনের যে নিরপেক্ষতার আদর্শ নির্দ্ধারণ করিয়াছিলেন তাহার যৌক্তিকতা লইয়া প্রশ্ন উঠিতে পারে। কেহ কেহ বলিবেন যে শিক্ষায়তন দেশেরই অঙ্গমাত্র, সুতরাং দেশের বৃহত্তর আন্দোলন হইতে ইহাকে বিচ্ছিন্ন করিলে ইহাকে পঙ্গু করিয়া ফেলা হইবে। এই প্রশ্নের আলোচনা এই প্রবন্ধের বিষয় নহে; সুতরাং ইহার উল্লেখ করিয়াই নিরস্ত হইলাম। তবে একটি জিনিষ লক্ষ্য করিয়াছি। সেই সময়ে কলেজের ছাত্র ও অধ্যাপকেরা যেমন নির্ব্বিরোধে, নিশ্চিন্তভাবে অনন্যমনা হইয়া অধ্যয়ন অধ্যাপনায় মনোনিবেশ করিতেন তাহার পরে আর তেমনটি দেখি নাই। আজকাল বাহিরের যে কোন আন্দোলনেই আমরা সাড়া দিই, পূর্ব্বে বিরাট বিরাট ব্যাপারেও আমরা অপেক্ষাকৃত নির্লিপ্ত থাকিতাম, আমাদের বাহিরের সঙ্গে সংযোগ নিবিড়তর হইয়াছে, কিন্তু পূর্ব্বের সেই অনলস অভিনিবেশ আর নাই।

সাহেব অধ্যাপক যাঁহারা ছিলেন তাঁহাদের মধ্যে জে, ডব্লিউ, হোমের কথা আমার খুব মনে আছে। প্রাচ্য দেশীয় ছাত্রদের মধ্যে অলঙ্কার ও অতিশয়োক্তির প্রতি একটা প্রবণতা দেখা যায়, আমরা সাধারণতঃ সহজ কথাকে সহজভাবে বলিতে পারি না, সব জিনিষকেই শব্দবাহুল্যে ভারাক্রান্ত করি। ইংরেজ বণিকের জাতি, আমাদের এই আড়ম্বর-প্রিয়তা তাহার কাছে কৌতুকাবহ। হোম সাহেব আমাদের অতিশয়োক্তি প্রবণতার উপর তীব্র কশাঘাত করিতেন। তাঁহার কাছে কোন রচনা লিখিতে হইলে বিশেষণের প্রয়োগ সম্পর্কে খুব কার্পণ্য করিতে হইত। তিনি একবার আমাদিগকে বলিয়াছিলেন, 'তোমরা অতিরিক্ত বিশেষণ প্রয়োগ করিলে এবং "Very"-শব্দটিকে বিশেষণভাবে প্রয়োগ করিলে, আমি এই প্রত্যেক অপ-প্রয়োগের জন্য এক টাকা করিয়া জরিমানা করিব।' একবার আমার এক বন্ধু কি একটা প্রসঙ্গে লিখিয়াছিলেন,'…destroy the lives of ··'। হোম সাহেব তাঁহাকে পেন্সিলের খোঁটা দিয়া বলিতে লাগিলেন, 'Why not the simple Teutonic word—Kill—K I L L !'

ইংরেজ শাসনের বিলোপের পূর্ব্বেই ইংরেজ অধ্যাপকমণ্ডলী অন্তর্হিত হইয়াছেন। দুইজন ইংরেজ অধ্যাপক পরে নিযুক্ত হইয়াছিলেন, কিন্তু তাঁহারাও বেশীদিন থাকেন নাই। এই কলেজের প্রতিষ্ঠাতাদের মধ্যে ইংরেজ ছিলেন এবং সট্‌ক্লিফ্, পেড্‌লার, ম্যান্ প্রভৃতি ইংরেজ অধ্যাপকেরাই এই কলেজকে সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করেন। পূর্ব্বেকার ইংরেজ অধ্যাপকদের কথা বলিতে পারি না। আমাদের আমলে মনে হইত ইঁহাদের নিকট হইতে জানিবার ও শিখিবার অনেক আছে, কিন্তু তবু তাঁহাদের ও আমাদের মধ্যে যেন একটা বিরাট ব্যবধান আছে; সেইজন্য আমরা কাছে আসিয়াও মিলিতে পারি না। দুই একজন সেই দূরত্বের বাঁধ ভাঙ্গিতে চেষ্টা করিয়াছেন; তাহাতে শুধু গোলমালেরই সৃষ্টি

হইয়াছে। সেই সব গোলযোগ কতটা তাঁহাদের ব্যক্তিগত বৈশিষ্ট্যের জন্য সৃষ্ট হইয়াছিল এবং কতটা তাহা বিদেশীয় শাসনব্যবস্থার সঙ্গে অচ্ছেদ্যভাবে জড়িত তাহা বলিতে পারি না। আমাদের সব সময়ই মনে হইত এই সব বিদেশী অধ্যাপকেরা একটা প্রাণহীন আম্‌লাতন্ত্রের অঙ্গ, এবং তাঁহাদের ব্যক্তিগত গুণাগুণ যাহাই থাক্ না কেন শাসনযন্ত্রের মধ্যে প্রাণের সঞ্চার না হইলে তাঁহাদের সঙ্গে আমাদের অন্তরঙ্গ সংযোগ হইতে পারে না।

১৯৩০ সালে শেষ বিদেশী অধ্যক্ষ কলেজ হইতে অবসর গ্রহণ করেন; অবশ্য তাহারও পনের বৎসর পর পর্য্যন্ত শিক্ষাবিভাগের অধিকর্ত্তা ইংরেজ ছিলেন। ১৯৪৭ সাল হইতে আমরা পরিপূর্ণ স্বাধীনতা লাভ করিয়াছি। এই স্বাধীনতা লাভের পরে শিক্ষাব্যবস্থার মধ্যে কতটা প্রাণের সঞ্চার হইয়াছে এবং এই নূতন পরিপ্রেক্ষিতে প্রেসিডেন্সি কলেজের কতটা উন্নতি হইয়াছে তাহার বিচার ভবিষ্যৎ ঐতিহাসিকেরা করিবেন। এখন শিক্ষক ও ছাত্র একই সমাজভুক্ত; তাহারা প্রতিদিন পাঠ-গৃহে বা বৈজ্ঞানিক পরীক্ষা-গৃহে একত্রিত হয়। সুতরাং তাহাদের মধ্যে ব্যবধান ক্রমশঃ সঙ্কুচিত হইয়া আসে। কিন্তু যাঁহারা শিক্ষা ব্যবস্থার মালিক তাঁহারা থাকেন শিক্ষক ও ছাত্র হইতে দূরে। তাঁহারা কেহ আম্‌লা, কেহ রাজনীতিবিদ্। সুতরাং ইহা অসম্ভব নয় যে রক্তকরবীর রাজার মত তাঁহারা জালের অন্তরালেই থাকিয়া যাইবেন। এই পরিণতি সকলের পক্ষেই অশুভ, কিন্তু প্রেসিডেন্সি কলেজের পক্ষে ইহা বিশেষ করিয়া ক্ষতিকর হইবে। প্রেসিডেন্সি কলেজ অন্যান্য সকল প্রতিষ্ঠানের মতই একটা শিক্ষা প্রতিষ্ঠান, কিন্তু ইহা অন্যান্য প্রতিষ্ঠান হইতে স্বতন্ত্র—ইহার শ্রেণীগত রূপে নয়, স্বকীয় বৈশিষ্ট্যে। বিদেশী রাজশক্তিও এই বৈশিষ্ট্য স্বীকার করিয়াছিলেন এবং এই স্বীকৃতি দিয়াছিলেন বলিয়াই এই প্রতিষ্ঠান তাহার ঐতিহ্য রচনা করিতে পারিয়াছিল। ইহাকে ৬৯ঘ, ৪৭ঙ-র মত একটা মার্কা মাত্র দিলে ইহা ধীরে ধীরে অবনতির দিকে অগ্রসর হইবে।

( ২ )

১৯৩৭ সালে প্রাদেশিক স্বায়ত্তশাসনের ফলে তদানীন্তন মুস্লিমলীগ পার্টি ক্ষমতায় আসীন হ'ন এবং ১৯৪৭ পর্য্যন্ত তাঁহাদের এই ক্ষমতা অটুট থাকে। এই দশ বৎসরের ইতিহাস এই কলেজের পক্ষে সর্ব্বাপেক্ষা বেদনাময়। হয়ত ইহার কোন উল্লেখ না করাই ভাল। কিন্তু আমি সেই ইতিহাসের একজন সাক্ষী এবং সেই ব্যবস্থার একজন ভুক্তভোগী। সুতরাং তাহার উল্লেখ না করিলে এই আখ্যায়িকা অসম্পূর্ণ থাকিবে। তখন শিক্ষাব্যবস্থা সাম্প্রদায়িক মনোমালিন্যের বিষে জর্জ্জরিত হইয়াছিল। অধ্যাপকদের মধ্যে দুই দল (দুই চার জন উভচর জীবও ছিলেন), ছাত্রদের মধ্যে দুই দল, সর্ব্বত্র সন্দেহ, অবিশ্বাস ও অশ্রদ্ধার বাষ্প পরিব্যাপ্ত। দেশবিচ্ছেদের ফলে আমাদের অনেক অসুবিধা হইতেছে সন্দেহ নাই, কিন্তু সেই কলুষিত আবহাওয়া হইতে আমরা মুক্তি পাইয়াছি। শিক্ষা-প্রতিষ্ঠানের পক্ষে ইহা একটা মস্ত লাভ।

( ৩ )

গত তিরিশ বৎসরে অধ্যাপনার মূল্যমানের কিছু কিছু পরিবর্ত্তন হইয়াছে। সেই বিষয়ের উল্লেখ করিয়া এই প্রবন্ধের উপসংহার করিব। আমরা যখন প্রথম পড়িতে আসি এবং যখন অধ্যাপনা করিতে আরম্ভ করি তখন বিলাতী ডিগ্রির খুব একটা মোহ ছিল। স্বর্গত স্যার আশুতোষ মুখোপাধ্যায় বিশ্ববিদ্যালয়কে এই মোহ হইতে মুক্তি দিয়াছিলেন—সি, ভি, রমন, সর্ব্বপল্লী রাধাকৃষ্ণণ, ব্রজেন্দ্রনাথ শীল, হীরালাল হালদার প্রভৃতির কোন বিলাতী ডিগ্রী ছিল না। কিন্তু সরকারের চাকুরিতে বিলাতী ডিগ্রির খুব প্রতাপ ছিল। কয়েকজন বিলাতফেরৎ দেশী সাহেবরা তখন চাকুরির শীর্ষস্থানে আরোহণ করিয়াছেন। নিজেদের মর্য্যাদা বাড়াইবার জন্য অথবা উচ্চবেতনের সার্থকতা খুঁজিবার জন্য তাঁহারা এই বস্তুটির খুব মূল্য দিতেন। সাহেবরা যাঁহারা ছিলেন তাহারাও এই দম্ভ ও দাবীর পোষকতা করিতেন, কারণ বিলাত গেলেই যদি মূল্য বাড়ে তাহা হইলে বিলাতে যিনি জন্মিয়াছেন তাঁহার শ্রেষ্ঠত্ব অস্বীকার করিবার উপায় থাকে না। আমার নিজের বিলাতী ডিগ্রী নাই, সুতরাং আমার মত নিরপেক্ষ নাও হইতে পারে। কিন্তু আমার মনে হয় এই জিনিষটি লইয়া বড় বাড়াবাড়ি করা হইত এবং তাহার জন্য সত্যকার মূল্য বোধ আচ্ছন্ন হইয়া পড়িত। শিক্ষা প্রতিষ্ঠান স্বাধীন বিচার বুদ্ধির লীলাভূমি হইবে। সেইখানে পঠন-পাঠনের একমাত্র মাপকাঠি হইবে পাণ্ডিত্য ও অধ্যাপন-কুশলতা। অক্সফোর্ড-কেম্ব্রিজের বহু কৃতী ছাত্র এই কলেজের গৌরব বৃদ্ধি করিয়াছেন, তাহা কৃতজ্ঞতার সহিত স্বীকার করিতে হইবে। কিন্তু সুয়েজ-খাল পাড়ি দিলেই বুদ্ধি ও জ্ঞান বাড়িয়া যাইবে এইরূপ মনে করিবার কোন কারণ নাই। সুখের বিষয় গত সাত আট বৎসরের মধ্যে এই বিষয়ে আমাদের মনোভাবের শুভ পরিবর্ত্তন হইয়াছে। এখন পূর্ব্বাপেক্ষা বেশী ছাত্র বিদেশ-যাত্রা করে এবং বিদেশী শিক্ষা লাভ করে। কিন্তু সেই দাস-মনোবৃত্তি এখন আর তেমন নাই। এখন প্রত্যেকের সম্পর্কে একটা মোহ নিযুক্ত নিরপেক্ষ মানদণ্ড প্রয়োগ করার চেষ্টা হইতেছে।

কিন্তু একটি মোহের অন্তর্দ্ধানে সঙ্গে সঙ্গে আর একটি মোহের সূত্রপাত দেখিতেছি। ইহা হইল গবেষণা বা রিসার্চ-মোহ। পণ্ডিতব্যক্তির গবেষণার দ্বারা পৃথিবীর জ্ঞানের ভাণ্ডার দিনে দিনে বর্দ্ধিত হইয়াছে এবং সেই ভাণ্ডারকে ঐশ্বর্য্যবান করিবার চেষ্টা মহনীয় সন্দেহ নাই। ইহাও সত্য যে এই পথে বহু আবর্জ্জনা স্তূপীকৃত হইবে। বহু তুচ্ছ চেষ্টাকে মহনীয় অভিযান বলিয়া চালাইয়া দেওয়া হইবে; তবুও এই পথেই জ্ঞানের আলোকের সন্ধান মিলিবে। কিন্তু শিক্ষকের প্রধান কাজ শিক্ষাদান করা; প্রায় দেড়শত বৎসর ধরিয়া বহু কৃতী অধ্যাপক এখানে বহু ছাত্রের বুদ্ধি ও কল্পনাকে উদ্বোধিত ও সঞ্জীবিত করিয়াছেন এবং তাহাদের হৃদয়ে জ্ঞানপিপাসা জাগ্রত করিয়াছেন। গবেষণাকে অধ্যাপনা হইতে বিচ্ছিন্ন করিয়া স্বতন্ত্র মূল্য দিতে আরম্ভ করিলে কিরূপ অধোগতি হয় তাহার দৃষ্টান্ত হয়ত হাতের কাছেই আছে। প্রেসিডেন্সি কলেজকে বড় করিয়াছেন ইহার বিদ্যার্থী ছাত্রেরা এবং প্রতিভাবান অধ্যাপকেরা।

এখানে বহু গবেষক গবেষণা করিয়াছেন এবং তাঁহাদের মধ্যে অনেক গবেষণা খুব মূল্যবান্, দেদীপ্যমান। কিন্তু সেই সব পূর্ব্বসূরীরা অধ্যাপনাকেই জীবনের প্রধান ব্রত বলিয়া মনে করিতেন; সেই অধ্যাপনার সঙ্গে নিবিড় সম্পর্ক ছিল বলিয়া হয়ত তাঁহাদের গবেষণাও উৎকর্ষ লাভ করিয়াছিল। কিন্তু আজকাল ছাপাখানা ও পত্রিকার প্রাচুর্য্যে শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রকাশ ও প্রচারের সুবিধা অনেক বাড়িয়া গিয়াছে এবং সেইজন্য অধ্যয়ন-অধ্যাপনার কঠিন পথ হইতে বিচ্যুত হইয়া গবেষণার সহজ সুখ্যাতির মোহে আচ্ছন্ন হওয়া অস্বাভাবিক নহে। তবুও এই কথা ভুলিলে চলিবে না এই কলেজ এই দেশের সর্বোত্তম বিদ্যায়তন এবং বিদ্যার আদান-প্রদানের মধ্য দিয়াই ইহা সম্পূর্ণ সার্থকতা লাভ করিবে। গবেষণা শ্রম-সাপেক্ষ কিন্তু অপেক্ষাকৃত সহজ, ছাত্রের মধ্যে জ্ঞানপিপাসা জাগ্রত করা ও পরিতৃপ্ত করার মধ্যে আনন্দ আছে কিন্তু তাহা অপেক্ষাকৃত কঠিন।

( ৪ )

আমার জীবনের দীর্ঘতম অধ্যায় এখানে কাটিয়া গিয়াছে। আমি অনেক মহান্ অধ্যাপকের সংস্পর্শে আসিয়াছি। সময়ান্তরে তাঁহাদের কথা বলিতে চেষ্টা করিব। আমার সহযোগী অনেক ছাত্রের সঙ্গে আমার নিবিড় সম্পর্ক গড়িয়া উঠিয়াছিল। তাহাদের কথা বলিবার সময় আসে নাই। আমি এখানে বহু ছাত্রের সংস্পর্শে আসিয়াছি যাহাদের কথা আমি প্রীতির সহিত স্মরণ করি। ছত্রিশ বৎসর পূর্ব্বে এই বিদ্যামন্দিরে প্রবেশ করিয়াছিলাম; এখন অবসর নেওয়ার দিন অদূরবর্ত্তী:

যাবার আগে এই কথাটি জানিয়ে যেতে চাই।
যা পেয়েছি, যা দেখেছি তুলনা তার নাই॥

# প্রেসিডেন্সী কলেজ শতবার্ষিকী

**অধ্যাপক ডাঃ অমলেশ ত্রিপাঠী**

উচ্চ শিক্ষার উদ্দেশ্য যদি হয় জাতির ঐতিহ্যকে ধরে রাখা এবং তাকে দেশবিদেশের শ্রেষ্ঠ ভাবনা দিয়ে পুষ্ট করে ভাবীকালের মধ্যে সঞ্চারিত করে দেওয়া তবে স্বীকার করতে হবে গত সার্দ্ধশত বৎসর ধরে হিন্দু কলেজ ও তারই রূপান্তর প্রেসিডেন্সী কলেজের মত সে কর্ত্তব্য এমন সুষ্ঠুভাবে অন্য কোন প্রতিষ্ঠান পালন করেনি। তাকে আশ্রয় করে গড়ে উঠেছিল বাংলার তথা ভারতের নব জাগ্রত সত্তা। কলম্বাসের মত তা আবিষ্কার করেছে পাশ্চাত্ত্য জ্ঞানবিজ্ঞানের বিস্ময়কর দিগন্ত, ভগীরথের মত প্রবাহিত করেছে সজীব চিন্তার সঞ্জীবনী ধারা, যুগযুগান্তরের সাধনাকে সমন্বিত করেছে নিত্য নব সৃষ্টির আশ্চর্য্য অজস্রতায়। ব্যক্তির ও

জাতির জীবনে এমন কোন প্রকাশ ছিল না যেখানে হিন্দু ও প্রেসিডেন্সী কলেজের প্রভাব পড়েনি। তার অধ্যাপক মন্থন করেছেন সেক্সপীয়ারের সমুদ্র; তার ছাত্র হোমার মিল্টনের প্রতিদ্বন্দ্বিতা করেছেন প্রথম এবং সার্থকতম বাংলা মহাকাব্যে। তার অধ্যাপক স্কট, ডিকেন্সকে বিশ্লেষণ করেছেন; তার ছাত্র সৃষ্টি করেছেন প্রথম এবং অনুপম বাংলা উপন্যাস। তার অধ্যাপক রচনা করেছেন হিন্দু রাজনীতি, বৌদ্ধধর্ম ও ভারতীয় দর্শনের ইতিহাস, তার ছাত্র করেছেন মুঘল ভারতের প্রাণ প্রতিষ্ঠা, বৃহত্তর ভারতের পথনির্দেশ। তার অধ্যাপক উদ্ভিদের তন্তুতে আবিষ্কার করেছেন প্রাণের ছন্দ, বিদ্যুতের তরঙ্গে সৃষ্টির সঙ্গীত, পারদের মধ্যে পদার্থের রহস্য; তার ছাত্র মেপেছেন গৌরীশঙ্করের উচ্চতা, লিখেছেন আপেক্ষিক গতির গণিত, জেনেছেন নক্ষত্রলোকের তত্ত্ব, নেমেছেন অনুপরমাণুর গভীরে, নিয়োজিত করেছেন সংখ্যাকে জনকল্যাণের সঙ্কল্পে। গুরুশিষ্যের সহযোগিতায় এবং গুরুশিষ্য পরম্পরায় চিন্তা রাজ্যে এমন রোমাঞ্চকর অভিযান এদেশে অন্ততঃ হয়নি।

শুধু শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে নয়—তার ছাত্রেরা ইংরাজদের সহযোগিতায় যেমন দেশকে প্রথম শাসন করতে নেমেছে, তেমনি সে শাসনের বিরুদ্ধে প্রথম প্রতিবাদও করেছে। এক ছাত্র রচনা করেছেন বন্দেমাতরম্ মন্ত্র, আরেকজন সাম্রাজ্যবাদী শোষণের ইতিহাস, তৃতীয় জন গঠন করেছেন স্বরাজ্য দল, চতুর্থ ভারতের জাতীয় বাহিনী (I.N.A.)। তার পরীক্ষাগার থেকে সন্ত্রাসবাদী নিয়েছেন প্রথম বোমার উপকরণ—আর তার বক্তৃতা কক্ষ থেকে চম্পারণের নেতা—প্রথম সত্যাগ্রহের পাঠ। যখন যে ক্ষেত্রেই হোক না কেন প্রেসিডেন্সী কলেজের ছাত্রেরা নেতৃত্ব পেয়েছেন শিক্ষা ও চারিত্র্যগুণে। তার অনেকখানি কলেজের দান। তাই তাঁদের কাছে এটি শিক্ষাপ্রতিষ্ঠানের অধিক—একটি প্রগতিশীল নৈতিক ও মনন শক্তি, যা যুগে যুগে নব জাগরণের সূতিকাগৃহ, নব পদক্ষেপের প্রস্থানভূমি।

শতবার্ষিকী সংখ্যার অন্যত্র শ্রদ্ধেয় রাজনারায়ণ বসুর একটি দুষ্প্রাপ্য গ্রন্থ প্রকাশিত হয়েছে যাতে হিন্দু কলেজের ইতিহাস মিলবে। তার পুনরাবৃত্তি নিরর্থক। শুধু লক্ষ্যনীয় হিন্দু কলেজের প্রতিষ্ঠাতাদের মধ্যে ছিলেন ভারত পথিক রামমোহন, যাঁর কল্পনানেত্রে প্রাচী ও প্রতীচির সমন্বয়ের স্বপ্ন ভেসে উঠেছিল। তাকে রূপ দেবার জন্য প্রথমেই শিক্ষাব্যবস্থার আমূল পরিবর্ত্তন প্রয়োজন হল। রামমোহন ধ্যান যোগে যে এ সত্য উপলব্ধি করেছিলেন তা নয়, ইতিহাস সম্বন্ধে তাঁর তীক্ষ্ণ চেতনাই এর জন্ম দেয়। দেশীয় শিক্ষাব্যবস্থা ব্যাকরণের গোলক ধাঁধাঁর মধ্যে অন্ধের মত ঘুরে মরছিল, ন্যায়ের সূতা জালে তার শ্বাস হয়ে বসেছিল রুদ্ধ। এদিকে ইংরেজ রাজত্ব ও ঔপনিবেশিক ধনতন্ত্রের অভ্যুদয়ের ফলে ভারতের সমাজ যে বৈপ্লবিক পরিবর্ত্তনের মধ্য দিয়ে চলেছিল তার সঙ্গে অরাজক রাষ্ট্র, বর্ণাশ্রম শাসিত সমাজ ও গ্রামীন অর্থনীতির উপর প্রতিষ্ঠিত শিক্ষা ব্যবস্থার কোন যোগই ছিল না। ইউটিলিটারিয়ান দর্শনে অনুপ্রাণিত নূতন সমাজপতির দল স্বভাবতই বিশুদ্ধ জ্ঞান অপেক্ষা ব্যবহারিক জ্ঞানের উপর শিক্ষাব্যবস্থাকে প্রতিষ্ঠিত করতে চাইলেন। যেহেতু সে ব্যবহারিক জ্ঞানের উৎস প্রতীচি

এবং ভারতীয়ের অভিজ্ঞতায় প্রতীচী ও ইংরাজ সমর্থক, সে হেতু ইংরাজীর মাধ্যমে তার প্রচার বাঞ্ছনীয় মনে হ'ল। কিন্তু পশ্চিম দিকের সব কয়টা বাতায়ন খুলে দিয়ে অচলায়তনের রুদ্ধ কক্ষে কক্ষে আলো বাতাসের প্রবাহ বইয়ে দিতে হবে—এমন উদার মত রামমোহন ছাড়া অন্য কোন প্রতিষ্ঠাতার ছিল না। সকলের চোখে যুক্তিবাদী স্কচ ডেভিড হেয়ার বা সমন্বয়বাদী ব্রাহ্ম রামমোহনের মত শিক্ষার মানবতা-উদ্বোধনী ও ঔদার্য্যসঞ্চারিণী মূল্য প্রতিভাত হয় নি। তাই রক্ষণশীল দলের আক্রমণে রামমোহনকে কর্তৃমণ্ডলী থেকে সরে দাঁড়াতে হ'ল। রামমোহন কোনদিন স্বদেশী সংস্কৃতিকে বর্জ্জন করতে চাননি, শুধু বিদেশী সংস্কৃতি দ্বারা তাকে শুদ্ধ ও সমৃদ্ধ করতে চেয়েছিলেন। এই সমন্বয়ের ভাবটি আর রইল না। কলেজের নামকরণের মধ্য দিয়েই স্বদেশী সংস্কৃতি সংরক্ষণের উপর বিশেষ জোর পড়ল।

১৮২৬ সালে ডিরোজিওর আবির্ভাবে এই ব্যবস্থা টলে উঠল। প্রথম থেকে হিন্দু কলেজের পঠন পাঠন যদিও ধর্ম্মনিরপেক্ষ ছিল ( পাঠ্য ছিল ইংরাজী সাহিত্য, ইতিহাস, ভূগোল, গ্রহতত্ত্ব, গণিত ও রসায়ন ) তথাপি বিদেশী শিক্ষা প্রসারের সঙ্গে সঙ্গে সমাজ মানসে যে চাঞ্চল্য জাগবে, শুধু বাহ্যিক সংস্কারে নয়, আভ্যন্তরীণ প্রাণধর্ম্মেও আঘাত লাগবে, কর্তৃপক্ষ তা বুঝতে পারেননি। তাঁরা ভেবেছিলেন ইংরেজদের কাছে ভাষা ও বিজ্ঞান শিখে ঘরের ছেলে ফিরে আসবে ঘরে,পালন করবে পিতৃপিতামহের আচার, যাপন করবে চিরদিনের অভ্যস্ত জীবন। কিন্তু চিন্তার রাজ্যে কোন সীমান্ত স্থাপন করা যায় না। বলা যায় না আমার সুবিধা মত এটা নেব ওটা নেব না। লক, হিউম, বেন্থাম ও মিলের কাছে যারা দর্শন পড়েছে, মেকলে ও গিবনের কাছে ইতিহাস, সেক্সপীয়ার এবং মিল্টনের কাব্য যাদের স্বপ্নকেও বিহ্বল করে তুলেছে—তারা চিন্তা জগতে কোন বন্ধন স্বীকার করবে না এতে আশ্চর্য্য কি! আর সেই অনমনীয় স্বাধীন চিত্তবৃত্তি একদা যে তাদের ক্রিয়াকলাপকেও প্রভাবিত করবে সে ত অনিবার্য্য। জ্ঞান থেকে সংশয়, সংশয় থেকে প্রশ্ন এবং প্রশ্ন থেকে বিদ্রোহ—হিন্দুকলেজের ছাত্রেরা মানস-বিবর্ত্তনের এই ধাপগুলি অতি দ্রুত অতিক্রম করেছিল, যেমন একদা ইতালীতে হয়েছিল রেনেশাঁসের যুগে। ডিরোজিও নিমিত্ত মাত্র। তিনি অষ্টাদশ শতাব্দীর ফরাসী যুক্তিবাদী চিন্তাধারা ও ঊনবিংশ শতাব্দীর প্রারম্ভিক রোমান্টিক বিদ্রোহের সঙ্গে ছাত্রদের পরিচয় করিয়ে দিয়েছিলেন মাত্র।

আধা ইউরোপীয় ছিলেন বলে সুরাপান বা গোমাংস ভক্ষণকে তিনি স্বাভাবিক মনে করতেন, হয়তো ধর্ম্মের ব্যাপারে ছিলেন সংশয়বাদী অথবা Deist, কিন্তু তাঁর বিরুদ্ধে কর্তৃপক্ষ যে বিষোদ্গার করেছিলেন তা বিপন্ন স্বার্থের স্বকপোল কল্পিত কাহিনী। 'ফকির অব জঙ্গীরার' কবি মুক্ত করেছিলেন হাজার বছরের হাতকড়ি বাঁধা মনকে গুরু পুরোহিত তাগাতাবিজের অনুশাসন থেকে। তাঁর ছাত্র—কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়, রামগোপাল ঘোষ, রাধানাথ শিকদার প্রমুখ তথাকথিত নব্য বাংলার শ্রেষ্ঠ প্রতিনিধিদের কাছে সুরাপান বা নিষিদ্ধ মাংস ভক্ষণই বড় হয়ে দাঁড়ায়নি। সিদ্ধির উপায় স্বরূপ প্রকৃত তান্ত্রিক যেমন কারণ

পান করে, তেমনি ইউরোপীয় সংস্কৃতি মনে প্রাণে গ্রহণ করে সিদ্ধ হবার জন্য তাঁরা সুরাপান করতেন। আলাপে, বিতর্কে, 'জ্ঞানান্বেষণের' মত পত্রিকা সম্পাদনায়, Academic Association ও Epistolary Associationএর মত সমিতি প্রতিষ্ঠায়—স্বাধীন জ্ঞান চর্চ্চার জন্য তাঁদের যে নিরলস নিষ্ঠা পরিলক্ষিত হয়েছিল তা অবিস্মরণীয়। এই মরা দেশে ডিরোজিও যৌবনের বন্যা বইয়ে দিয়েছিলেন।

কিন্তু বন্যা কিছুটা ভাঙ্গে, আর একদিন তাতে ভাঁটাও আসে। পাশ্চাত্য সভ্যতার গভীরে অনেকের উপলব্ধি পৌছল না, বাইরের মোহ শুধু সুরার মত তাদের আবিষ্ট করল। সেই আতিশয্য রূপ নিলো স্বধর্ম্ম ত্যাগে। মধুসূদনের মত প্রতিভা মহাকবি হবার দুর্নিবার বাসনায় অ্যালবিয়নের সুদূর তটভূমির জন্য ব্যাকুল হলেন এবং খৃষ্টধর্ম্ম গ্রহণ করলেন। অথচ লক্ষ্য ও উপায়ের মধ্যে যে কোন আবশ্যিক সম্বন্ধ ছিল না—তা তাঁর চোখ এড়িয়ে গেল, এমনি মুগ্ধ সে চোখ। মধুসূদনের অসামান্য শক্তি ছিল, তাই অপচয়েও তা অবসিত হয়নি, মোহভঙ্গও তাঁকে প্রেরণা দিয়েছে। কিন্তু তাঁর মত পাশ্চাত্য সাহিত্যের ধনুতে কজনই বা জ্যা রোপণ করতে পেরেছে? তবে ধর্ম্মান্তর গ্রহণের সমস্যা তখনকার দিনে যেমন প্রবল মনে হয়েছিল আসলে তা ছিল না। হিন্দু কলেজের স্বল্প ছাত্রই খৃষ্টান হয়েছে। স্পর্শকাতর রক্ষণশীলতা সামান্য আঘাতেই অতিশয় বিচলিত হয়েছিল, কারণ তার পশ্চাতে ছিল কিছুটা স্বার্থ, কিছুটা প্রাচীপ্রতীচীর সংস্কৃতি সংঘর্ষের ফলে উদ্‌ভ্রান্তি। আবার যারা খৃষ্টান হচ্ছিল তাদের পক্ষেও কিছু বলবার আছে। তারা বইয়ের পাতায় ও অধ্যাপকের বক্তৃতায় যে জগতের পরিচয় পাচ্ছিল তা পঞ্চদশ শতাব্দীর রেনেশাঁস, ষোড়শ শতাব্দীর রেফর্মেশন, অষ্টাদশ শতাব্দীর যুক্তিবাদ ও ফরাসী বিপ্লব এবং ঊনবিংশ শতাব্দীর রোমান্টিক বিদ্রোহ দ্বারা অনুপ্রাণিত ইউরোপীয় জগৎ, তার সঙ্গে ঊনবিংশ শতাব্দীর তৃতীয় পাদের ভারতবর্ষের ত কোন মিলই ছিল না উপরন্তু মাইকেলের দেখা শিল্পবিপ্লবোত্তর ইউরোপেরও নয়। এই ছাত্রের দল ছিল সে যুগের intellectual alien বা বুদ্ধিরাজ্যের উদ্বাস্তু, স্বদেশী সংস্কৃতির মূল হতে বিচ্যুত, বিদেশী সংস্কৃতির প্রখর আলোকে বিমূঢ়। তারা ঘরকে পর করেছিল, পরকে আপন করে নিতে পারেনি। তাদের শিক্ষা ও সদ্যজাগ্রত স্বাধীন চেতনা শুধু জনসাধারণ নয়, আত্মীয় স্বজন থেকেও তাদের পৃথক করেছিল, অথচ বিদেশী রাষ্ট্র ও ইংরাজ বণিক শাসিত অর্থনীতিতে তাদের কোন স্থান জোটেনি। নিজেদের মনোমত সমাজ গঠন করবার শক্তি ও সুযোগের অভাবে হিন্দু কলেজের প্রাচীর দিয়ে তারা একটা মানস-মিনার তৈরী করেছিল। যুগান্তরের সন্ধিক্ষণে অতীত ও ভবিষ্যতের মধ্যে এই সংখ্যালঘু বুদ্ধিজীবীর দল অসহায়ের মত দুলছিল এবং একটা কিছু আপাতঃ যুক্তিগ্রাহ্য দৃঢ় বিশ্বাসকে আশ্রয় করতে চাইছিল। রক্ষণশীল দলের মনোভাবও অনুরূপ। অন্তরে অন্তরে নিজেদের দুর্ব্বলতা টের পাচ্ছিল বলেই তারাও অন্ধভাবে অতীতকে আঁকড়ে ধরত। ঊনবিংশ শতাব্দীর তৃতীয়, চতুর্থ ও পঞ্চম দশক—অর্থাৎ হিন্দু কলেজের শেষ পর্ব্ব এই অতীতাশ্রয়ী ( টয়েনবির ভাষায় anachronism ) ও ভবিষ্যতাশ্রয়ী ( টয়েনবির

ভাষায় futurism ) মনের সংঘর্ষে জর্জ্জর। বর্ত্তমানের সঙ্গে খাপ খাওয়াবার মত চিত্তবৃত্তি তৈরী হয়নি, কি সমাজে কি শিক্ষাব্যবস্থায় তার অনুকূল পরিবেশ ছিল না, অতএব এ উৎকেন্দ্রিকতা অবশ্যম্ভাবী। এবং কিছুটা স্বাস্থ্যেরও লক্ষণ। যৌবন চিরদিনই উদ্দাম কিন্তু তারও প্রকৃতিভেদ আছে। যে রক্ষণশীলের যৌবন কেটেছে বুলবুলির লড়াই দেখে, বিদ্যাসুন্দর উপভোগ করে, কবিগান, তরজা, হাফ আখড়াইয়ের খিস্তি খেউড় শুনে, তার নব্য বাংলাকে নীতি শোনাবার অধিকার নেই। গুপ্তকবি সমাজের আসন্ন সর্ব্বনাশ সম্বন্ধে মুহুর্মুহু যে ভবিষ্যদ্বাণী করেছিলেন তা সফল হয়নি। আতিশয্যের পরিণামে এসেছে অবসাদ, আত্মসমীক্ষণ এবং অবশেষে আত্ম-সংস্কৃতিতে আস্থা।

হিন্দু কলেজের ছাত্রদের মধ্যে আত্মসংস্কৃতিতে আস্থাবান চরিত্রেরও অভাব নেই। দেবেন্দ্রনাথ ঠাকুর, ভূদেব মুখোপাধ্যায়, রামতনু লাহিড়ী, কেশবচন্দ্র সেন, মহেন্দ্রলাল সরকার এই কটি উদাহরণ দিলেই যথেষ্ট হবে। কৃষ্ণমোহন যেমন খৃষ্টান হয়েছিলেন দেবেন্দ্রনাথ তেমনি তত্ত্ববোধিনী সভা ও তার বিভিন্ন শাখা প্রতিষ্ঠানের মাধ্যমে ধর্ম্মান্তর গ্রহণ প্রতিরোধ করতে চেয়েছিলেন; মাইকেল যেমন ইউরোপ বলতে অজ্ঞান ছিলেন, ভূদেব তেমনি ভারতবর্ষ বলতে অন্ধ; রাধানাথ ও রামগোপাল যেমন সুরাস্রোতে ভাসমান, প্যারীচাঁদ মিত্র ( টেকচাঁদ ), রাজনারায়ণ বসুও তেমনি সুরাপাননিবারিণীর সভার পাণ্ডা। এই উভয় দল মিলে হিন্দু কলেজ এবং কি তার ছাত্রদের প্রতিভা বৈচিত্র্য! কি প্রাণ প্রাবল্য!

ইতিমধ্যে কলেজ সাধারণ ও আইন দুই বিভাগে বিভক্ত হয়েছে। রিচার্ডসনের সেক্সপীয়ার পাঠ শুধু ছাত্রদের নয়, মেকলের মত রসিককেও মুগ্ধ করেছে, টিটলার গণিতের ক্লাসে উৎসাহ সঞ্চার করছেন আর 'সোডা সাহেব' রসের অধীনে বিজ্ঞান খুঁড়িয়ে খুঁড়িয়ে হাঁটছে, ১৮৪২ সালে 'অধ্যক্ষ' পদের সৃষ্টিও হয়েছে। শেষে হিন্দু কলেজের উপর সরকারী প্রভাব অনেকখানি বেড়েছে দেখি। জেনারেল কমিটির কাজ দেওয়া হয়েছে কাউন্সিল অব এডুকেশনের হাতে। তার প্রেসিডেন্ট, সেক্রেটারী ও দুজন সভ্য হিন্দুকলেজ কমিটিরও সভ্য হয়েছেন। ছাত্র সংখ্যা বেড়েছে। ব্যবহারিক ও প্রাকৃতিক দর্শন এবং সিভিল ইঞ্জিনিয়ারিং-এর অধ্যাপক নিযুক্ত হয়েছেন। এমন সময় কলিকাতা মাদ্রাসার গণ্ডগোলের ঢেউ এসে হিন্দু কলেজের ভাগ্য বিড়ম্বিত করলো। হিন্দুকলেজ শুধু হিন্দুদের জন্যই নির্দ্দিষ্ট ছিল। মুসলমানরা উচ্চ শিক্ষা লাভ করত কলিকাতা মাদ্রাসায়। কিন্তু ১৮৫০ সালের কাছাকাছি তার দারুণ অবনতি ঘটেছিল। ইংরাজী বিভাগ প্রায় অবলুপ্ত হয়েছিল, এমন কি আরবী ফার্সী পাঠনেও ঘটেছিল শোচনীয় ত্রুটি। ফলে ছাত্র বিদ্রোহের মত অবস্থা দেখা দিয়েছিল। তখন প্রশ্ন উঠল মুসলমানদের উচ্চ ইংরাজী শিক্ষার সুব্যবস্থা কি ভাবে করা যায়। হিন্দু কলেজের জন্য সরকার প্রচুর অর্থ ব্যয় করেন অথচ পুরোপুরি কর্ত্তৃত্ব খাটাতে পারেন না। অন্য একটি সরকারী কলেজ করলে অর্থব্যয় করতে হবে উভয় প্রতিষ্ঠানের জন্য। তাছাড়া এত অধ্যাপকই বা কোথায় মেলে? কিন্তু হিন্দু কলেজকে পুরো সরকারী কলেজে রূপান্তরিত করে তার দ্বার জাতিধর্ম্মনির্ব্বিশেষে উন্মুক্ত

করে দিলে প্রতিষ্ঠাতাদের উদ্দেশ্যের বিরুদ্ধাচরণ করা হয়। এই নিয়ে হিন্দু কলেজ কর্ত্তৃপক্ষের মধ্যে বিরোধ উপস্থিত হ'ল। সরকার শেষে রূপান্তরের পক্ষেই রায় দিলেন। স্থির হ'ল হিন্দু কলেজের জুনিয়ার বিভাগ পৃথক থাকবে এবং তা শুধু হিন্দুদের জন্যই নির্দ্দিষ্ট থাকবে, সিনিয়ার বিভাগের নূতন নাম হবে প্রেসিডেন্সী কলেজ—তার চারটি বিভাগ হবে, সাধারণ, চিকিৎসা, আইন ও ইঞ্জিনিয়ারিং। কর্ত্তৃত্ব যাবে সম্পূর্ণরূপে সরকারের হাতে। হিন্দু কলেজের অতীত ঐতিহ্যের মর্য্যাদা রাখবার জন্য ঐ নামে কতকগুলি স্নাতকোত্তর বৃত্তি স্থাপিত হবে। ১৮৫৫ সালের ১৫ই এপ্রিল হিন্দু কলেজের ছুটী হ'ল—আর ১৫ই জুন প্রেসিডেন্সী কলেজরূপে তার নূতন জীবন আরম্ভ হ'ল।

১৮৫৭ খৃষ্টাব্দে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা প্রেসিডেন্সী কলেজের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ঘটনা। সম্প্রতি স্যার চার্লস উডের ব্যক্তিগত কাগজপত্র থেকে এ বিষয়ে কিছু নূতন তথ্য জানা গেছে। এতদিন আমাদের ধারণা ছিল কলিকাতা বিশ্ববিদ্যালয় স্থাপনার ব্যাপারে গভর্ণর জেনারেল ড্যালহৌসী ও সেক্রেটারী অব ষ্টেট একমত ছিলেন। কিন্তু স্যার চার্লসের এক পত্রে জানা যায় তিনি বাংলাদেশে বিশ্ববিদ্যালয় স্থাপন করবার বিরুদ্ধে মত দিয়েছিলেন। যুক্তি স্বরূপ তিনি বাংলার শিক্ষিত সমাজের ক্রমবর্দ্ধমান বিদ্রোহী মনোভাবের উল্লেখ করেছেন। ড্যালহৌসীও প্রেসিডেন্সী কলেজকে বিশ্ববিদ্যালয়ে পরিণত করতে চেয়েছিলেন, আলাদা কোন বিশ্ববিদ্যালয় স্থাপন করার প্রয়োজন অনুভব করেন নি। উচ্চশিক্ষাকে সম্পূর্ণরূপে সরকারী আয়ত্তে রাখবার পরিকল্পনাই যে একমাত্র এর মূলে ছিল তা নয়। প্রথম দিকে বিশ্ববিদ্যালয় ছিল একান্তরূপে পরীক্ষাগ্রাহী প্রতিষ্ঠান। স্নাতকোত্তর অধ্যাপনা হ'ত প্রেসিডেন্সী কলেজে। তবে এন্ট্রান্স (১৮৫৭), এফ. এ. (১৮৬৩), বি. এ. (১৮৫৮) প্রভৃতি পরীক্ষার প্রবর্ত্তনে কলেজের অধ্যাপনা ব্যবস্থা ও পাঠ্য তালিকার বহু পরিবর্ত্তন ঘটে। শিক্ষাধিকরণ প্রতিষ্ঠা কলেজের উপর সরকারী কর্ত্তৃত্ব ভাল ভাবে কায়েম করে।

১৮৫৭ সালের প্রথম এন্ট্রান্স পরীক্ষায় প্রেসিডেন্সী কলেজের বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ও চন্দ্রমাধব ঘোষ উত্তীর্ণ হন। পর বৎসর বঙ্কিমচন্দ্র ও যদুনাথ বসু প্রথম বি. এ. ডিগ্রী লাভ করেন। ১৮৬৩ সালে প্রেসিডেন্সী কলেজের দু'জন ছাত্র প্রথম এম. এ. পরীক্ষায় সাফল্য অর্জ্জন করেন। ঐ খৃষ্টাব্দে এফ. এ. পরীক্ষার প্রবর্ত্তন হয় এবং প্রেসিডেন্সীর গুরুদাস বন্দ্যোপাধ্যায় তাতে কৃতিত্ব দেখান। ১৮৫৫-৬৪'র মধ্যে ছাত্র সংখ্যা প্রায় পাঁচগুণ বাড়ে, এবং, শুধু 'বাবু' নয়, সব শ্রেণীর ছাত্রেরাই প্রবেশাধিকার পায়। মনে রাখতে হবে—প্রায় অর্দ্ধেক ছাত্রের অভিভাবকের আয় মাসে এক শত টাকার বেশী ছিল না। বিজ্ঞানের আকর্ষণই এই সংখ্যা বৃদ্ধির প্রধান কারণ। তারপর আইনের আকর্ষণ। সর্ব্বভারতীয় গিলক্রাইষ্ট বৃত্তি পরীক্ষায় প্রথম চার বৎসর প্রেসিডেন্সী কলেজের ছাত্ররাই সবগুলি স্থান দখল করে। এ সময়কার বিখ্যাত ছাত্রদের মধ্যে ছিলেন প্রমদাচরণ ব্যানার্জ্জী, দ্বারকানাথ মিত্র ও রাসবিহারী ঘোষের মত ব্যবহারজীব, হেমচন্দ্র, নবীনচন্দ্রের মত কবি, চন্দ্রনাথ বসুর মত সমালোচক,



বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
প্রথম স্নাতক



সপরিবার অধ্যাপক মনোমোহন ঘোষ

গৌরীশঙ্কর দে ও আনন্দমোহন বসুর মত গাণিতিক এবং রমেশচন্দ্র দত্তের মত ঐতিহাসিক। এ যুগের তিনজন আই. সি. এস.—রমেশচন্দ্র, বিহারী গুপ্ত ও আনন্দ বড়ুয়া—প্রেসিডেন্সীর ছাত্র ছিলেন। (প্রথম আই. সি. এস., সত্যেন্দ্রনাথ ঠাকুর, ছিলেন হিন্দু কলেজের ছাত্র)। কিন্তু সকলের মুকুটমণি ছিলেন বঙ্কিমচন্দ্র।

১৮৭৪ সালে প্রেসিডেন্সী কলেজের নূতন বাড়ী তৈরী হ'ল। পরীক্ষাগারের অভাবে বিজ্ঞানের কোন সুব্যবস্থা এতদিন হয় নি। ১৮৭৫ সালে আলেকজাণ্ডার পেডলার সাহেবের আগমনে রসায়ন শিক্ষার যুগান্তর ঘটল। তবে প্রাইভেট কলেজের প্রাদুর্ভাব প্রেসিডেন্সী কলেজকে কিছু বিচলিত করল। তারা আইন পড়ানো সুরু করায় প্রেসিডেন্সীর আইন বিভাগের কদর কমল। ১৮৮৫তে বিভাগটি তুলে দেওয়া হল। ১৮৮০তে শিবপুরে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপিত হলে প্রেসিডেন্সীর ইঞ্জিনিয়ারিং বিভাগ সেখানে উঠে গেল। প্রথম প্রথম এতৎসত্ত্বেও তার ছাত্র সংখ্যা ছিল সর্ব্বাধিক। কিন্তু ১৮৯১ সালে মেট্রোপোলিটান (পরে বিদ্যাসাগর), সিটি ও রিপন (পরে সুরেন্দ্রনাথ) কলেজ তাকে ছাড়িয়ে গেল। অগত্যা প্রেসিডেন্সীকে আপন বৈশিষ্ট্য বজায় রাখবার জন্য ১৮৯২ সালে খুলতে হ'ল ভূতত্ত্ব বিভাগ এবং ১৯০০ সালে প্রাণীতত্ত্ব বিভাগ।

১৮৮২তে হাণ্টার কমিশন শিক্ষাবিভাগে বিলাতী ডিগ্রী প্রাপ্ত ভারতীয়দের নিয়োগ সুপারিশ করল। তার ফলে অধ্যাপক হয়ে এলেন পার্সিভ্যাল (১৮৮০), বিপিন গুপ্ত (১৮৮৩), জগদীশচন্দ্র বসু (১৮৮৫), প্রসন্নকুমার রায় (১৮৮৬) এবং প্রফুল্লচন্দ্র রায় (১৮৮৯)। ১৮৯৩তে বিনয়েন্দ্রনাথ সেন ও ১৮৯৬তে মনোমোহন ঘোষ এসে এই জ্যোতিষ্কমণ্ডলী পূর্ণ করলেন। আমাদের কলেজের ইতিহাসে এই সপ্তর্ষির তুলনা নাই। এলিজাবেথীয়, বিশেষ করে সেক্সপীরিয়, সাহিত্যের অধ্যাপনায় পার্সিভ্যাল এক অননুকরণীয় আদর্শ স্থাপন করলেন। ইংরাজী সাহিত্য ছাড়াও তিনি পড়াতেন ইতিহাস, অর্থনীতি ও রাজনীতি। মনোমোহন ঘোষ ছিলেন ক্লাসিক্‌সে দুর্লভ পাণ্ডিত্যের অধিকারী, তদুপরি নিজে একজন প্রথিতযশা কবি। অধ্যক্ষ রায় ইউরোপীয় দর্শনের দিকপাল ছাত্র ছিলেন। আচার্য্য জগদীশচন্দ্র ও প্রফুল্লচন্দ্র শুধু প্রেসিডেন্সী কলেজ কেন ভারতবর্ষে বিজ্ঞানের ক্ষেত্রে প্রথম মৌলিক গবেষক। ১৮৯৫তে আচার্য্য বসু হার্জিয় তরঙ্গের ওপর যুগান্তকারী গবেষণা শেষ করেন ও ১৮৯৭ সালে ইউরোপের বহু বিদ্বজ্জন সভায় প্রেসিডেন্সী কলেজের পরীক্ষাগারে নির্ম্মিত যন্ত্রের সাহায্যে আপন আবিষ্কৃত তত্ত্ব প্রতিপাদন করে বিস্ময়ের সৃষ্টি করেন। ১৮৯৭-১৯০০এর মধ্যে আচার্য্য রায় নাইট্রেট ও হাইপো-নাইট্রেট নিয়ে যে কাজ করেন তা ভারতীয় রসায়ন বিজ্ঞানের প্রথম কীর্ত্তি। পদার্থবিদ্যা, উদ্ভিদতত্ত্ব ও রসায়নে গবেষণার ধারা তাঁরাই স্থির করে দিয়ে যান। কিন্তু তাঁদের ব্যক্তিগত গবেষণার চেয়েও বড়ো কথা তাঁদের চরিত্র। বজ্রাদপি কঠোর ও কুসুমাদপি কোমল এই দুই নিষ্কাম জ্ঞানব্রতীর নিরলস সাধনা শুধু তাঁদের অব্যবহিত শিষ্য নয় সমগ্র ভাবীকালকে প্রেরণা দিচ্ছে। জাতীয় চরিত্র গঠনে ও মান উন্নয়নে শিক্ষক বোধহয় এত

বড়ো ভূমিকা আর কোনদিন গ্রহণ করেন নি। ব্যবহারিক জগতে সাফল্যও কম লাভ করেনি ছাত্রেরা। ১৮৬৮ সালে প্রেমচাঁদ রায়চাঁদ বৃত্তি স্থাপিত হবার সময় থেকে ১৯০০ সাল পর্য্যন্ত ৩২জন বৃত্তিভোগী ছাত্রের মধ্যে ২৫জন ছিলেন প্রেসিডেন্সীর ছাত্র। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য—আনন্দমোহন বসু, গৌরীশঙ্কর দে, সারদাচরণ মিত্র, প্রফুল্লকুমার লাহিড়ী, সূর্য্যকুমার অগস্তি, আশুতোষ মুখার্জ্জী (বড়) ও স্যার আশুতোষ (যিনি "ছোট আশুবাবু" নামে খ্যাত ছিলেন), রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, হীরেন্দ্রনাথ দত্ত, যদুনাথ সরকার ও প্রিয়নাথ সেন। ১৮৯৬ সালে অতুলচন্দ্র চ্যাটার্জ্জী বিলাতের আই. সি. এস. পরীক্ষায় প্রথম হন। ১৯০০ সালে হরিনাথ দে কেম্ব্রিজের ক্ল্যাসিকাল ট্রাইপস পরীক্ষায় প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হন। চন্দ্রমাধব ঘোষ ও রমেশচন্দ্র মিত্র হন কলিকাতা হাইকোর্টের অস্থায়ী প্রধান বিচারপতি, গুরুদাস বন্দ্যোপাধ্যায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য। অন্যান্য কৃতী ছাত্রের মধ্যে নাম করতে হয়—ভূপেন্দ্রনাথ বসু, সত্যেন্দ্রপ্রসন্ন সিংহ, হরেন্দ্রনাথ মুখার্জ্জী (রাজ্যপাল), ফজলুল হক, অক্ষয়কুমার মৈত্র, হরপ্রসাদ শাস্ত্রী, হেরম্বচন্দ্র মৈত্র, কৃষ্ণপ্রসাদ ভট্টাচার্য্য, প্রমথ চৌধুরী (বীরবল), দ্বিজেন্দ্রলাল রায়, রাজশেখর বসু (পরশুরাম) ও চিত্তরঞ্জন দাস। আইন, সাহিত্য, ইতিহাস, দর্শন, রম্যরচনা, নাটক, দেশসেবা—জাতির জীবনে প্রায় সমস্ত ক্ষেত্রেই প্রেসিডেন্সীর ছাত্রেরা অসাধারণ কৃতিত্ব দেখালেন। যে বিচিত্র প্রতিভার ঐতিহ্য হিন্দু কলেজ উত্তরাধিকার স্বরূপ প্রেসিডেন্সী কলেজকে দিয়ে গিয়েছিল, তার কোন অমর্য্যাদা হয়নি। বস্তুতঃ রবীন্দ্রনাথ এবং বিবেকানন্দকে বাদ দিলে জাতির প্রত্যেক কৃতী সন্তানই প্রেসিডেন্সীর ছাত্র ছিলেন। এবং কবিগুরু স্বয়ং একদা কলেজের দ্বার অতিক্রম করে ক্লাস করে গিয়েছিলেন, সেই প্রক্ষিপ্ত গৌরবের জন্য আমরা কম গর্ব্বিত নই।

কলেজের অব্যাহত অগ্রগতির একঘেয়েমি কিছুটা কেটেছিল ১৮৯৭ সালে যখন অমিয়া রায় ও চারুলতা রায় নাম্নী দুজন ছাত্রীকে ভর্ত্তি করা হয়। কিন্তু সহশিক্ষা বেশীদিন চলেনি। এর প্রায় অর্দ্ধশতাব্দী পরে সহশিক্ষা প্রবর্ত্তিত হয়। পড়ার চাপে খেলাধূলার দিকটা চাপা পড়েছিল। ১৮৯৪ সালে Athletic Club প্রতিষ্ঠায় তাতে সাড়া জাগল। হোষ্টেলের অভাবে কলেজ শিক্ষার সর্ব্বাপেক্ষা গুরুত্বপূর্ণ অঙ্গ, ছাত্রদের যৌথ জীবন গঠন, সম্ভব হয়নি। ইডেন হিন্দু হোষ্টেল সে অভাব মেটালো।

আচার্য্য বসু ও রায়ের কৃতিত্ব বিজ্ঞান বিভাগের প্রতি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করল। বিংশ শতাব্দীর প্রারম্ভে কতিপয় গবেষণা বৃত্তির ব্যবস্থা হ'ল এবং ভূতত্ত্ববিদ্যার অধ্যাপক নিযুক্ত হ'লেন। ১৯০২ সালে বি. এস. সি. পাঠনের প্রবর্ত্তন এই বিজ্ঞানমুখীনতাকে সাহায্য করল। ১৯০৩এ বাণিজ্য বিভাগ খোলা হয়, এমন কি স্বাস্থ্যতত্ত্বও পড়ান হয়েছিল কিছুদিন। বঙ্গভঙ্গবিরোধী স্বদেশী আন্দোলনের ঢেউ কলেজে লাগে কিছুটা কিন্তু অধ্যাপনা ব্যবস্থা বেশী বিচলিত হয়নি। বরং কার্জ্জনের বিশ্ববিদ্যালয় আইন অনেকখানি পরিবর্ত্তন আনে। তার বিধান অনুসারে এফ. এ. কোর্স ভেঙে আই. এ. ও আই. এস-সি. কোর্স প্রবর্ত্তিত হয়,

মাতৃভাষা মাধ্যমিক ও বি. এ. পাঠ্যক্রমের তালিকাভুক্ত হয়, পলিটিকাল ইকনমি ও পলিটিকাল ফিলসফি একটি আলাদা বিষয় বলে পরিগণিত হয় এবং এম. এ. ও এম. এস-সির জন্য দু'বছরের পাঠ্যক্রম নির্দ্দিষ্ট হয়। বিজ্ঞান বিভাগের দ্রুত প্রসারের জন্য কলেজে স্থানাভাব দেখা দেয়। ফলে কলেজের মধ্যবর্ত্তী প্রাঙ্গণে টিনের চাল দিয়ে পদার্থ ও রসায়ন বিদ্যার জন্য প্রাথমিক গবেষণাগার নির্ম্মিত হয়। ক্ষতচিহ্নের মত এই চালাঘর আজও বর্ত্তমান। কলেজের দক্ষিণের মাঠে বিজ্ঞানের জন্য নূতন বাড়ী তৈরী সুরু হয়। তা সম্পূর্ণ হয় ১৯১৩ সালে। বাংলার লেফটেনাণ্ট গভর্ণর এডওয়ার্ড বেকারের নামানুসারে তার নামকরণ হয় বেকার ল্যাবরেটারী। সেখানে পদার্থবিদ্যা, শরীরতত্ত্ব, উদ্ভিদবিদ্যা ও ভূতত্ত্বের বিভাগগুলি উঠে যায়। অধ্যাপক পিকের নামে একটি চমৎকার বিজ্ঞান পাঠাগার তৈরী হয়। সেটি কলেজের অন্যতম দ্রষ্টব্য বস্তু।

১৯০৫ সালের পর কলেজ দ্রুতগতিতে সম্প্রসারিত হতে থাকে—এই উন্নতির যুগে কলেজের কর্ণধার ছিলেন অধ্যক্ষ জেম্‌স সাহেব। কলেজের প্রথম অধ্যক্ষ স্যাটক্লিফের ন্যায় তিনিও কলেজের শ্রীবৃদ্ধির জন্য অক্লান্ত পরিশ্রম করেছেন। তবে এসময় তাঁর কাজের চাপ অত্যন্ত বেড়ে যাওয়ায় আর্থিক ব্যাপারে তাঁকে সাহায্য করার জন্য 'বার্সার' পদের সৃষ্টি হয়, অন্যান্য ব্যাপারে সাহায্য করার জন্য নিযুক্ত হন 'ডিন'। বিভাগীয় প্রধান অধ্যাপকরা তাঁদের স্ব স্ব বিভাগের পরিচালনা অনেকটা স্বাধীন ভাবেই করতে থাকেন। ১৯১৮ সালে ডিনের পদ তুলে দেওয়া হয়, ত্রিশ বৎসর পরে আবার তা অল্পদিনের জন্য প্রবর্ত্তিত হয়েছিল।

এই সময় খেলাধূলার জগতে কলেজের বেশ নাম হয়। পর পর পাঁচ বছর ইলিয়ট শীল্ড লাভ করে প্রেসিডেন্সীর ফুটবল দল। কলেজের অন্তর্গত সেমিনার ও সমিতিগুলির উন্নতি অব্যাহত থাকে। ১৯১৪ সালে প্রেসিডেন্সী কলেজ পত্রিকার জন্ম হয়। কলেজ য়ুনিয়ানের সূত্রপাতও হয় এই বছরে। দুবছর পরে নানা গণ্ডগোলের ফলে তা অবশ্য তুলে দেওয়া হয়েছিল। উনবিংশ শতাব্দীর বিখ্যাত অধ্যাপকবৃন্দ এই সময় বিদায় নেন। তাঁদের অপূরণীয় অভাবে ও ইউরোপীয় মহাযুদ্ধের জন্য কলেজের কাজের খানিকটা ক্ষতি হয়। তবে নূতন অধ্যাপকদের মধ্যে প্রতিভার কোন অপ্রতুলতা ছিল না—অর্থনীতিতে জাহাঙ্গীর কয়াজী, ইতিহাসে কুরুবিলা জ্যাকারায়া, ইংরাজীতে প্রফুল্লচন্দ্র ঘোষ এবং পদার্থতত্ত্বে প্রশান্তচন্দ্র মহলানবিশের নাম স্মরণীয়। বহু বিখ্যাত ছাত্রের মধ্যে স্বতঃই মনে পড়ে রাষ্ট্রপতি রাজেন্দ্র প্রসাদ, নেতাজী সুভাষচন্দ্র এবং ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের কথা। পরবর্ত্তীকালে রাজনীতি ক্ষেত্রে এঁরা প্রত্যেকেই নিষ্ঠা, ত্যাগ ও নেতৃত্বের পরিচয় দিয়েছেন।

১৯১৭ সালে বিশ্বব্যাপী রণকোলাহলে হিন্দু কলেজের শতবার্ষিকীর উৎসব ডুবে গেল। ততোধিক দুঃখ, এম. এ. ও এম. এস-সি. অধ্যাপনা বিশ্ববিদ্যালয়ের হাতে চলে গেল। স্নাতকোত্তর অধ্যাপনাই ছিল প্রেসিডেন্সীর অন্যতম বৈশিষ্ট্য—তার প্রধান গর্ব্ব। বিশ্ববিদ্যালয় স্থাপনার পর ষাট বছর ধরে অসাধারণ কৃতিত্বের সঙ্গে সে এই কর্ত্তব্য পালন করে এসেছিল।

আজও কলাবিভাগে ক্ষীণভাবে এবং বিজ্ঞান বিভাগে অপেক্ষাকৃত ঘনিষ্ঠভাবে প্রেসিডেন্সী কলেজের বহু অধ্যাপক স্নাতকোত্তর অধ্যাপনা ও গবেষণার সঙ্গে যুক্ত রয়েছেন। কিন্তু বিজ্ঞানের ক্ষেত্রেও প্রেসিডেন্সী কলেজের পরীক্ষাগার যেন বিজ্ঞান কলেজের অনুপূরক মাত্র। দুয়োরানীর অধিক দুর্দ্দশা তার। রাধাকৃষ্ণণ কমিশন Constituent College রূপে প্রেসিডেন্সীকে স্বীকার করে তার যোগ্য মর্য্যাদাই দিয়েছেন। কিন্তু কই, আজও তার অনুমোদিত পন্থা সরকার গ্রহণ করলেন না। এই অদ্ভুত ব্যবস্থার ফলে কলেজের সেমিনার-গুলি দুর্দ্দশাগ্রস্ত। যে আদর্শ নিয়ে অধ্যক্ষ পি. কে. রায় একদা দর্শনের সেমিনার খুলেছিলেন তা' অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। ইতিহাস এবং অর্থনীতি ও রাজনীতির সেমিনার ব্যতীত অন্যত্র উচ্চজাতীয় আলোচনা দুর্লভ হয়ে দাঁড়িয়েছে। কলাবিভাগে স্নাতকোত্তর গবেষণা আজ অকল্পনীয়।

১৯১৯এ মণ্টাগু চেমস্‌ফোর্ড সংস্কারের ফলে শিক্ষা দপ্তর এল দেশীয় মন্ত্রীর হাতে। এরপর ভারতীয় এডুকেশন সার্ভিসে ইউরোপীয় নিয়োগের হার ক্রমশঃ কমে যেতে থাকে, ১৯৩০ সালে ব্যারো যখন বিদায় গ্রহণ করলেন তখন সমস্ত অধ্যাপক ভারতীয়। ১৯৩৬ সালে হামফ্রে হাউস এবং ১৯৩৯ সালে জেম্‌স বার্টলে ইংরাজীর অধ্যাপক নিযুক্ত হন বটে কিন্তু তাঁরা বেশীদিন চাকরী করেন নি। ১৯৩৪ সালে ভারতীয় এডুকেশন সার্ভিস উঠে যায় এবং সিনিয়ার এডুকেশন সার্ভিস প্রবর্ত্তিত হয়। এর পূর্ব্বেই কলেজের প্রাক্তন ছাত্র ভূপতিমোহন সেন প্রথম ভারতীয় স্থায়ী অধ্যক্ষরূপে নিযুক্ত হয়েছিলেন।

অধ্যাপনা ব্যবস্থার কিছু কিছু উল্লেখযোগ্য পরিবর্ত্তন ঘটে। এম. এ. ও এম. এস-সি. পাঠন বিশ্ববিদ্যালয়ের হাতে চলে যাওয়ায় ইণ্টারমিডিয়েট ও বি. এ., বি. এস-সি. পাঠনের ওপর জোর পড়ে। ভূগোলের জন্য একটা স্বতন্ত্র বিভাগ গঠিত হয়। ১৯২৭-২৮ সালে মাতৃভাষার উৎকর্ষ বিধানের উদ্দেশ্যে বাংলা, হিন্দী ও উর্দ্দু পড়ানোর সুব্যবস্থা হয়েছিল, ১৯৪৫ সালে বাংলা ও উর্দ্দু দুটি স্বতন্ত্র বিভাগে পরিণত হয়। ১৯৪৪ সালে সংখ্যাতত্ত্ব বিভাগ স্থাপিত হয়।

বাংলা তথা ভারতের ইতিহাস এযুগে স্বাধীনতা আন্দোলনের ফলে বারংবার বিক্ষুব্ধ হয়েছিল। অহিংস সংগ্রামের ঢেউ কলেজের শান্ততটে এসে লেগেছিল। ১৯২০-২১ ও ১৯৩০-৩৩ সাল সে দিক দিয়ে সঙ্কটময়। আবার ১৯৪২ সালের অগাষ্ট বিপ্লবও কম সাড়া জাগায়নি। তথাপি পড়াশুনোর বিশেষ কোন ব্যাঘাত ঘটেনি। কলিকাতা বিশ্ববিদ্যালয় বা নিখিল ভারতীয় প্রতিযোগিতামূলক পরীক্ষাগুলিতে প্রেসিডেন্সীর ছাত্রেরা পূর্ব্বের মতই কৃতিত্ব দেখায়। ১৯৪৪ সালে অধ্যক্ষ অপূর্ব্বকুমার চন্দ সহ-শিক্ষার প্রবর্ত্তন করেন। প্রথমে সব শ্রেণীতে ও দুবছর পরে শুধু বি. এ./বি. এস-সি. ক্লাসে ছাত্রী নেওয়া হতে থাকে। এর ফল ভালই হয়েছে। অনার্স ও পাস পড়ানোর ব্যবস্থা অধিকাংশ বিভাগেই পৃথক হয়েছে। ১৯৪৫ সাল থেকে অনার্স ব্যতীত পড়া চলে না। ১৯১৭ সালে য়ুনিয়ানের প্রবর্ত্তন হয়েছিল

পরীক্ষামূলক ভাবে। তার কোন গঠনতন্ত্র তৈরী হয়নি। কিছুদিন পরে তা তুলে দেওয়া হয়। ১৯২৬ সালে য়ুনিয়ানের ব্যাপারে কর্ত্তৃপক্ষ ও ছাত্রমণ্ডলীর বিরোধ বাধে। ১৯৩০-৪০ সালের মধ্যে মনোনয়ন প্রথা প্রচলিত ছিল। ১৯৪৪ সালে শ্রীযুক্ত চন্দের আমলে সর্ব্বপ্রথম নির্ব্বাচন ব্যবস্থা চালু হয় এবং ছাত্র সংসদ অনেকখানি স্বাধীনতা লাভ করে।

এই সময় নিছক পড়াশোনার বাইরে ছাত্রদের কার্য্যকলাপ অনেক বেড়ে যায়। বিতর্ক, নাট্যানুষ্ঠান, জলভ্রমণের আয়োজন, সাহিত্য সভা—নানাভাবে ছাত্রজীবন আত্মপ্রকাশ করে। ১৯২৭ সালে রবীন্দ্র সাহিত্য আলোচনার জন্য রবীন্দ্র পরিষদ স্থাপিত হয়। ১৯২৭ সালের ১৬ই ডিসেম্বর, ১৯২৯এর ১৮ আগষ্ট, ১৯৩৩এর ১লা মার্চ্চ এবং ১৯৩৪এর মার্চ্চ মাসে কবিগুরু স্বয়ং কলেজে পদার্পণ করে রবীন্দ্র পরিষদে অভিভাষণ দেন। ১৯২৮এর এপ্রিল এবং ১৯৩১এর এপ্রিলে তাঁর আমন্ত্রণ লাভ করবার সৌভাগ্য হয় পরিষদের। বঙ্কিম শরৎ সমিতি এর কিছু পরে স্থাপিত হয়েছিল কিন্তু তা অল্পদিন জীবিত ছিল। রবীন্দ্র পরিষদ এখন শুধু রবীন্দ্র সাহিত্য নয় সমগ্র বাংলা সাহিত্যের আলোচনাই করে থাকে এবং মাঝে মাঝে রবীন্দ্র সঙ্গীত বা আবৃত্তির মনোজ্ঞ অনুষ্ঠানের আয়োজন করে। বিতর্কের মান অত্যন্ত উচ্চ। বিতর্কবাগীশরা কলেজের গর্ব্ব এবং বিপক্ষের হতাশা। ১৯২৭ সালে হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় হ'তে সুরু করে অতি আধুনিক কমল দত্ত পর্য্যন্ত তাদের দিগ্বিজয় অব্যাহত। নাট্যানুষ্ঠানে কলেজ বরাবরই উন্নাসিক। ১৯৩৯ সাল পর্য্যন্ত রবীন্দ্রনাথ ও শরৎচন্দ্র ব্যতীত ( বারদুয়েক পরশুরামের রঙ্গনাটিকা অভিনীত হয়েছিল ) অন্য কারও রচনা অভিনীত হয়নি।

১৯৪৭ সালে এল স্বাধীনতা। কলেজের এক প্রাক্তন ছাত্র ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ হলেন মুখ্যমন্ত্রী। তার চেয়েও বড়ো কথা—প্রচুর বৃত্তির ব্যবস্থা হ'ল। এখন কলেজের প্রায় অর্দ্ধেক ছাত্রই কোন না কোন বৃত্তি বা অর্থ সাহায্য পেয়ে থাকে। সংস্কৃত বিভাগ স্থানান্তরিত হ'ল সংস্কৃত কলেজে; আরবী, ফার্সী ও উর্দ্দু বিভাগ সেণ্ট্রাল ক্যালকাটা কলেজে। তাতে সংস্কৃত কলেজের সঙ্গে যোগ আদৌ ছিন্ন হয়নি। একদা সংস্কৃত কলেজের গৃহে হিন্দু কলেজ অতিথিরূপে আশ্রয় পেয়েছিল, তার স্মৃতি অবিস্মরণীয়। সংস্কৃত অনার্স নিয়ে প্রেসিডেন্সীর ছাত্রেরা পড়তে পারে, শুধু অনার্সের বিষয়গুলি তারা সংস্কৃত কলেজে পড়ে আসে। তেমনি সংস্কৃত কলেজের ছাত্রেরা ইতিহাস প্রভৃতি কয়েকটি বিষয় প্রেসিডেন্সীতে পড়ে যায়। তবে আরবী-ফার্সী নিয়ে এ কলেজে আর পড়া যায় না। ভূগোল ও সংখ্যাতত্ত্বের বিভাগ আগেই খোলা হয়েছিল, সম্প্রতি প্রাণীতত্ত্বে অনার্স পাঠ্যক্রম প্রবর্ত্তিত হয়েছে। চিত্তাকর্ষক প্রদর্শনীর ব্যবস্থা করে এই শিশুবিভাগটি ইতিমধ্যে সকলের মনে রেখাপাত করেছে।

১৯৫১ সালে প্রাক্তন ছাত্র সমিতি প্রতিষ্ঠা কলেজের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ঘটনা। এখন তার সভ্য সংখ্যা আটশতেরও অধিক। এর সাফল্যের পশ্চাতে রয়েছে ভূতপূর্ব্ব অধ্যক্ষ ডাঃ যতীশচন্দ্র সেনগুপ্তের অক্লান্ত উৎসাহ এবং অন্যান্য সভ্যের অকৃত্রিম দরদ।

১৯৫৫ সালের ১৫ই জুন কলেজের শতবার্ষিকী উৎসব সম্পন্ন হয় মহাসমারোহে। ১৪ই

জুন বঙ্গীয় এশিয়াটিক সোসাইটি গৃহে এই উপলক্ষ্যে এক বক্তৃতাবলীর ব্যবস্থা হয়। ১৫ই প্রত্যূষে শ্রীসুরেশচন্দ্র সিংহ মহাশয় ( ১৮৮৩-৮৮ ) পতাকা উত্তোলন করেন। ঐদিন সন্ধ্যায় কলেজের প্রাক্তন ছাত্র রাষ্ট্রপতি রাজেন্দ্র প্রসাদের সভাপতিত্বে এক স্মারক সভা হয়। আচার্য্য যদুনাথ সরকার ( ১৮৮৯-৯২ ) প্রারম্ভিক ভাষণ পাঠ করেন। অধ্যক্ষ এবং রাজ্যপালের ভাষণের পর রাষ্ট্রপতি বাংলায় তাঁর ভাষণ দেন। ১৬ই জুন রাষ্ট্রপতি কলা ও বিজ্ঞান বিভাগের প্রদর্শনী উদ্বোধন করেন ও শ্রী অতুলচন্দ্র গুপ্তের সভাপতিত্বে অনুষ্ঠিত বাংলা বিতর্কে কিছুক্ষণের জন্য উপস্থিত থাকেন। বিতর্কের পর প্রাক্তন ছাত্রদের এক জলসা অনুষ্ঠিত হয়। ১৭ই জুন বিকেলে প্রাক্তন ও বর্ত্তমান ছাত্রদের মধ্যে এক প্রদর্শনী ফুটবল খেলায় প্রাক্তন ছাত্ররা বিজয়ী হন। সন্ধ্যায় এক ইংরাজী বিতর্ক হয়, তাতে সভাপতি ছিলেন ডাঃ রমেশচন্দ্র মজুমদার। তারপর বর্ত্তমান ছাত্রদের জলসা বসে। ১৮ই জুন বিকেলে প্রাক্তন ও বর্ত্তমান ছাত্রদের এক ক্রীড়া প্রতিযোগিতা হয় এবং সন্ধ্যায় প্রাক্তন ছাত্রেরা রবীন্দ্রনাথের 'মালিনী' ও সুকুমার রায়ের 'চলচ্চিত্তচঞ্চরী' অভিনয় করেন। ১৯এ জুন শতবার্ষিকী সম্মেলন বসে—তাতে প্রাক্তন ছাত্রেরা আপনাদের কলেজ জীবনের নানা দিক দিয়ে আলোচনা করেন। মাননীয় শিক্ষামন্ত্রী ঐদিন অসুস্থ শরীর সত্ত্বেও উপস্থিত ছিলেন এবং স্মৃতির অতলে অবগাহন করেছিলেন। রাত্রে প্রাক্তন ছাত্রেরা বনফুলের 'শ্রীমধুসূদন' অভিনয় করেন। ২০শে জুন সন্ধ্যায় বর্ত্তমান ছাত্রেরা রবীন্দ্রনাথের 'মুক্তধারা' ও পরশুরামের 'বিরিঞ্চিবাবা' অভিনয় করেন। ২১এ জুন শতবার্ষিকী সান্ধ্য ভোজ দিয়ে সপ্তাহব্যাপী উৎসবের সমাপ্তি হয়। শতবার্ষিকী উৎসবের সাফল্যের জন্য অধ্যক্ষ ব্যতীত ডাঃ সুবোধচন্দ্র সেনগুপ্ত এবং অধ্যাপক সুশোভনচন্দ্র সরকারের অসীম পরিশ্রমের কথা সর্ব্বাগ্রে মনে পড়ে। তাঁদের দুজনের বৎসরাধিক চেষ্টায় প্রেসিডেন্সী কলেজের 'সেন্টিনারী ভল্যুম' সম্প্রতি প্রকাশিত হয়েছে। তা শুধু আমাদের কলেজের শতবর্ষের ইতিহাস নয়। উনবিংশ শতাব্দীর চিন্তা ও সংস্কৃতির ইতিবৃত্ত যাঁরা রচনা করলেন তাঁদের পক্ষে এটি একটি অপরিহার্য্য উপাদান মঞ্জুষা। এই সঙ্গে মুদ্রিত দুষ্প্রাপ্য চিত্রাবলী সংগ্রহ ও সম্পাদনের জন্য অধ্যাপক তারকনাথ সেনের নিকট আমরা কৃতজ্ঞ।

১৯৫১ সালের কলিকাতা বিশ্ববিদ্যালয় আইনে প্রেসিডেন্সী কলেজ constituent college বলে স্বীকৃত হয়েছে। দুঃখের বিষয়, আজো তা কার্য্যকরী করা হয়নি। ছাত্র সংখ্যা অধ্যক্ষ জেম্‌সের আমলে যা ছিল তার দ্বিগুণ হয়েছে। বই এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতির মূল্য বেড়েছে তিনগুণ। অথচ পুস্তকাগার ও পরীক্ষাগারের তদনুপাতে কোন সম্প্রসারণ হয়নি; কলাবিভাগে গবেষণা বৃত্তির ব্যবস্থা অবিলম্বে হওয়া প্রয়োজন। অধ্যাপকরা অনেকেই গবেষণাব্রতী। তাঁরা গবেষণার জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করতে অসুবিধায় পড়েন। প্রথমটির অভাবে ভাল ছাত্ররা স্নাতকোত্তর বিভাগে আসছে না, দ্বিতীয়টির অভাবে আচার্য্য জগদীশচন্দ্র ও প্রফুল্লচন্দ্রের ঐতিহ্য বিপন্ন হয়েছে। প্রেসিডেন্সী কলেজের পূর্ব্বতন গৌরব বজায় রাখতে গেলে স্নাতকোত্তর অধ্যাপনার পুনঃ প্রবর্ত্তন প্রয়োজন আর প্রয়োজন ছাত্র ও

অধ্যাপকের গবেষণার সুযোগ সুবিধা। হিন্দু কলেজের অন্যতম শুভাকাঙ্ক্ষী বৈদ্যনাথ মুখোপাধ্যায় একদা তাকে বটবৃক্ষের সঙ্গে তুলনা করেছিলেন। রস এবং আলোবাতাসের অভাবে যাতে সেই শিক্ষাবনস্পতির উত্তরোত্তর শ্রীবৃদ্ধি ব্যাহত না হয় তা সমগ্র বাঙ্গালী জাতির অন্যতম দায়িত্ব।

# আমাদের কথা

## ছাত্র-পরিষদ

কলেজে ছাত্রপরিষদ গড়বার প্রথম প্রচেষ্টা হয় ১৯০৫ সালে। তবে সেই পরিষদ বেশীদিন স্থায়ী হয়নি। নূতন নিয়মানুযায়ী ছাত্রপরিষদ প্রতিষ্ঠিত হয় ১৯৪৪ সালে।

কাজ করার অফুরন্ত উৎসাহ ও উদ্দীপনার মধ্যে একদিন তুলে নিয়েছিলাম ছাত্রপরিষদের 'কার্যভার। সংগঠন-মূলক কাজের মধ্য দিয়ে ছাত্রপরিষদের ইতিহাসে নতুন অধ্যায় রচনা করার স্বপ্ন ছিল মনে, যেমন থাকে প্রতি বছরের নবনির্বাচিতদের কল্পনায়। কিন্তু আজ দীর্ঘ একবছর পর পরিষদের সংক্ষিপ্ত কর্মজীবনের তালিকা রচনা করতে গিয়ে মনে হচ্ছে কত স্বপ্নের বাস্তব রূপায়ন তো সম্ভব হোল না! সেদিনের সম্ভাব্য ভবিষ্যতের অনেক স্বপ্ন আজ ফেলে আসা বছরের পটভূমিকায় ব্যর্থতার রূপ ধরে ফুটে উঠেছে।

তবে বড় রকম কিছু করতে না পারলেও পরিষদের বাঁধাধরা কাজে কোনরকম গাফিলতি হয়নি। বরং কয়েক বিষয়ে আমরা নতুনত্ব ও সুষ্ঠুতার দাবী করতে পারি। আর হয়তো কয়েকটি স্বপ্নের বাস্তব রূপায়ন সম্ভব হয়েছে।

পূজার ছুটীর আগে প্রদর্শনী বিতর্ক দিয়ে আমাদের পরিষদ কাজ শুরু করে। একই দিনে বিগত পরিষদ 'কফি হাউসে' বর্তমান পরিষদকে একটি প্রীতি সম্মেলনে আপ্যায়িত করেন। এর জন্য তাঁদের আমরা ধন্যবাদ জানাচ্ছি।

## প্রতিষ্ঠাতৃ সপ্তাহ

এর পর প্রতিষ্ঠাতৃ সপ্তাহের অনুষ্ঠান। প্রতিষ্ঠাতৃ সপ্তাহে অন্তত আমরা গতানুগতিকতার ঊর্ধ্বে কিছু দাবী করতে পারি। প্রতিষ্ঠাতৃ দিবসের 'বুফে টি', রবীন্দ্র-পরিষদের 'সাহিত্যবাসর' ও বিতর্ক বিভাগের 'popular lectures', যাতে বক্তৃতা করেন শ্রীকালিদাস নাগ ও শ্রীসত্যপ্রিয় ব্যানার্জি, সত্যই ছাত্রছাত্রীদের মধ্যে খুবই 'popular' হয়ে উঠেছিল এবং নতুনত্বের দাবী রাখে। প্রতিষ্ঠাতৃ সপ্তাহে নাট্যানুষ্ঠান ও কেবল ছাত্রছাত্রীদের ঘরোয়া জলসা—এই অনুষ্ঠান দুটি প্রথম সুরু হয় শ্রীপ্রদীপকুমার দাসের সাধারণ সম্পাদক থাকাকালে এবং তারপর আর হয়নি। আমরা এবার 'ইন্দিরা' রঙ্গমঞ্চে কবিগুরুর 'বৈকুণ্ঠের খাতা' ও পরশুরামের 'কচিসংসদ' এবং ফিজিক্স লেকচার থিয়েটারে ছাত্রছাত্রীদের ঘরোয়া জলসার মধ্য দিয়ে ঐ দুই ধরণের অনুষ্ঠানের পুনঃপ্রবর্তন করি। নাট্যানুষ্ঠানে কৃতিত্ব দেখান সুচিত্র চক্রবর্তী, দুর্গাদাস রায়, বীরেন পাল চৌধুরী, রথীরাজ বন্দ্যোপাধ্যায়, প্রদীপ সরকার, শেখর দত্ত ও অমিয় বন্দ্যোপাধ্যায়। সঙ্গীতানুষ্ঠানে কৃতিত্ব দেখান অমিতা মজুমদার, যশোধরা সেনগুপ্তা, অলকনন্দা দাসগুপ্তা, মঞ্জুলা মুখোপাধ্যায়, অমিয় বন্দ্যোপাধ্যায়, জ্ঞানব্রত ভট্টাচার্য, প্রশান্ত রায়চৌধুরী ও গৌতমকুমার সরকার। আমি আশা করি পেশাদারী শিল্পীদের বাদ দিয়ে কেবল ছাত্রছাত্রীদের সঙ্গীতানুষ্ঠান আরম্ভ হবে। এরপর পেশাদারী শিল্পীদের অনুষ্ঠান। সহসভাপতি গৌতমকুমার সরকার, প্রবীর বসু, দুর্গাদাস রায় ও বীরেন নিয়োগীর ঐকান্তিক সহযোগিতায় আমাকে এই অনুষ্ঠানটির আয়োজনে কোন কষ্ট পেতে হয়নি। এই দিন গান করেন, দ্বিজেন মুখোপাধ্যায়, আল্পনা বন্দ্যোপাধ্যায়, সাবিত্রী ঘোষ, অপরেশ লাহিড়ী ও বাঁশরী লাহিড়ী। কৌতুকরস পরিবেশন করেন জহর রায়। অপরেশ লাহিড়ীর শিশুপুত্র বাপি লাহিড়ীর তবলালহরা সকলকে মুগ্ধ করে। সমবেত যন্ত্রসঙ্গীত শোনান সুজিতনাথ ও সম্প্রদায়। এই সূত্রে উল্লেখ করছি যে 'ইন্দিরা' রঙ্গমঞ্চে গৌতমকুমার সরকারের

পরিচালনায় কলেজের ছাত্রদের সমবেত যন্ত্রসঙ্গীত পেশাদারী শিল্পীদের চেয়ে খারাপ হয়নি। প্রতিষ্ঠাতৃ সপ্তাহে সব বিভাগই কিছু কিছু অনুষ্ঠানের আয়োজন করে থাকে। বরুণ দাশগুপ্তের পরিচালনায় জুনিয়র কমনরুম বিভাগ এগিয়ে আসেন এক 'ষ্টীমার পার্টির' আয়োজন করে। এই পার্টির সাফল্য সম্বন্ধে এখানে বিষদভাবে বলা যাবে না, কেবল এইটুকু বলতে পারি যে ছাত্রছাত্রীদের মুখ থেকে বহুবার আমি শুনেছি যে ঐ দিনটিকে তাঁরা বহুদিন মনে রাখবেন। বিতর্ক বিভাগ প্রতিষ্ঠাতৃ সপ্তাহে নিয়ম মাফিক একটি প্রদর্শনী বিতর্কের আয়োজন করেন প্রাক্তন ও বর্তমান ছাত্রদের মধ্যে এবং প্রাক্তন ছাত্রদের পক্ষে শ্রীশৈলকুমার মুখোপাধ্যায়, শ্রীনির্মল ভট্টাচার্য প্রমুখ বিতর্কবাগীশরা এতে অংশ গ্রহণ করেন। তাহলে দেখা গেল যে প্রতিষ্ঠাতৃ সপ্তাহ সামগ্রিকভাবে যেমন সাফল্যমণ্ডিত হয়, তেমনি নতুনত্বও ছিল তাতে।

## শতবার্ষিকী উৎসব ঃ

এবছরের পরিষদের জীবনের একটি স্মরণীয় ঘটনা হোল শতবার্ষিকী উৎসব। বহুদিন ধরে ছাত্রছাত্রীদের মনে অফুরন্ত কৌতূহল, উৎসাহ ও অনেক কিছু করার স্বপ্ন জমে উঠেছিল এই উৎসাহটিকে কেন্দ্র করে। এতবড় গুরুত্বপূর্ণ উৎসবে আমরা কি ভূমিকা অভিনয় করব তা ভেবে আমাদেরও চিন্তার শেষ ছিল না। কিন্তু সব সমস্যারই সমাধান হয়ে গেল যখন প্রাক্তন ছাত্ররাই সব কিছুতে প্রধান ভূমিকা গ্রহণ করলেন—বর্তমান ছাত্ররা রইলেন 'নেপথ্যে কোলাহল' করার জন্যে! কর্তৃপক্ষের এই ব্যবস্থায় ছাত্রছাত্রীদের মধ্যে একান্ত উৎসাহের অভাব ঘটে এবং ছাত্র-পরিষদের দৃঢ়তায় শেষ পর্য্যন্ত তাঁরা ছাত্রপ্রতিনিধিদের কমিটিতে নিতে বাধ্য হন। ছাত্রদের কাজ করার দাবী স্বীকৃত হোল। ছাত্ররা চাঁদা তোলার কাজে এগিয়ে এলেন। এ বিষয়ে সম্বিৎকুমার চট্টোপাধ্যায়, আভাস সেন, দিব্যেন্দ্র সেনগুপ্ত ও অর্জুন সেনগুপ্তের কাজ খুবই প্রশংসনীয় হয়েছিল। গৌতমকুমার সরকার ও সম্বিৎকুমার চট্টোপাধ্যায়ের ওপর যথাক্রমে বর্তমান ছাত্রদের সঙ্গীতানুষ্ঠান ও নাট্যানুষ্ঠানের ভার ন্যস্ত হয়। গ্রীষ্মের ছুটীর মধ্যে ( যখন কোন ছাত্রছাত্রীই কলেজে আসেন না ) কর্তৃপক্ষ ঘটিত নানান বাধা অতিক্রম করে এই দুজন যে ভাবে কাজ করেছেন তা অকুণ্ঠ প্রশংসার দাবী রাখে। 'কর্তৃপক্ষ ঘটিত বাধা' বলতে অনেক কিছু বোঝায় যা এখানে না লেখাই ভাল। তবুও তার সামান্য আভাস মাত্র আমি দিচ্ছি। এই দুজন ছাত্র অনুষ্ঠান দুটির আয়োজনের ভার নেন কর্তৃপক্ষেরই অনুরোধে এবং তাঁদের মত কর্মদক্ষতা সম্পন্ন ছাত্র কলেজে আর কেউই ছিলেন না বোধ হয় এবং থাকলেও তাঁদের দেখা যায়নি। অথচ পরে টাকাকড়ি ইত্যাদি মঞ্জুর করার ব্যাপারে কর্তৃপক্ষ এমন একটি মনোভাব প্রকাশ করেন যেন এঁরা এঁদের ব্যক্তিগত কোন কাজের জন্য কর্তৃপক্ষের দ্বারস্থ হচ্ছেন। এঁদের প্রত্যেকটি কাজের জন্য কর্তৃপক্ষ কৈফিয়ৎ তলব করেছেন। যদি ভার দেওয়াই হয়েছিল তবে তাঁদের নির্বিঘ্নে কাজ করতে না দিয়ে এত সন্দেহ কেন? ছাত্রপরিষদের এই দুজন প্রতিনিধি সহজেই শতবার্ষিকী উৎসব থেকে দূরে থাকতে পারতেন কিন্তু কেবলমাত্র কলেজের বর্তমান ছাত্রদের অনুষ্ঠানসূচীতে অংশ গ্রহণের অধিকার রক্ষা করার জন্যই আপ্রাণ পরিশ্রম করে গেছেন। পরিষদের প্রতিটি কাজে অধ্যাপকদের হস্তক্ষেপ ( সাহায্য নয় ) করাটা প্রেসিডেন্সী কলেজের ঐতিহ্য হয়ে দাঁড়িয়েছে! তাই আমি সহজেই বুঝেছিলাম এঁরা দুজন কি বিরক্তিকর পরিস্থিতির সম্মুখীন হয়েছিলেন। যাই হোক, গৌতমকুমার সরকারের পরিচালনায় বর্তমান ছাত্রদের সঙ্গীতানুষ্ঠান যে কেবল সাফল্যলাভ করে তাই নয়, অনুষ্ঠানসূচীর বৈচিত্র্য, রুচিবোধ ও সংক্ষিপ্ততা সকলের দৃষ্টি আকর্ষণ করে। এইদিন পর্দার আড়াল থেকে কবিগুরুর 'খ্যাতির বিড়ম্বনা' শ্রুতিনাট্যটি অভিনবত্বে ও উৎকর্ষে বিশেষ প্রশংসনীয় হয়েছিল। বর্তমান ছাত্রদের নাট্যানুষ্ঠানে রবীন্দ্রনাথের 'মুক্তধারা' ও পরশুরামের 'বিরিঞ্চিবাবা'র মত অভিনয় কলেজে সাম্প্রতিক কালে হয়নি। নাটক দুটির পরিচালনায়, প্রযোজনায় ও দৃশ্য পরিকল্পনায় সম্বিৎকুমার চট্টোপাধ্যায় অপূর্ব দক্ষতা দেখান। এইদিনও দুটি নাটকের মধ্যে বিরতির সময় সমবেত যন্ত্রসঙ্গীত বাজান গৌতমকুমার সরকারের পরিচালনায় কলেজের ছাত্ররা

যা পেশাদারী দলের চেয়ে ভাল হয়েছিল। নাটক দুটিতে যাঁদের অভিনয় বহুদিন মনে থাকবে তাঁদের মধ্যে দুর্গাদাস রায়ই প্রথম এবং তা ছাড়া আছেন রথীরাজ বন্দ্যোপাধ্যায়, অমিয় বন্দ্যোপাধ্যায়, সম্বিৎকুমার চট্টোপাধ্যায়, তারক গাঙ্গুলী, সুনীতি বসু, প্রদীপ সরকার, রণজিৎ চট্টোপাধ্যায় ও সুজিত ঘোষ। গৌতমকুমার সরকার ও সম্বিৎকুমার চট্টোপাধ্যায়কে তাঁদের কাজের মধ্য দিয়ে বর্তমান ছাত্রদেরই সুনাম বৃদ্ধি করার জন্য ধন্যবাদ জানাচ্ছি। এই সূত্রে অধ্যাপক শ্রীকালীপদ দাশগুপ্ত ও অধ্যাপক শ্রীঅমিয় মজুমদারকে তাঁদের সত্যিকারের সাহায্য ও ছাত্রদের প্রতি সহানুভূতির জন্য ধন্যবাদ জানাচ্ছি। শতবার্ষিকী উৎসবের বাংলা বিতর্কে বর্তমান ছাত্রদের মধ্যে কৃতিত্ব দেখান অর্জুন সেনগুপ্ত, শিশির দাস ও সুচিত্র চক্রবর্তী এবং ইংরাজী বিতর্কে পরিমল মুখোপাধ্যায়, অহীন চৌধুরী ও অশোক চট্টোপাধ্যায় বর্তমান ছাত্রদের গৌরব বাড়ান। অধ্যাপক মামুদের নেতৃত্বে ও গৌতমকুমার সরকারের সহযোগিতায় বর্তমান ছাত্রদের স্বেচ্ছাসেবকবাহিনী যে গুরু কর্তব্য সম্পাদন করেন তার জন্য কেবল ধন্যবাদ জানান যথেষ্ট নয়। অধ্যাপক মামুদের কাছে অনেক বিষয়ের মত এর জন্যও আমরা কৃতজ্ঞ। শতবার্ষিকী উৎসবে যে কোন ছাত্রছাত্রীই যে কোন কৃতিত্ব দেখিয়ে থাকুন বা কাজ করে থাকুন তার জন্য তাঁদের আমি অভিনন্দন জানাচ্ছি কারণ তাঁরা সামগ্রিকভাবে বর্তমান ছাত্রদেরই সম্মান বাড়িয়েছেন।

আমাদের একটি আশা বা পরিকল্পনা ছিল যে আমাদের কলেজ ছাত্রদের সাংস্কৃতিক জীবনে একটি বিশেষ অংশ গ্রহণ করবে। আন্তঃবিশ্ববিদ্যালয় সম্পর্কের উন্নতিও আমাদের একটি লক্ষ্য ছিল এবং বাইরের বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সাংস্কৃতিক সম্বন্ধ স্থাপনেরও ইচ্ছা ছিল। এই পরিকল্পনার অংশ হিসাবে আমরা আমাদের ছাত্রদের দুবার নয়াদিল্লীতে অনুষ্ঠিত যুব-উৎসবে যোগদানের জন্য উৎসাহিত করি ও সফলও হই। ১৯৫৪ সালেই কেবল নয় এবারও কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুষ্ঠিত প্রাথমিক প্রতিযোগিতায় আমাদের কলেজের নাটক 'বিভাব' দিল্লীতে প্রতিনিধিত্বের জন্য নির্বাচিত হয় ও দিল্লীতে কোন অজানা কারণে প্রথম স্থান না পেলেও সমস্ত সংবাদপত্র কর্তৃক প্রথম বলেই বিবেচিত হয়। উচ্চাঙ্গ সঙ্গীতে সমস্ত কলেজের মধ্যে প্রাথমিক প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করে গৌতমকুমার সরকার দিল্লীতে প্রতিনিধিত্বের জন্য প্রেরিত হন এবং সেখানে সমস্ত বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম স্থান অধিকার করে কলেজের তথা বিশ্ববিদ্যালয়ের সম্মান বাড়িয়েছেন। উচ্চাঙ্গ নৃত্যে আমাদের ছাত্রী মীনাক্ষী চালিহা বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম হয়ে দিল্লীতে যান। আমাদের বেতার-নাট্যও বিশেষ প্রশংসা পায়। যুব-উৎসবের আয়োজনে স্নাতকোত্তর বিভাগের ছাত্ররাই প্রধান ভূমিকা গ্রহণ করেন এবং সমস্ত কলেজের ছাত্রদের এ বিষয়ে সচেতন করে তুলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে এবিষয়ে মনোযোগ দিতে তাঁরাই বাধ্য করেন। আশা করি আসছে বারও আমাদের কলেজ এ বিষয়ে এবারের মত প্রধান ভূমিকা গ্রহণ করবে।

অন্যান্য বিভাগ কি কি কাজ করেছেন তা আমি আর কি লিখব, অন্যান্য বিবরণী থেকেই পাবেন। আমি সবশেষে ধন্যবাদ জানাব তাঁদের যাঁদের সাহায্য ছাড়া আমার কাজ করা সম্ভব হোত না। বিশেষ করে ধন্যবাদ দিচ্ছি প্রবীর বসু, বরুণ দাশগুপ্ত, গৌতমকুমার সরকার, বীরেন নিয়োগী, নবনীতা দেব ও সম্বিৎকুমার চট্টোপাধ্যায়কে। অধ্যাপকরা যাঁরা আমাদের সাহায্য করেছেন তাঁদের আন্তরিক ধন্যবাদ দিচ্ছি।

সৌমেন্দ্র ঘোষ চৌধুরী—সাধারণ সম্পাদক

## বিতর্ক পরিষদ ঃ

বিতর্ক পরিষদের কাজে অন্যান্য বৎসরের মতন এবারও প্রচুর উৎসাহ ও নৈপুণ্যের পরিচয় পাওয়া গেছে। আমাদের কলেজের ছাত্ররা কলেজে অনেকগুলি বিতর্ক-সভার আয়োজন করেছে এবং অন্যান্য প্রতিযোগিতায় অংশ গ্রহণ ক'রে গৌরব ও সম্মান লাভ করেছে। কলেজে অনুষ্ঠিত বিতর্ক-আসরে মাঝে মাঝে পশ্চিমবঙ্গ বিধানসভার অধ্যক্ষ শ্রীশৈলকুমার মুখোপাধ্যায়, অধ্যাপক শ্রীনির্মলচন্দ্র ভট্টাচার্য প্রমুখ বিশিষ্ট প্রাক্তন ছাত্ররা আমন্ত্রিত হ'য়ে

যোগ দিয়েছেন। বহরমপুর কৃষ্ণনাথ কলেজ, সেণ্ট জেভিয়ার্স কলেজ, দিল্লীর হিন্দু কলেজ, সেণ্ট ষ্টিফেন্স কলেজ ও দিল্লী কলেজে অনুষ্ঠিত বিভিন্ন আন্তঃকলেজ বিতর্ক-প্রতিযোগিতায় আমাদের কলেজ প্রশংসা অর্জন করেছে এবং প্রায় প্রতি ক্ষেত্রেই কলেজের তৃতীয় বর্ষ বিজ্ঞানবিভাগের ছাত্র শ্রীকমল দত্তের ব্যক্তিগত কৃতিত্ব প্রশংসিত হ'য়েছে। সেণ্ট ষ্টিফেন্স কলেজে বিতর্কের ফলে আমাদের কলেজ মুখার্জ্জী মেমোরিয়াল চ্যালেঞ্জ ট্রফি লাভ করে। লেডি ব্রেবোর্ণ কলেজে অনুষ্ঠিত আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় আমাদের কলেজের ছাত্রীরা জয়লাভ করেছে এবং শ্রীমতী ইন্দুমতী আয়ার বক্তৃীদের মধ্যে শ্রেষ্ঠত্বের গৌরব অর্জন করেন। এই প্রসঙ্গে আর একটি গুরুত্বপূর্ণ বিতর্কানুষ্ঠানে আমাদের কলেজের ছাত্রের কৃতিত্বের নিদর্শনরূপে উল্লেখ করা যেতে পারে যে ষষ্ঠ বর্ষ কলাবিভাগের ছাত্র শ্রীপরিমলকুমার মুখোপাধ্যায় ১৯৫৩ সালে অল ইণ্ডিয়া রেডিও পরিচালিত আন্তঃবিশ্ববিদ্যালয় বেতার-বিতর্ক প্রতিযোগিতায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্ব করেন এবং দ্বিতীয় স্থান অধিকার করেন।

কমল মিত্র—সম্পাদক, বিতর্ক বিভাগ

## সমাজসেবা বিভাগ ঃ

এ বৎসর আমাদের প্রধান প্রধান কাজ হোলো ঃ—

(১) সামাজিক শিক্ষাদিবসে অর্থ সংগ্রহণ।

(২) Students' Health Homeএর সহযোগিতায় Cod-liver Oil বিতরণের ব্যবস্থা।

(৩) যক্ষ্মারোগাক্রান্ত ১৫ জন ব্যক্তিকে ঔষধ ও অর্থের দ্বারা সাহায্য দান।

(৪) বেহালায় একটি Building Fundএ সাহায্য দান।

এ ছাড়া T. B. Seal বিক্রয়ের জন্যে এবার কলেজে অভিযান সুরু করা হয়েছিল, কিন্তু ছাত্রছাত্রীদের উৎসাহের অভাবে এ অভিযান সাফল্য লাভ করেনি। পাঠ্যপুস্তক গ্রন্থালয়টিকে যথেষ্ট বাড়ান হয়েছে। কিছু নতুন বই কেনা হয়েছে আর কিছু বই বাইরে থেকে পাওয়া গেছে।

ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সমাজ-সেবা বিভাগের কর্মপন্থা পরিদর্শন করবার ব্যক্তিগত অভিজ্ঞতা নিয়ে বলতে পারি যে এই বিভাগের পরিচালনায় একটি সুসংবদ্ধ কর্মধারা থাকা দরকার। Indian Conference of Social Workএর লক্ষ্ণৌ অধিবেশনে যে নীতি ও কর্মপ্রণালী অনুমোদন করা হয়, অনেক বিশ্ববিদ্যালয়েই সেগুলি গৃহীত হ'য়েছে। সেই নীতি অনুসারে সরকারী সমাজ-উন্নয়ন বিভাগের সঙ্গে আমাদের ঘনিষ্ঠতর যোগসূত্র-স্থাপিত হওয়া প্রয়োজন। কলেজের মধ্যে এই সংঘের কাজ সুষ্ঠুভাবে পরিচালনা ক'রবার জন্যে সকল কলেজ একত্র হ'য়ে একটি সেমিনার গঠিত হওয়া দরকার। এই যৌথ সেমিনার সমাজ-সেবা মূলক সমস্যাগুলি আলোচনা ক'রে একটি কর্মপন্থা নির্দ্ধারণ করবেন এবং সকল কলেজ একত্রে এই কর্মপ্রণালী অনুসরণ করবেন। আর্ত্তের সেবায় আত্মনিয়োগ করার মহান্ দায়িত্ব ছাত্রদের। তাই, সমাজ-সেবায় ছাত্রছাত্রীদের উৎসাহের অভাব দেখে সত্যিই ব্যথিত হয়েছি। আমাদের এই সংঘের অস্তিত্ব সম্বন্ধে অজ্ঞ ছাত্রছাত্রীর সংখ্যাও আমাদের কলেজে নগণ্য নয়। বিদেশী ধর্মপ্রতিষ্ঠান এবং শিক্ষায়তনগুলির প্রভাবে পড়ে দুঃস্থ, নিরক্ষর জনসাধারণ যাতে আর বিপথে পরিচালিত না হয়—সেদিকে নজর দেবার সনির্বন্ধ অনুরোধ করছি আমার সতীর্থদের।

প্রসেনজিৎ নাগ—সম্পাদক, সমাজ-সেবা সংঘ

## রবীন্দ্র পরিষদ ঃ

রবীন্দ্র পরিষদ ১৯২৭ সালে প্রতিষ্ঠিত হয়। ১৯৪৪ সালে ছাত্রপরিষদের পুনর্গঠনের সঙ্গে রবীন্দ্র পরিষদও ছাত্রপরিষদের অন্তর্ভুক্ত হয়।

রবীন্দ্র পরিষদের কাজ কি হওয়া উচিত তা নিয়ে অনেকে অনেকরকম ধারণা পোষণ করেন। কেউ ভাবেন

রবীন্দ্রপ্রতিভার বিভিন্ন দিকের সঙ্গে ছাত্রদের পরিচয় ঘনিষ্ঠতর করে তোলাই পরিষদের কাজ হওয়া উচিত। আবার কেউ বলেন, রবীন্দ্রনাথের আদর্শ সাহিত্য ও জীবনের সর্বাঙ্গীণ উন্নতি—সেই ধারা আজ যাঁরা বহন করে চলেছেন তাঁদের উৎসাহিত করা ও ছাত্রদের সঙ্গে তাঁদের পরিচয় করিয়ে দিয়ে তাদেরও সচেতন করে তোলা। আমার মনে হয় এই দু'টি মতকেই গ্রহণ করে পরিষদের কাজ করা উচিত।

এ বৎসরে রবীন্দ্রপরিষদের কার্যাবলী আলোচনা করতে গিয়ে প্রথমেই উল্লেখ করতে হয় রবীন্দ্রোত্তর যুগের বাংলার শ্রেষ্ঠ কবি শ্রীজীবনানন্দ দাসের পরলোক গমন ও স্বর্গত কবির আত্মার প্রতি শ্রদ্ধা প্রদর্শনের জন্য পরিষদের পক্ষ থেকে একটি শোকসভার আয়োজন। এই সভায় কলেজের ছাত্রছাত্রীগণ ছাড়া উপস্থিত ছিলেন কবি নরেশ গুহ ও কবি অজিত দত্ত। এর পর পরিষদের পক্ষ থেকে একটি আবৃত্তি প্রতিযোগিতার ব্যবস্থা করা হয়। এতে যথাক্রমে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করেন শ্রীভাস্কর সেনগুপ্ত ও শ্রীমতী মহাশ্বেতা বন্দ্যোপাধ্যায় ও উল্লেখযোগ্য কৃতিত্ব দেখান শ্রীসুশীল চৌধুরী। এরপর এসে পড়ে কলেজের প্রতিষ্ঠাতৃ দিবস। এই উপলক্ষে রবীন্দ্র পরিষদ একটি সাহিত্য আসরের আয়োজন করে। আলোচনার বিষয়বস্তু ছিল রবীন্দ্রোত্তর বাংলা সাহিত্য। আলোচনায় অংশ গ্রহণ করেন শ্রীমনোজ বসু, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, শ্রীসুভাস মুখোপাধ্যায় ও শ্রীমতী উমাদেবী। আসরটির আলোচনা বিশেষ চিত্তাকর্ষক হয়েছিল। এরপরের অনুষ্ঠান হয় গান ও আবৃত্তির মাধ্যমে 'বসন্ত উৎসব'। গানে অমিতা মজুমদার, যশোধরা সেনগুপ্তা, রুচিরা দে, মঞ্জুভারতী কর, প্রদীপ সরকার, ধ্রুব গুপ্ত, শঙ্কর চ্যাটার্জ্জী ও আবৃত্তিতে নবনীতা দেব, বন্দনা রায়, দুর্গাদাস রায় বিশেষ কৃতিত্ব দেখান। কিন্তু এই সূত্রে আমি উল্লেখ করতে বাধ্য হচ্ছি যে এই অনুষ্ঠানটিতে এক শ্রেণীর ছাত্রের ব্যবহার অত্যন্ত অশোভন এবং কলেজের ঐতিহ্যের পরিপন্থী হয়েছিল। যে কোন অনুষ্ঠানের সাফল্য নির্ভর করে দর্শকদের সহানুভূতির ওপর অনেকটা। তাই রবীন্দ্র পরিষদের অনুষ্ঠানে যোগ দিয়ে অশোভন আচরণ করাটা যে কেবলমাত্র ব্যক্তিগত রুচির পরিচয় দেয় তাই নয়, কলেজের সুনাম এবং অনুষ্ঠানটিও নষ্ট হয়। পরিশেষে ধন্যবাদ জানাচ্ছি তাঁদের যাঁদের সাহায্য ও সহানুভূতি আমাকে কর্তব্য সম্পাদনে সাহায্য করেছে। অধ্যাপক দেবীপদ ভট্টাচার্যকেও আমার ধন্যবাদ জানাচ্ছি তাঁর সাহায্যের জন্য। আমরা হয়তো অনেক কিছু করতে পারিনি যা আমাদের করা উচিত ছিল তার জন্য আমরা ক্ষমা চাইছি এবং আশা করি বর্তমান রবীন্দ্র পরিষদ আমাদের ত্রুটি বিচ্যুতি ভরিয়ে দিয়ে অনেক দূর এগিয়ে যাবে। বর্তমান পরিষদের প্রতি আমার একটিমাত্র অনুরোধ যে তাঁরা যেন পরিষদকে আরও সজীব করে তোলেন এবং রবীন্দ্রনাথ ছাড়াও আমাদের দেশের অন্যান্য মনীষী, যাঁদের অভাবে রবীন্দ্রনাথ হয়তো সম্ভব হতেন না, তাঁদের প্রতি যথাযোগ্য সম্মান প্রদর্শন করেন। পরিষদের পক্ষ থেকে যদি রামমোহন, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, মাইকেল মধুসূদন প্রভৃতির জন্মোৎসব পালনের মধ্য দিয়ে তাঁদের সাহিত্য ও কর্মের আলোচনা করা যায়, তাহলে অত্যন্ত ভাল হয়।

রবীন্দ্রনাথের জন্মোৎসবও পালন করা উচিত, কিন্তু উল্লিখিত মনীষীদের বাদ দিয়ে তাঁর জন্মোৎসব করাটা অন্যায় হবে।

শকুন্তলা বসু—সম্পাদিকা, রবীন্দ্র-পরিষদ

## নাট্য-পরিষদ ঃ

যদিও ১৯২৩ সাল থেকে প্রত্যেক বছর একটি করে নাট্যানুষ্ঠানের আয়োজন কলেজে করা হচ্ছে, ১৯৪৪ সালেই নাট্যপরিষদের জন্ম এবং সেই বছরেই পরিষদ ছাত্র-পরিষদের অন্তর্ভুক্ত হয়।

কাজের ফিরিস্তি দিচ্ছি—বিচারের ভার ছাত্রছাত্রীদের ওপর। অনেক গণ্ডীর দ্বারা নাট্যপরিষদের ক্ষমতা নিয়ন্ত্রিত। তাই অনেক কিছু করার ইচ্ছে থাকলেও সেটা সম্ভব হয়ে ওঠে না। সবচেয়ে বড় অসুবিধা—আমাদের কলেজে কোন 'হল' নেই। অর্থের পরিমাণ সীমাবদ্ধ বলে বার বার পাব্লিক ষ্টেজ ভাড়া করে অভিনয় করা সম্ভব হয় না। আশা করি নিকট ভবিষ্যতে এ অসুবিধা দূর হবে।

পরিষদের লাভ ক্ষতির খতিয়ানে কিছু যোগ হয়েছে। আমাদের প্রবীণ অধ্যাপক শ্রীযুক্ত কালীপদ দাসগুপ্ত এ দপ্তর থেকে অবসর নিয়েছেন। লাভের পর্যায়ে, আমরা এই দপ্তরের ভারপ্রাপ্ত অধ্যাপক হিসেবে পেয়েছি শ্রীযুক্ত ভূদেব চৌধুরীকে। উভয়ের অক্লান্ত প্রচেষ্টা আমাদের সর্বাঙ্গীন সাফল্যের মূলে অনেকখানি। আমার ব্যক্তিগত সৌভাগ্য দুজনের সস্নেহ তত্ত্বাবধানে আমার কাজ সুসম্পন্ন করতে পেরেছি।

এবার ধন্যবাদের পালা। যেসব ছাত্রবন্ধু আমাকে সাহায্য করেছেন তাদের জানাচ্ছি আমার আন্তরিক ধন্যবাদ। ব্যক্তিগতভাবে সকলের নামোল্লেখ সম্ভাব্যতার বাইরে, তাই তা থেকে বিরত থাকলাম।

আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি বিদায়ী অধ্যক্ষ শ্রীযুক্ত যতীশচন্দ্র সেনগুপ্ত, অধ্যাপক শ্রীযুক্ত কালীপদ দাসগুপ্ত ও ভারপ্রাপ্ত অধ্যাপক শ্রীযুক্ত ভূদেব চৌধুরীকে তাঁদের সহৃদয় উপদেশের জন্যে। এছাড়া শ্রীযুক্ত ইন্দ্রনীল বন্দ্যোপাধ্যায়, Gossain and Companyর কর্তৃপক্ষ ও বহুরূপীর সম্প্রদায়কে আমার অশেষ ধন্যবাদ জানাচ্ছি তাঁদের অকুণ্ঠ সহযোগিতার জন্য।

কলেজের একঘেয়েমির বাইরে ছাত্রছাত্রীরা খোঁজে একটুখানি বৈচিত্র্য, পরিবর্তন আর হাসি-উচ্ছলতা, নাট্যপরিষদ নিঃসন্দেহে তাদের এ খোরাক জোগায় যদিও পরিষদের ক্ষমতা সীমাবদ্ধ। আমোদ বিতরণই নাট্য-পরিষদের মুখ্য উদ্দেশ্য—কিন্তু এর মধ্য দিয়েই আমরা শিল্পানুশীলনের চেষ্টা করি। আমাদের কলেজের কয়েকজন প্রাক্তন ছাত্র আজ মঞ্চ ও পর্দায় প্রতিষ্ঠিত যশস্বী শিল্পী। তাঁদের এই প্রতিষ্ঠার পেছনে রয়েছে সাধনার ইতিহাস। আমরা আনন্দ ও গর্ব অনুভব করতে পারি যে, এই পরিষদের মাধ্যমেই সে সাধনার সার্থক সূচনা হয়েছে। আমাদের দেশে অভিনয়ের ঐতিহ্য সুপ্রাচীন কিন্তু তার সশ্রদ্ধ চর্চার দৃষ্টান্ত বিরল। আমাদের সামান্য শক্তিতে এই পরিষদের মাধ্যমে আমরা সে চেষ্টা করে আসছি—এটুকুও আমাদের গৌরব।

মামুলী-নিয়মমাফিক বছরে একবার 'পাব্লিক ষ্টেজ' ভাড়া করে একটি নাটক মঞ্চস্থ করাই এ দপ্তরের কাজ বলে জানতুম। কিন্তু এই গতানুগতিকতাকে বর্জন করার প্রয়াস আমরা পেয়েছি। কলেজের 'প্রতিষ্ঠা-দিবসে' বোধহয় এই প্রথম নাট্যপরিষদের তরফ থেকে পাব্লিক ষ্টেজ ভাড়া করে ২ খানা নাটক মঞ্চস্থ করা হোল। এই উপলক্ষে আমরা 'ইন্দিরা'য় রবীন্দ্রনাথের 'বৈকুণ্ঠের খাতা' ও পরশুরামের 'কচিসংসদ' মঞ্চস্থ করি। দুটো নাটকেই আমরা আশাতীত সাফল্য লাভ করেছি।

আরও একটা নতুনত্বের 'আমদানী' আমরা করতে চেয়েছিলুম। আমাদের কলেজের ছাত্রীরা কোনবারই অভিনয়ে অংশ গ্রহণ করতে পারেন না সুযোগের অভাবে। এবারে নাট্যপরিষদের পৃষ্ঠপোষকতায় ৩য় বর্ষের (বর্তমানে ৪র্থ বর্ষ) ছাত্রীরা কলেজের প্রতিষ্ঠা-দিবস উপলক্ষে রবীন্দ্রনাথের 'তপতী' মঞ্চস্থ করার প্রয়াস পেয়েছিলেন। নাটকের মহড়াও চলছিল সমান তালে। কিন্তু বাধ সাধল বিশ্ববিদ্যালয়। সবিস্ময়ে একদিন আমরা 'আবিষ্কার' করলাম—বিশ্ববিদ্যালয়ের শমন জারী করা আছে—'কো-এডুকেশন' যে কলেজে প্রচলিত সেখানকার ছাত্রীরা কোন অনুষ্ঠানে অংশ গ্রহণ করতে পারবেন না। আমাদের নিরাশ হ'তে হোল।

কলেজের শতবার্ষিকী উৎসবে বর্তমান ছাত্রদের পক্ষ থেকে আমরা রবীন্দ্রনাথের 'মুক্তধারা' ও পরশুরামের 'বিরিঞ্চিবাবা' মঞ্চস্থ করেছি। অধ্যাপক কালীপদ দাশগুপ্ত ও শ্রীসম্বিৎ চট্টোপাধ্যায়ের ঐকান্তিক প্রচেষ্টায় নাটক দুটো উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছিল।

বহু প্রত্যাশিত বার্ষিক নাট্যানুষ্ঠানের আয়োজন করা হয়েছিল ২৬শে আগষ্ট—'ষ্টার থিয়েটারে', বিষয়বস্তু—'বিভাব' (বহুরূপী রচিত) ও পরশুরামের 'চিকিৎসা সঙ্কট'। প্রথম নাটকটিতে আমরা অভূতপূর্ব সাফল্য ,অর্জন করেছি বললেও বোধহয় অত্যুক্তি হবে না।

এ বছরের সবচেয়ে উল্লেখযোগ্য সাফল্য হ'ল—আমাদের নাট্যপরিষদ কর্তৃক অভিনীত 'বিভাব' এবার

আন্তঃকলেজ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেছে, আর এরই ফলে আমাদের নাট্যপরিষদ দিল্লীতে যুব-সম্মেলনে আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্ব করেছে।

কর্তৃপক্ষকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এঁরা আমাকে নানাভাবে সাহায্য করেছেন।

বিদায় নেবার আগে এই দপ্তরের উত্তরাধিকারীর জন্যে রেখে যাচ্ছি আমার আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা। এ বিভাগের উত্তরোত্তর শ্রীবৃদ্ধি হোক—এটাই একান্ত কাম্য।

সুশীল চৌধুরী
সম্পাদক, নাট্য-পরিষদ

## ছাত্রদের বিরাম পীঠিকা:

১৯০৪ সালে প্রথম পৃথকভাবে ছাত্রদের বিরাম পীঠিকার ব্যবস্থা করা হয়। ১৯৪৪ সালে ছাত্রদের বিরাম পীঠিকা বিভাগের দায়িত্ব ছাত্র পরিষদের উপর ন্যস্ত হয় এবং এই বিভাগ ছাত্র পরিষদের অন্তর্ভুক্ত হয়।

১৯এ ডিসেম্বর ছাত্রদের বিরাম পীঠিকার পক্ষ থেকে এক ষ্টীমার পার্টির আয়োজন করা হয়েছিল। বেলা দশটায় আর্মেনিয়ান ঘাট থেকে আমাদের ষ্টীমার 'কাশীপুর' ছাড়ে, ফিরে আসে সন্ধ্যায়। হাসিতে, গানে, রসালাপে দিনটা খুবই ভাল কেটেছে।

এর পরে এপ্রিল মাসে আমাদের বার্ষিক টেবিল-টেনিস প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়, এবারের বৈশিষ্ট্য এই যে প্রেসিডেন্সী কলেজের ইতিহাসে এই সর্বপ্রথম মেয়েরা সক্রিয়ভাবে এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করলেন। সংখ্যায় যদিও তাঁরা নগণ্য ছিলেন তথাপি যে দীপ জ্বালিয়ে দিলেন—আশা করি সেটা অনির্বাণ-শিখায় জ্বলতে থাকবে। ফাইনালের দিনে শ্রীযুক্তা (জে. সি.) সেনগুপ্তা উপস্থিত থেকে এবং পুরস্কার বিতরণ ক'রে আমাদের পুনরায় স্নেহের ডোরে আবদ্ধ করেছেন।

এর পরের ইতিহাস অত্যন্ত সংক্ষিপ্ত, কমনরুমের উন্নতির জন্য চেষ্টা ক'রে যাচ্ছি, কমনরুমে বহু বছর ধরে কোন সংবাদপত্র আসত না—সংবাদপত্রের পুনঃপ্রবর্তন করা হয়েছে—খেলারও প্রচুর নূতন সাজ-সরঞ্জাম কেনা হয়েছে—অসংখ্য পত্র-পত্রিকা নিয়মিতভাবে আসছে।

কিন্তু একটি পরিবর্তন শত চেষ্টা ক'রেও পারলুম না—সেটা হচ্ছে পুরাতন টেবিল-টেনিস বোর্ডটা, কারণ Steamer Party ক'রবার পরে আর বোর্ড কিনবার সংস্থা থাকে না—একমাত্র উপায় বাজেটে বরাদ্দ বাড়ান। আশা করি আগামীবারে এই প্রসঙ্গটি অত্যন্ত গভীরভাবে চিন্তা করা হবে।

সর্বশেষে ধন্যবাদ জানাই সেই সব বন্ধুদের যারা নানাভাবে আমাকে সাহায্য করেছেন, নামোল্লেখ আর করবনা কেননা এতে শত্রুতা বাড়ে, তাই প্রীতি ও শুভেচ্ছান্তে এবারের মতো বিদায় নিচ্ছি।

বরুণরঞ্জন দাশগুপ্ত—সম্পাদক

## প্রকাশনা বিভাগ:

দায় ও দায়িত্ব, তাড়া এবং তাড়নার দ্বন্দ্ব-দীর্ঘ ফলশ্রুতিরূপে অবশেষে কলেজ পত্রিকা সত্যি প্রকাশিত হ'ল, যদিও নির্দিষ্ট সময়ের এক বছর পরে। তবে এই অহেতুক বিলম্ব স্বাভাবিক। শতাব্দী উৎসবের মাত্র কয়েকদিন পূর্বে সম্পাদকমণ্ডলী এই বিশেষ সংখ্যা প্রকাশ করার মনস্থ করেন। প্রাক্তন ছাত্ররাও তাঁদের রচনা পাঠাতে বেশ দেরী করেন। এই সময়ে কর্মসচিব শ্রীপ্রদীপরঞ্জন সর্বাধিকারী উচ্চশিক্ষার্থে বিদেশ যাত্রা করেন। সম্পাদক মণ্ডলীর সভাপতি অধ্যাপক শ্রীসুনীতকুমার ইন্দ্র সেন্ট্রাল ক্যালকাটা কলেজের অধ্যক্ষ নিযুক্ত হন। এরকম নানা বাধাবিপত্তির মধ্যে এই সংখ্যা প্রকাশ করতে হয়েছে। পত্রিকা প্রকাশের অহেতুক বিলম্বের জন্য

LEFT TO RIGHT—

*Seated* : Sri N. N. Chatterji (Physical Instructor); Prof. A. K. Pannerjee (President, Small Area Games Club); Prof. J. N. Rudra (President, Cricket Club); Prof. S. K. Roy (Hony. Treasurer, Athletic Club); Prof. N. G. Chakravarty (President, Hockey Club); Principal Dr. J. C. Sen Gupta (President, Athletic Club); Janab Ablas Mirza (Ex-Football Capt., Presidency College and Football Captain, Mohammedan Sporting Club 1955-59); Prof. J. K. Chowdhury (President, Football Club); Prof. S. K. Indra (President, Rowing Club); Prof. A. W. Mahmood (President, Tennis Club).

*Standing—Front Row* : Sm. Nabanita Deb (Secy., Girls' Section); A. Ghosh (Secy., Small Area Games Club); B. Bardhan Roy; S. Bhowmik; D. Sen Gupta (Secy., Hockey Club); P. Bose (Secy., Football Club); D. Bose; A. Bhattacharya (General Secy., Athletic Club); S. Sanatani; K. Bagchi; P. Nag; S. Gupta (Secy., Cricket Club); S. Biswas; D. Neogi (Cricket Capt.); Bostom (Bearer).

*Standing—Back Row* : Chandra (Bearer); N. Sil; S. Mukherjee; L. Bose; P. Dey; ; S. Chakrabarti; M. Das Gupta; A. Roy; D. Sarkar (Secy., Rowing Club); A. Poddar; A. Barua (Hockey Capt. and Volleyball Capt.); S. Roy.

## PRESIDENCY COLLEGE ATHLETIC COMMITTEE

SESSION : 1954—1955.



[See overleaf

কলেজের ছাত্রছাত্রীরাও কিছুটা দায়ী। কারণ তাঁদের সেমিনার ও ছাত্রসংসদের কার্যাবলীর বিবরণ যথাসময়ে এসে পৌঁছয়নি। ছাত্রছাত্রীদের কাছে আমাদের আরেকটা অনুযোগ যে বহুবার বলা সত্ত্বেও তাঁরা যথাসময়ে পত্রিকা গ্রহণ করেন না। তাই আবার অনুরোধ জানাচ্ছি যে তাঁরা সময়মত পত্রিকা গ্রহণ করে কর্মসচিবকে যেন ভারমুক্ত করেন।

ভারপ্রাপ্ত অধ্যাপক ডাঃ অমলেশ ত্রিপাঠী এবং দেবদাস চক্রবর্ত্তী, দেবব্রত ঘোষ প্রমুখ ছাত্রবন্ধুদের বিভাগীয় কাজে সহযোগিতা করার জন্য ধন্যবাদ জানাচ্ছি যদিও তাঁরা ব্যক্তিগতভাবে ধন্যবাদের বহু উর্ধে।

সম্পাদক—প্রেসিডেন্সি কলেজ পত্রিকা

## খেলাধুলা বিভাগ ঃ

**শতাব্দী উৎসব ঃ** আমাদের কলেজের শতাব্দী উৎসব উপলক্ষে একটি ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। এতে প্রাক্তন ও বর্তমান ছাত্ররা যোগদান করেন। ছাত্রীদের জন্যও প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল, কিন্তু সে রকম কোন সাড়া না পাওয়াতে তা' বাতিল করতে হয়।

প্রাক্তন ছাত্রদল ও বর্তমান ছাত্রদলের মধ্যে অনুষ্ঠিত Festival ফুটবল খেলায় প্রাক্তন দল ৩-১ গোলে জয়লাভ করেন। এই খেলাটিতে কয়েকজন খ্যাতনামা ফুটবল খেলোয়াড় প্রাক্তন ছাত্রদলের পক্ষে খেলেন। আমাদের কলেজের প্রাক্তন ছাত্র ও ১৯১১ সালের শীল্ড বিজয়ী মোহনবাগান দলের খেলোয়াড় শ্রীকানু রায় বল মেরে খেলা সুরু করেন। Calcutta Improvement Trustএর সভাপতি শ্রীশৈবাল গুপ্তও খেলায় অংশ গ্রহণ করেন। প্রাক্তন ছাত্রদলের অধিনায়ক ছিলেন বিখ্যাত ফুটবল ও ক্রিকেট খেলোয়াড় শ্রীনির্মল চট্টোপাধ্যায়। প্রাক্তন দলের গোলরক্ষক খ্যাতনামা খেলোয়াড় শ্রীরামেন্দু ভট্টাচার্য (রাম) খুবই ভাল খেলেন; কিন্তু দুর্ভাগ্যবশতঃ হাতে আঘাত পেয়ে মাঠ ত্যাগ করতে বাধ্য হন।

কর্মকর্তৃমণ্ডলী যথারীতি নির্বাচিত হবার পর পরিষদের প্রথম অধিবেশন অধ্যাপক শ্রীননীগোপাল চক্রবর্ত্তীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এই বৈঠকে সাধারণ সম্পাদক এবং বিভাগীয় সম্পাদকগণ নির্বাচিত হন। ফুটবল সম্পাদক ইতিপূর্বেই নির্বাচিত হয়েছিলেন। ছাত্রীরা নিজেদের একজন প্রতিনিধি নির্বাচিত করেন। পরিষদের আর এক অধিবেশনে টেনিস বিভাগের সম্পাদক নির্বাচন করা হয়। পরিষদের তৃতীয় অধিবেশনে বাজেট গৃহীত হয়—সভাপতি ছিলেন অধ্যক্ষ ডাঃ যতীশচন্দ্র সেনগুপ্ত। সকল বিভাগের কাজের সংক্ষিপ্ত বিবরণী দিলাম।

## ফুটবল ঃ

**প্রবীর বসু—সম্পাদক**
**অসীমকুমার সরকার—অধিনায়ক**

গরমের ছুটির পর কলেজে ফুটবল-অনুশীলন সুরু হয়। যথারীতি একটি trial খেলার পর কলেজের দল গঠন করা হয়। আন্তঃকলেজ লীগে আমরা বিশেষ সুবিধা করতে পারিনি। 'নক-আউট' প্রতিযোগিতাগুলির মধ্যে হেরম্ব মৈত্র শীল্ডে আমরা নরসিংহ দত্ত কলেজ দলকে প্রথম রাউণ্ডে 'রিপ্লে' ম্যাচে ২-০ গোলে হারিয়ে দ্বিতীয় রাউণ্ডে উঠি; কিন্তু সিটি কলেজ দলের কাছে এই পর্যায়ের খেলায় আমরা হেরে যাই। Hardinge Birthday Shieldএর খেলায় আমরা মেডিক্যাল কলেজ দলের কাছে ১-২ গোলে হেরে যাই। I. F. A. কর্তৃপক্ষের বিধানানুযায়ী Elliot Shieldএর খেলাগুলিতে প্রতি কলেজকে Full booted team নামাতে হয়, এতে আমাদের কলেজ দলের খেলোয়াড়দের ভীষণ অসুবিধা হয়েছিল। কলেজ থেকে দেওয়া হয়েছিল মাত্র তিন জোড়া বুট; অথচ নিয়মিত খেলোয়াড়দের অনেকেরই নিজস্ব বুট নেই। জোড়াতালি দিয়ে আমাদেরও 'booted team'

হ'ল, কিন্তু আমরা সুরেন্দ্রনাথ কলেজ দলের কাছে ০-২ গোলে পরাজিত হই। Bootএর ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ অধিকতর মনোযোগ দিলে সুখী হবো।

আন্তঃ শ্রেণী প্রতিযোগিতার খেলাগুলি তীব্র প্রতিদ্বন্দ্বিতামূলক হয়। লীগে Post-graduate দল চ্যাম্পিয়ন হয়। দ্বিতীয় বর্ষ দল চতুর্থ বর্ষ দলকে ফাইনালে হারিয়ে Principal B. M. Sen Challenge Cup লাভ করে।

পনেরোই আগস্ট স্বাধীনতা দিবস উপলক্ষে কলেজের এই বিভাগ একটি ক্রীড়ানুষ্ঠানের আয়োজন করে। ছাত্রছাত্রীদের প্রচুর উৎসাহ সত্ত্বেও বৃষ্টির জন্য তাঁদের sports বাদ দিতে হ'ল। তবে festival ফুটবল ( Captain's Eleven vs. Secretary's Eleven ) খেলাটি বেশ জমেছিল—খেলাটি অমীমাংসিত ভাবে শেষ হয়।

## ক্রিকেট ঃ

শান্তি গুপ্ত—সম্পাদক
ধীরেন নিয়োগী—অধিনায়ক

আমাদের কলেজের অন্যান্য খেলার তুলনায় ক্রিকেট যেন সবচেয়ে বেশী আলোড়নের সৃষ্টি করে—সেটা net practiceএর ভীড় দেখেই বোঝা যায়। পুজোর ছুটির পর একটি অনুশীলনী খেলার পরে কলেজের দল বেছে নেওয়া হয়। আন্তঃ কলেজ লীগ প্রতিযোগিতায় আমরা সুবিধা করতে পারিনি। 'নক-আউট' প্রতিযোগিতায় আমাদের কলেজ দল University Colleges দলকে এবং R. G. Kar Medical কলেজ দলকে হারিয়ে quarter-finalএ ওঠে। R. G. Kar Medical কলেজ দলের সঙ্গে খেলাটি বিশেষভাবে স্মরণীয়—আমাদের কলেজের প্রবীর বসু এইদিন শতাধিক রাণ করে অপরাজিত থাকেন ( ১২২ নট আউট )। তাঁর সেঞ্চুরীর জন্যই আমাদের কলেজ দল সেইদিন জয়লাভে সমর্থ হয়। কিন্তু পরবর্তী পর্যায়ের খেলায় আমরা আশুতোষ কলেজ দলের কাছে হেরে যাই। শেষ পর্যন্ত আশুতোষ কলেজ দলই আন্তঃকলেজ নক্-আউট প্রতিযোগিতায় বিজয়ী হয়।

কালীঘাট ক্লাবের সঙ্গে একটি প্রীতিসূচক খেলা আমাদের বাধ্য হ'য়ে বাতিল ক'রতে হয়। কালীঘাট ক্লাবের খেলোয়াড়গণ মাঠে উপস্থিত ছিলেন; কিন্তু, লজ্জার বিষয় এই যে আমাদের কলেজের খেলোয়াড়দের অনেকেই সেদিন মাঠে উপস্থিত থাকতে ভুলে গিয়েছিলেন।

Past vs. Present Festival Matchটি প্রতিনিধিমূলক হয়নি। অনেক নাম করা Cricketer খেলতে সম্মত হওয়া সত্ত্বেও সেদিন মাঠে আসেন নি। আন্তঃশ্রেণী নক-আউট ক্রিকেট প্রতিযোগিতায় দ্বিতীয় বর্ষ দল Post-graduate দলকে ফাইনালে হারিয়ে Principal A. K. Chanda Cup লাভ করে।

## হকি ঃ

দিব্যেন্দ্রনাথ সেনগুপ্ত—সম্পাদক
অশোককুমার বড়ুয়া—অধিনায়ক

চিরপ্রথা অনুযায়ী অনুশীলনী খেলার পর কলেজের দল গঠন করা হয়। অন্যান্য বছরের তুলনায় এবার আন্তঃকলেজ লীগ প্রতিযোগিতায় আমাদের কলেজ দল অপেক্ষাকৃত অধিক সাফল্য লাভ করে। হকি মরশুমের প্রথম ৩।৪টি খেলা দেখার পর যে আশা হয়েছিল সেটা বেশীদিন রইলো না। আন্তঃকলেজ নক-আউট প্রতিযোগিতায় Dr. S. R. Dasgupta Cupএর দ্বিতীয় রাউণ্ডে আমরা *Nilratan Sarkar Medical College* দলের কাছে ১-২ গোলে হেরে যাই।

## নৌ-চালনা বা রোইং ঃ

দ্যুতীশ সরকার—সম্পাদক

এ বছর এ বিভাগে সভ্য সংখ্যা মাত্র ৮ জন। Inter-Collegiate Sculling Competitionএর Quarter-final পর্যায়ে আমাদের কলেজের দ্যুতীশ সরকার ও সুব্রত বসু যথাক্রমে আশুতোষ কলেজের প্রতিনিধি ও চারুচন্দ্র কলেজের প্রতিনিধির সঙ্গে প্রতিযোগিতায় হেরে যান।

## স্মল এরিয়া গেম্‌স্‌ ঃ

অশোক ঘোষ—সম্পাদক
অশোককুমার বড়ুয়া—ভলিবল অধিনায়ক

কলেজের বড় বড় খেলার আড়ালে এই বিভাগের খেলা যেন ঢাকা পড়ে যায়। তাও ভলিবল আর ব্যাডমিণ্টন খেলা নিয়মিত ভাবেই হয়েছিল। আন্তঃকলেজ ভলিবল প্রতিযোগিতার (নক-আউট) খেলায় আমরা University Collegesএর দলের কাছে হেরে যাই।······আমাদের কলেজের ছেলেরা বাস্কেট বলের মত জমানো খেলা খেলতে ভুলে গেলো। এটা বড় দুঃখের বিষয়।

আন্তঃশ্রেণী ভলিবল নক-আউট প্রতিযোগিতায় তৃতীয় বর্ষ দল দ্বিতীয় বর্ষ দলকে ফাইনালে হারিয়ে Principal J. Ghose Challenge Cup লাভ করে।

## ব্যায়ামাগার বা জিম্‌নাসিয়াম ঃ

খ্যাতনামা কোন ব্যায়াম বীরের দেখা না পাওয়া গেলেও স্বাস্থ্যরক্ষার জন্যে বেশ কয়েকজন ছাত্র নিয়মিত-ভাবেই শরীর চর্চা করে থাকেন।

## ছাত্রী বিভাগ ঃ

নবনীতা দেব—সম্পাদিকা

ছাত্রীদের ব্যাডমিণ্টন খেলার জন্য ঘেরা জায়গার ব্যবস্থা করা হয়েছিল। মাঝে মাঝে ছাত্রীদের ব্যাডমিণ্টন খেলতে দেখা গিয়েছে।

## টেনিস ঃ

এম, কে, খীশা—সম্পাদক

গত বছর এই বিভাগ সভ্যের অভাবে বন্ধ থাকার পর এবার ১৫ জন সভ্য নিয়ে বিপুল উদ্দীপনার সঙ্গে আবার এই বিভাগ খোলা হ'ল। সভ্যরা বেশ নিয়মিতভাবে 'টেনিস্‌' খেলছেন। আমাদের সভ্যদের মধ্যে ঝানু খেলোয়াড় কেউ নেই। তাই এবার আন্তঃকলেজ প্রতিযোগিতায় যোগ দেবার ব্যাপারে বিরত থাকতে হয়েছে; তবে, আশা করছি, আসছে বছর আমরা আন্তঃকলেজ টেনিস প্রতিযোগিতায় যোগ দিতে পারবো।

## বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা ঃ

ক্রীড়া বিভাগের মহোৎসব হলো বাৎসরিক স্পোর্টস্‌। এই দুটি দিন খেলোয়াড়-অখেলোয়াড় নির্বিশেষে সকলের মধ্যেই অনুভূত হয় চাঞ্চল্যের শিহরণ। এবার স্পোর্টস্‌ ডিসেম্বরের শেষেই অনুষ্ঠিত হয়—তাই দ্বিতীয় এবং চতুর্থ বর্ষের ছাত্রছাত্রী এতে যোগ দিতে পেরেছিলেন। স্বনামধন্য বৈজ্ঞানিক অধ্যাপক শ্রীসত্যেন্দ্রনাথ বসু সভাপতিত্ব করেন এবং পুরস্কার বিতরণ করেন শ্রীমতী বসু। ব্যক্তিগত চ্যাম্পিয়ানশিপ লাভ করেন দ্বিতীয় বর্ষের

শ্রীশিশির রায়। তীব্র প্রতিদ্বন্দ্বিতার পর দ্বিতীয় বর্ষ ক্লাস-চ্যাম্পিয়ানশিপ পায়। শিক্ষকদের দৌড়ে এবারও প্রথম হন পদার্থ বিজ্ঞানের অধ্যাপক শ্রীরাসবিহারী চক্রবর্ত্তী। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে অধ্যাপক চক্রবর্ত্তী এই নিয়ে পর পর তিন বছর এই প্রতিযোগিতায় বিজয়ী হলেন।

যদিও প্রতিযোগিতাগুলি খুবই প্রতিদ্বন্দ্বিতামূলক হয়েছিলো তবু প্রতিযোগিতার মান মোটেই আশানুরূপ হয়নি। এইজন্য আমরা আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারিনি।

এই প্রথম ছাত্রীদের জন্য 'Musical chair event'এর আয়োজন করা হয়। তাঁদের প্রত্যেকটি eventএ তীব্র প্রতিযোগিতা দৃষ্ট হ'য়েছে।

দুঃখের বিষয় এই যে এবার কোন ছাত্রকেই College Blue দেওয়া হয়নি। তবে এ কথাও সত্যি যে শুধু পরীক্ষার ফল দেখে ছাত্র ভর্তি করলে ভাল খেলোয়াড় পাওয়ার সম্ভাবনা খুব কম। আশা করি, এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ আরও উদার নীতি অবলম্বন করবেন।

সবশেষে আমার আন্তরিক ধন্যবাদ জানানো উচিত তাঁদের, যাঁদের সাহায্যে এবং সদুপোদেশে আমি আমার কাজে এগিয়ে যেতে পেরেছি। বিশেষ করে ধন্যবাদ জানাচ্ছি আমাদের অধ্যক্ষ, পরিদর্শক শ্রীযুক্ত চ্যাটার্জ্জী, বিভাগীয় সভাপতি, সম্পাদক ও অধিনায়কদের। আমার ছাত্রছাত্রী বন্ধুদের কাছ থেকেও অনেক সাহায্য পেয়েছি ; প্রতিপদে তাঁদের অকুণ্ঠ সাহায্য না পেলে আমার পক্ষে কিছুই করা সম্ভবপর হ'য়ে উঠতো না।

উত্তরসূরী আমার চেয়ে অধিকতর সাফল্য লাভ করবেন, এই আশা।

অসীম ভট্টাচার্য—সাধারণ সম্পাদক, ক্রীড়াপ্রতিযোগিতা

## অর্থনীতি পরিষদ ঃ

সাম্মানিক অর্থনীতি ও রাজনীতি বিভাগের বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত পাঠ্য বিষয়বস্তু এক থাকার দরুণ ১৯১২-১৩ সালে ও ১৯২৮-২৯ সালে রাজনীতি ও অর্থনীতি সেমিনার সংযুক্ত ছিল। কিন্তু অন্যান্য বছরে পৃথক সেমিনার হিসাবে অর্থনীতি সেমিনার কাজ চালিয়ে যায়।

বিদায়ী ৪র্থ বর্ষকে বিদায়-অভিনন্দন জ্ঞাপনের মধ্য দিয়ে আমাদের কাজ সুরু হয়। সহপাঠী বন্ধুদের পূর্ণ সহযোগিতায় অনুষ্ঠানটি সর্বাঙ্গ-সুন্দর হয়েছিল।

আমাদের সেমিনারের ১ম অধিবেশনে শ্রীঅশোক চট্টোপাধ্যায়ের লেখা Reorganisation of Rural India রচনাটি পঠিত হয়। অধ্যাপক ঘোষাল সভাপতিত্ব করেন। পরের অধিবেশনে শ্রীশঙ্করলাল চট্টোপাধ্যায়ের লেখা Rural Industrialisation প্রবন্ধটি অধ্যাপক ভট্টাচার্যের সভাপতিত্বে পাঠ করা হয়।

আমাদের কলেজের প্রাক্তন ছাত্র বর্তমানে Massachusetts-এ গবেষণাব্রতী শ্রীঅজিত বিশ্বাস আমাদের সেমিনারে Input Output Analysis প্রসঙ্গে এক ঘরোয়া আলোচনা করেন। এবারের আকর্ষণীয় অনুষ্ঠানসূচী Cambridge বিশ্ববিদ্যালয়ের Mrs. Joan Robinson-এর আগমন। "Marxism Reconsidered" বিষয়বস্তুর উপর এক সারগর্ভ ভাষণ দেন তিনি। বিশ্ববিদ্যালয় এবং বিভিন্ন কলেজের অধ্যাপক ও ছাত্রদের উপস্থিতিতে এবং প্রশ্নোত্তরিকার মাধ্যমে আলোচনাটি বিশেষ উদ্দীপনাময় হয়েছিল।

শ্রীপ্রভাকর সেন আমাদের কলেজে মাত্র কয়েকমাস অধ্যাপনার পর গত জুনমাসে পশ্চিমে যাত্রা করেছেন History of Economic Doctrines সম্বন্ধে গবেষণাকার্যের জন্য। গত সেপ্টেম্বরের শেষভাগে অধ্যাপক শ্রীতাপস মজুমদার Consumer Behaviour সম্বন্ধে গবেষণাকারী হিসাবে London School of Economics এর উদ্দেশ্যে রওনা হয়েছেন। মাননীয় প্রাক্তন অধ্যক্ষ শ্রীযতীশচন্দ্র সেনগুপ্তের পৌরোহিত্যে অধ্যাপক মজুমদারকে বিদায় সম্বর্ধনা জ্ঞাপন করা হয়। সম্প্রতি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্রীঅলক ঘোষ আমাদের বিভাগে যোগদান করেছেন। তাঁকে স্বাগত জানাই।

কলেজের সেমিনারগুলির মধ্যে আমাদের সেমিনার সর্বাপেক্ষা বয়োবৃদ্ধ না হলেও সবদিক থেকে শ্রেষ্ঠত্ব দাবী করতে পারে। কিন্তু কর্তৃপক্ষের যথোচিত দৃষ্টির অভাবে আমাদের সেমিনারই সব থেকে উপেক্ষিত হয়ে রয়েছে। সৃষ্টির আদিম অন্ধকার আমাদের সেমিনার ঘরে আজও জমাট বেঁধে রয়েছে। রসায়ন পরীক্ষাগারের সন্নিকটে একটি অন্ধকার ঘরে কর্তৃপক্ষ কি আমাদের নিয়েও অন্ধকূপহত্যার একটি নবতম এক্সপেরিমেন্ট ক'রছেন না? তারপর আবার একটি দারুময় পার্টিশন সঙ্গীতগঙ্গোত্রীর থেকে আমাদের হতভাগ্য সেমিনারের ব্যবধান রচনা করলেও, গীতিবন্যার হাত থেকে নিষ্কৃতি দিতে *সে একান্ত অক্ষম। গীতিকাকলির উচ্ছৃঙ্খল বন্যাধারার ঘূর্ণাবর্তে আমাদের* Economics অনুধাবন তলিয়ে যায় কোন অতলান্তে তা কে জানে?

পরিশেষে শ্রদ্ধেয় অধ্যাপকবর্গকে এবং প্রিয়তম ছাত্রবন্ধুদের ধন্যবাদ জানাই।

সম্পাদক—অম্বুজাক্ষ মুখোপাধ্যায়

## রাজনীতি পরিষদ ঃ

১৯১২-১৩ ও ১৯২৮-২৯ সালে রাজনীতি ও অর্থনীতি বিভাগের একটি সংযুক্ত সেমিনার ছিল। কিন্তু অন্যান্য বছরে পৃথক সেমিনারের ব্যবস্থা ছিল।

প্রথম কথা হল, সেমিনার রুমের দিকে তাকালেই মায়া হয়। নিতান্ত অবহেলিত, দুঃস্থ। কোন রকম স্বাচ্ছন্দ্য বা আভিজাত্য ব'লতে নেই। তাই কলেজ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি পুনর্বার।

আমাদের যাত্রা সুরু হয়েছিল বিদায়ী চতুর্থ বর্ষকে অভিনন্দনের ভিতর দিয়ে। পরস্পরের শ্রদ্ধা ও প্রীতিতে অভিসিঞ্চিত নতুন ও পুরোণোর এই মিলন-লগ্নটিকে বিশেষভাবে স্মরণ না করে পারছি না। অধ্যক্ষ সেনগুপ্ত, অধ্যাপক ঘোষাল, অধ্যাপক ঘোষ এবং অধ্যাপক ভট্টাচার্যের উপস্থিতিতে এই মনোজ্ঞ অনুষ্ঠানটি লাভ করেছিল একটি সহজসুন্দর সফলতা। যে সৌভ্রাত্র্য ও মৈত্রীর বন্ধনকে আমরা এই পুণ্য লগ্নে আন্তরিকভাবে স্বীকৃতি দিলাম তাকে চিরস্মরণীয় করে রাখবার উদ্দেশ্যে ঐদিন আমরা একটি গ্রুপ্ ফটো তোলার আয়োজন করি। বলা বাহুল্য, সহপাঠী বন্ধুদের অকৃত্রিম সহযোগিতাকে ঐ দিনের শ্রেষ্ঠ অবদান বললে অত্যুক্তি হবে না।

এ সনের সেমিনার স্থাপনের পর প্রথম অধিবেশনে দিব্যেন্দ্র সেনগুপ্তের লেখা "Parliamentary Government in England" রচনাটি পঠিত হয়। অধ্যাপক ঘোষালের তত্ত্বাবধানে সেদিনকার আলোচনা সভা যথেষ্ট উৎসাহ ও আনন্দ জোগায়। তবুও বলতে বাধ্য হচ্ছি, Seminar-Meeting প্রসঙ্গে সহপাঠী ছাত্রবন্ধুদের শৈথিল্য বড় হতাশজনক।

আপাততঃ সেমিনারের উদ্যোগে শেষ অনুষ্ঠান অধ্যাপক তাপস মজুমদারের প্রতীচ্যযাত্রার প্রাক্কালে বিদায়-অভিনন্দন জ্ঞাপন। ঐ দিন শ্রদ্ধেয় অধ্যাপককে মাল্যভূষিত করার পর একটি মানপত্র প্রদান করা হয়। ছাত্রবন্ধুবর্গের সহযোগিতায় ও অধ্যক্ষ সেনগুপ্তের উপস্থিতিতে অনুষ্ঠানটি আন্তরিক হ'য়ে ওঠে।

সেমিনারের পক্ষ থেকে দুটি গুরুত্বপূর্ণ অভিযোগ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করার প্রয়োজন বোধ করছি। প্রথমটি হল অধ্যাপকদের স্বল্পতা। এদিক দিয়ে বোধহয় 'অর্থনীতি' বিভাগই কলেজের মধ্যে সব চাইতে অবহেলিত। অধ্যাপকদের স্বল্পতা যে কেবল আমাদেরই নয়, আমাদের পূর্ববর্তী এবং পরবর্তী ছাত্রদলের সমূহ ক্ষতিসাধন ক'রেছে সেটা বোধহয় কারুরই অজানা নেই। দ্বিতীয় অভিযোগটি হল সেমিনার লাইব্রেরী সম্পর্কে। কলেজ কর্তৃপক্ষ সেমিনারে বইএর সংখ্যা এবং অতি প্রয়োজনীয় বইগুলির কপির সংখ্যা বৃদ্ধি না করলে আমরা ছাত্রবন্ধুদের প্রয়োজনীয় দাবী মেটাতে চিরকাল অসমর্থই থেকে যাব।

পরিশেষে একটি প্রস্তাব বা পরিকল্পনা আছে আমাদের। তা হ'ল সেমিনারের তরফ থেকে একটি নিয়মিত প্রাচীরপত্রের ব্যবস্থা। অন্যান্য প্রায় সকল বিভাগেই ব্যবস্থাটি চালু হয়েছে। আশা রাখি, আমাদের পরবর্তী ছাত্রবন্ধুরা এ বিষয়ে সাগ্রহে অগ্রণী হবে।

সম্পাদক—বিনয়কৃষ্ণ পাল

**দর্শন পরিষদ ঃ**

সেমিনার উদ্যোগ-পর্বে কলেজের দর্শন সেমিনার পথপ্রদর্শক। গত ১৮৮৭ খৃঃ অব্দে ডক্টর পি. কে. রায়ের পরিচালনায় "দর্শন পরিষদ" ( The Philosophical Club ) এই নামে সংসদের কাজ আরম্ভ হয়। পরে ১৯০৩ সনে ডক্টর পি. কে. রায় কলেজের অধ্যক্ষপদে উন্নীত হইলে ইহার নূতন নামকরণ হয়। তখন হইতে ইহা "দর্শন সেমিনার" বলিয়া পরিচিত। সেমিনারের সর্বাঙ্গীণ উন্নতির সহিত দু'টি নাম স্বর্ণসূত্রে বিজড়িত—এঁরা হচ্ছেন অধ্যক্ষ পি. কে. রায় এবং অধ্যক্ষ জেম্‌স্ সাহেব।

* * * *

এবার কলেজের শতবার্ষিকী অনুষ্ঠানে প্রাচ্য ও পাশ্চাত্ত্যের বিভিন্ন দার্শনিক এবং মনীষীদের জীবনী ও বাণী সুন্দর রেখাচিত্রের মাধ্যমে প্রদর্শিত হয়। অন্যান্য বিভাগের সহিত দর্শনের এই ক্ষুদ্র আয়োজন বিশেষ উপভোগ্য হয়েছিল।

* * * *

পরিষদের এ বছরের নূতন কার্যের উদ্বোধন হয় প্রাচীর-পত্রিকা প্রকাশনীর মধ্য দিয়ে। তার পরে গত ৪ঠা ফেব্রুয়ারীতে আমরা বিদায়ী চতুর্থ বর্ষকে সম্বর্ধনা জানাই, শ্রদ্ধেয় অধ্যাপকবৃন্দ ও বন্ধুবর্গের সহযোগিতায় সে বিদায় সম্ভাষণ হয়ে উঠেছিল সার্থক।

* * * *

অন্যান্য বিষয়ের মধ্যে এবার সেমিনারের আধ্যায়ণিক কার্যক্রমের দিকে আমরা অনেক দূর এগিয়েছি। তবে অত্যন্ত দুঃখের সঙ্গেই বল্‌তে হচ্ছে যে Colloquium-এর ব্যাপারে ছাত্রছাত্রীরা অত্যন্ত উদাসীন। এবার আলোচনা সভায় নিম্নলিখিত বিষয়গুলি আলোচিত হয়েছে।

1. "The Idea of Creation"—Sri Amalendu Chakraborty.
2. "Idealism *vs.* Realism"—Sri Sanwar Mull Shroff.
3. "Scepticism"—Sm. Manjula Mukherjee.
4. "Pantheism of Spinoza"—Sri Jayanta Nath Ghosh.
5. "Kant"—Dr. Kalidas Bhattacharya.
6. "Idealism of Berkeley"—Sm. Basantika Ghosh.
7. "The Highest Good"—Sri Ajoy Kumar Saha.
8. "Immortality"—Sm. Mahasweta Banerjee.
9. "Mechanism *vs.* Technology"—Sri Ajit K. Bhattacharya.
10. "The Recent Trends of Philosophy in Germany"—Dr. Jitendra Nath Mohanty.

উপরোক্ত বিষয়গুলোর মধ্যে ডাঃ কালিদাস ভট্টাচার্য এবং ডাঃ জিতেন্দ্রনাথ মোহান্তির ভাষণ মনোজ্ঞ ও শিক্ষাবহুল হয়।

* * * *

সেমিনারের বইএর সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। বই দেওয়া-নেওয়ার কাজ ভালই চলেছে।

* * * *

সর্বশেষে ধন্যবাদ জানাই সভাপতি শ্রীপ্রবাসজীবন চৌধুরীকে—তাঁহার অমূল্য উপদেশ ও আন্তরিকতার জন্য। সংসদের কার্য-সম্পাদন কালে যে সমস্ত ছাত্রবন্ধুদের অকুণ্ঠ সাহায্য পেয়েছি তাদের আমার আন্তরিক ধন্যবাদ জানাই।

সম্পাদক—অমলেন্দু চক্রবর্তী

## ভূজ্ঞান পরিষদ ঃ

প্রেসিডেন্সী কলেজের এই বিভাগের ছাত্রদের এক নিজস্ব সম্পদ এই "ভূজ্ঞান পরিষদ"। সম্পূর্ণ ছাত্রদের প্রচেষ্টায় এবং অধ্যাপকবৃন্দের অকৃপণ সহায়তার মাধ্যমে ১৯৫০ সালে গড়ে উঠেছে এই পরিষদ। এই পরিষদ পরিচালনার ভার ছাত্র নির্বাচিত ও পরিচালিত এক গোষ্ঠীর উপর ন্যস্ত। ভূজ্ঞান বিভাগের ছাত্রদের সর্বাঙ্গীণ উন্নতি কামনা এবং কলেজের বাঁধাধরা নিয়মমাফিক বক্তৃতা ছাড়াও নানারকম সরস আলোচনার ভেতর দিয়ে ছাত্রদের জ্ঞানোন্মেষ করাই হচ্ছে এই পরিষদের মুখ্য উদ্দেশ্য। ছাত্রদের সক্রিয় সহযোগিতা ও অধ্যাপকবৃন্দের উৎসাহ দানের ফলে এক মধুর সম্পর্ক গ'ড়ে উঠেছে এই বিভাগে। নিছক বাঁধাধরা নিয়মমাফিক বক্তৃতা ছাড়াও এই পরিষদ নানা বিষয়ে ছাত্রদের সহায়তা করে। এই পরিষদের ভেতর দিয়ে আমরা পাঠাগার পরিচালন, প্রবন্ধ প্রতিযোগিতা, বক্তৃতামালা, আলোচনা সভা, পাঠচক্র, নানা স্থান পরিদর্শন, চলচ্চিত্র প্রদর্শন, প্রাচীর পত্রিকা পরিচালন ইত্যাদির ব্যবস্থা ক'রে থাকি। বহু প্রকার ব্যবহারিক প্রক্রিয়ার সাহায্যে এগুলি ছাত্রদের মধ্যে করে এক অভূতপূর্ব প্রেরণার সঞ্চার। পাঠ্যপুস্তক পাঠেও অনেকের কাছে যা থেকে যায় দুর্বোধ্য অজানা—এই আলোচনার মাঝেই তা' হ'য়ে ওঠে সকলের কাছে সুবোধ্য ও স্পষ্ট। আমাদের প্রাচীরপত্র ও পাঠচক্র এ ব্যাপারে ছাত্রদের যথেষ্ট সহায়তা করে। তা ছাড়া আমাদের নিজস্ব পাঠাগার তো আছেই। পরিষদের এক বিশাল অংশ জুড়ে আছে এই পাঠাগার—প্রচুর পুস্তক ও সাময়িক মাসিক পত্র সম্বলিত এই পাঠাগার যে ছাত্রদের কত সহায়তা করে তা বলাই বাহুল্য।

এই কলেজের শতবর্ষপূর্তি উৎসব উপলক্ষে সারা কলেজে যেমন এক অভূতপূর্ব আনন্দের সাড়া প'ড়ে গিয়েছিল তেমনি এই ভূজ্ঞান পরিষদও ছাত্রকর্মীদের অক্লান্ত পরিশ্রমে ও সক্রিয় অংশ গ্রহণে হয়ে উঠেছিল কর্মমুখর। এক অভিনব ও মনোরম প্রদর্শনীর আয়োজন করা হয়েছিল এই বিভাগে। ছাত্রদের অক্লান্ত পরিশ্রমে গঠিত এই প্রদর্শনী অগণিত জনতার জ্ঞানপিপাসা মেটাতে পারায় হয়ে উঠেছিল অপূর্ব সাফল্যমণ্ডিত। তিনদিন ধরে জনগণ ও ছাত্রদের মাঝে পড়ে গিয়েছিল আনন্দের সাড়া। নানারকম বহু মূল্যবান দ্রব্যবিশেষে সুসজ্জিত এই প্রদর্শনী সারা কলেজের উৎসব সজ্জার এক বিশেষ অঙ্গ ছিল। নানারকম চিত্রাবলী, রঙ্গীন বিশাল মানচিত্রাবলী, অনেক রকম সক্রিয় নমুনা (Active Models), ভূতত্ত্ব সংক্রান্ত নানারকম নমুনা, বিবিধ প্রকার প্রস্তর খণ্ড ও জীবাশ্ম (Fossils), বিমান থেকে ভূ-পরিবেক্ষণ ও পরিমাপন যন্ত্রসমূহ, সংখ্যাতত্ত্ব সম্বলিত বঙ্গদেশ ও পৃথিবীর নানারকম মানচিত্রাবলী, আবহাওয়া সংক্রান্ত যন্ত্রপাতি, রাজনৈতিক ও অর্থ নৈতিক ভূগোল সংক্রান্ত মানচিত্রসমূহ, ভারতের নানাপ্রদেশের অধিবাসীদের বাসগৃহ, জমি জরীপের মূল্যবান যন্ত্রপাতি প্রভৃতি ছাত্রদের তত্ত্বাবধানে পরিবেশিত হয়েছিল। প্রচুর জনসমাগম আর তাঁদের আনন্দ ও সন্তোষ পরিবেশনে সক্ষম হওয়ায় আমাদের এই প্রচেষ্টা ও অক্লান্ত পরিশ্রম সার্থক ও সাফল্যমণ্ডিত হয়েছিল। সবশেষে এবং সবচেয়ে বেশী পরিমাণে আমরা কৃতজ্ঞ অধ্যাপকদের কাছে যাঁদের সহযোগিতা ও অমূল্য উপদেশ না পেলে হয়ত এই প্রদর্শনীর উপযোগিতা বহু পরিমাণে হ্রাস পেত।

সম্পাদক—শ্রীপ্রণব চক্রবর্তী
শ্রীমানব দত্ত

## শারীরবৃত্ত পরিষদ ঃ

আজকের যে কর্মমুখর 'শারীরবৃত্ত পরিষদ' কলেজের অন্যতম প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠালাভ করেছে শারীরবৃত্ত বিভাগের প্রধান অধ্যাপক ডাঃ সচ্চিদানন্দ বন্দ্যোপাধ্যায়-এর ঐকান্তিক সহানুভূতি ও অক্লান্ত প্রচেষ্টায় তা গড়ে উঠেছিল ১৯৫০ খ্রীষ্টাব্দে।

গঠনতন্ত্র বা নিয়মাবলী কিছু তৈরী ছিল না বলে প্রথমবারের কার্যনির্বাহক সমিতির নিরপেক্ষ নির্বাচন বলে কিছু হয় নি। পদাধিকার বলে ডাঃ বন্দ্যোপাধ্যায় প্রতি বছর পরিষদ সভাপতি হয়ে আসছেন। প্রথম বছর

সম্পাদক ঠিক করা হ'ল শ্রীসুখময় লাহিড়ীকে। সহকারী সম্পাদক হলেন তৃতীয় বার্ষিক শ্রেণীর শ্রীদেবেন্দ্র সিং। সকলের অনুরোধে সেবার সহকারী সভাপতি হয়েছিলেন ডাঃ নরেশচন্দ্র ঘোষ। আর শিক্ষকদের ভেতর থেকে কোষাধ্যক্ষ হলেন ডাঃ দুলালপদ সাধু।

এ পরিষদের বহুমুখী কার্যকলাপের মধ্যে আছে প্রতি শুক্রবারে বিভিন্ন বিষয়ে বক্তৃতা, বিতর্ক বা আলোচনা করা, প্রতি বছর প্রাক্তন আর বর্তমান সদস্যদের সম্মেলনের ব্যবস্থা করা ও প্রতি বছর পুজোর ছুটিতে দেশ ভ্রমণের ব্যবস্থা করা। এ ছাড়া নতুন ছাত্রদের আমন্ত্রণ ও বিদায়ী ছাত্রদের বিদায় অভিনন্দন জানানও পরিষদের কার্য-কলাপের অন্তর্গত। এ ছাড়া পরিষদ থেকে বার্ষিক পত্রিকাও প্রকাশ করা হয় প্রতি বছর। কলেজের শতবর্ষপূর্তি উপলক্ষে এক বিশেষ সংখ্যাও প্রকাশ করা হয়েছিল।

এ পরিষদ সৃষ্টি হওয়ার পর প্রথমবারের পুনর্মিলনী উৎসবে সভাপতি হয়েছিলেন অধ্যাপক নরেন্দ্রমোহন বসু ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক নিবারণচন্দ্র ভট্টাচার্য। হাস্যকৌতুক, গান আর অভিনয়ের মধ্যে দিয়ে সার্থক হয়ে উঠেছিল সেবারের উৎসব।

সেবার পরিষদ সদস্যেরা ঘুরে এসেছিলেন বেরিলী, ইজ্জৎনগর, লক্ষ্ণৌ ও কাশী।

এরপর পরিষদের সহকারী সভাপতি নির্বাচিত হলেন শ্রীশৈলেন্দ্রনাথ মুখোপাধ্যায়, সম্পাদক শ্রীদেবজ্যোতি দাস, সহকারী সম্পাদক শ্রীরঞ্জিৎকুমার দাস আর কোষাধ্যক্ষ পুনর্নির্বাচিত হলেন ডাঃ সাধু।

১৯৫১ সালের পুনর্মিলনী উৎসব সাফল্যমণ্ডিত হল সুপ্রসিদ্ধ বৈজ্ঞানিক, তদানীন্তন খড়্গপুর কারিগরী মহাবিদ্যালয়ের পরিচালক স্যার জ্ঞানচন্দ্র ঘোষের সভাপতিত্বে। প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেছিলেন মাননীয় রাজ্যপাল ডাঃ হরেন্দ্রকুমার মুখোপাধ্যায়।

এ বছর দক্ষিণ ভারত পরিভ্রমণের ব্যবস্থা করা হয়েছিল। মাদ্রাজ, মহীশূর, বাঙ্গালোর, ওয়ালটেয়ার, শ্রীরঙ্গপত্তম্‌, উট্‌কামণ্ড্‌, কুন্নুর, মহাবলীপুরম্‌ আর ফেরবার পথে পুরী হয়ে কলকাতা ফিরলেন পরিষদ সদস্যেরা।

এ বারের নির্বাচনে কোষাধ্যক্ষ হলেন ডাঃ অচিন্ত্যকুমার মুখোপাধ্যায়, সহকারী সভাপতি শ্রীহরিপদ চট্টোপাধ্যায়, সম্পাদক হলেন শ্রীপঞ্চানন চক্রবর্ত্তী আর সহকারী সম্পাদক শ্রীবৈদ্যনাথ দে।

১৯৫২ সালের পুনর্মিলনী উৎসবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবার জন্যে আমন্ত্রণ জানান হয় তদানীন্তন উপাচার্য শ্রীশম্ভুনাথ বন্দ্যোপাধ্যায়কে। সভাপতি হিসেবে সেবার উপস্থিত ছিলেন পাটনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডাঃ বাসুদেব নারায়ণ।

এ বছর পুজোর ছুটিতে দক্ষিণ-পশ্চিম ভারত ঘোরা হয়েছিল। বোম্বাই, পুণা, সেকেন্দ্রাবাদ, অজন্তা, ইলোরা ঘুরে আগ্রা, সেকেন্দ্রা, দিল্লী দেখে কলকাতা ফিরেছিলেন পরিষদ সদস্যেরা।

এ বছর পরিষদের সহকারী সভাপতি নির্বাচিত হলেন শ্রীমতী ভবাণী বেলাভেডী। কোষাধ্যক্ষ নির্বাচিত হলেন ডাঃ অচিন্ত্যকুমার মুখোপাধ্যায়, সম্পাদক শ্রীবৈদ্যনাথ দে ও সহকারী সম্পাদক শ্রীশৈবাল গুপ্ত।

১৯৫৩ সালের বার্ষিক সম্মেলনে মাননীয় খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন এসেছিলেন প্রধান অতিথি হিসেবে, সভাপতিত্ব করেছিলেন পশ্চিমবঙ্গ সরকারের প্রধান কর্মসচিব শ্রীসত্যেন্দ্রনাথ রায়। এ বছরে বেশ ভাল এক প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছিল।

এবারের ভ্রমণ পর্বে ছিল বেরিলী, লক্ষ্ণৌ আর ইজ্জৎনগর ও নৈনীতাল।

পরিষদের কার্যনির্বাহক সমিতি গড়ে উঠল এবার সহকারী সভাপতি ডাঃ হরিপদ চট্টোপাধ্যায়, কোষাধ্যক্ষ ডাঃ অচিন্ত্যকুমার মুখোপাধ্যায়, সম্পাদক শ্রীসুধীন্দ্রনাথ সেনগুপ্ত ও সহকারী সম্পাদক শ্রীঅসীমকুমার ভট্টাচার্যকে নিয়ে।

১৯৫৪ সালের পুনর্মিলন উৎসবে সভাপতি ছিলেন ডাঃ রুদ্রেন্দ্রকুমার পাল, প্রধান অতিথি ছিলেন মাননীয় বিচারপতি শ্রীপ্রশান্তবিহারী মুখোপাধ্যায়।

মাদ্রাজ, ত্রিবান্দ্রম ও অন্ধ্র চিকিৎসা বিদ্যায়তনগুলি পরিদর্শন করতে গিয়েছিলেন এ বছর পরিষদ সদস্যেরা। তা ছাড়া রামেশ্বর, কন্যাকুমারিকা, ধনুসকোটিও ঘুরে এসেছিলেন পরিষদ সদস্যেরা।

এবারের কার্যনির্বাহক সমিতি গড়ে ওঠে নব-নির্বাচিত সহকারী সভাপতি শ্রীসুখময় লাহিড়ী, কোষাধ্যক্ষ ডাঃ অচিন্ত্যকুমার মুখোপাধ্যায়, সম্পাদক শ্রীরবিপ্রসাদ দাস ও সহকারী সম্পাদক শ্রীঅভিজিৎ গুহকে নিয়ে।

১৯৫৫ সালের পুনর্মিলন উৎসবে সভাপতি হলেন ডাঃ জ্ঞানচন্দ্র মুখোপাধ্যায় আর প্রধান অতিথি শ্রীসতীশচন্দ্র ঘোষ।

এবারের ভ্রমণ পথে দিল্লী, আগ্রা, মথুরা, বৃন্দাবন, জয়পুর, আজমীঢ় আর গোয়ালিয়র দেখেছিলেন পরিষদ সদস্যেরা।

মোটামুটি শারীরবৃত্ত পরিষদের ইতিবৃত্ত শুধু এইটুকু।

১৯৫৫ সালের জুলাই মাসে বার্ষিক অধিবেশনের পর থেকে সুরু হয় পরিষদের নববর্ষ।

তৃতীয় বার্ষিক শ্রেণীর ছাত্রছাত্রীদের স্বাগত জানান হয় গত ১৫।৭।৫৫ তারিখে। ষষ্ঠ বার্ষিক শ্রেণীকে বিদায় জানান হল ১১।৮।৫৫ তারিখে। আর চতুর্থ বার্ষিক শ্রেণীর ছাত্রছাত্রীদের বিদায় জানান হল গত ৩।২।৫৬ তারিখে। ঘরোয়া প্রীতি সম্মেলনের মধ্যে বক্তৃতা, গান, আবৃত্তি আর জলযোগের সঙ্গে সাফল্যমণ্ডিত হয়ে উঠেছিল এ সব কটা উৎসব।

শুধু উৎসব অনুষ্ঠানের আয়োজন করাই এ পরিষদের কর্মসূচী নয়। প্রতি শুক্রবারে ঠিক তিনটেয় সুরু হয় পরিষদ আলোচনা-সভা। এতে যোগ দেন প্রখ্যাত বিজ্ঞানী, চিকিৎসক, শিক্ষক, বিভাগীয় ছাত্রছাত্রী আর গবেষকবৃন্দ। শিক্ষামূলক চলচ্চিত্র প্রদর্শনীর ব্যবস্থাও করা হয়ে থাকে। এবারের আলোচনা সভাগুলিতে নীচের বিষয়গুলি আলোচিত হয়েছিল।

১৯৫৫ সালের ১৯শে আগষ্ট পরিষদ সভাপতি ডাঃ বন্দ্যোপাধ্যায় বলেন 'ধূমপান ও কর্কট রোগ' প্রসঙ্গে। বিভিন্ন দিক দিয়ে আকর্ষণীয় এ বিষয়ে আলোচনায় অংশ গ্রহণ করেছিলেন পরিষদের সদস্যেরা।

২রা সেপ্টেম্বর ইউ, এস্, আই, এস্-এর সৌজন্যে চলচ্চিত্র প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছিল। বিষয়বস্তু ছিল 'পরমাণু ও জীববিজ্ঞান', 'দর্শনরত চক্ষু', 'ইয়েলোষ্টোন জাতীয় উদ্যান' প্রভৃতি।

৯ই সেপ্টেম্বর আলোচনা সভায় বিভাগের একজন গবেষক শ্রীদেবেন্দ্র সিং আলোচনা করেছিলেন "দুগ্ধক্ষরণে নালীবিহীন গ্রন্থির প্রভাব' প্রসঙ্গে।

১৬ই সেপ্টেম্বর 'এক্লাম্‌সিয়া' রোগ প্রসঙ্গে আলোচনা করেন বিভাগের আর একজন গবেষক শ্রীসুভাষ মুখোপাধ্যায়।

পঞ্চম বার্ষিক শ্রেণীর ছাত্র শ্রীঅমিয়কুমার চট্টোপাধ্যায় এ মাসের শেষ আলোচনা সভায় বলেছিলেন 'স্নায়ু তথা অন্তস্রাবী গণ্ড রহস্য—অধস্থালমস' প্রসঙ্গে।

'রক্ত জমাট বাঁধায় এনজাইম্ প্রতিক্রিয়ার স্বরূপ' ব্যাখ্যা করেছিলেন কলিকাতা ট্রপিক্যাল চিকিৎসা ভবনের জৈব-রসায়নের অধ্যাপক ডাঃ নির্মলকুমার সরকার গত ৭ই অক্টোবর।

২রা ডিসেম্বর আলোচনা হয়েছিল আমাদের বার্ষিক পরিভ্রমণ প্রসঙ্গে। অংশ গ্রহণ করেছিলেন শ্রীজগদীন্দ্রনাথ ভাদুড়ী, শ্রীসলিলকুমার ঘোষ, শ্রীসুনীলকুমার পাইন ও শ্রীঅসীমকুমার সরকার।

'এসকর্‌বিক অম্ল ও ফোলিক অম্লের গুণাগুণ' প্রসঙ্গে ২৩শে ডিসেম্বর আলোচনা করলেন পরিষদের সহকারী সভাপতি ও বিভাগের একজন গবেষক শ্রীসুখময় লাহিড়ী।

এ বছরে জানুয়ারী মাসের ১৩ তারিখে বিশ্ববিশ্রুত শারীরতত্ত্ববিদ নোবেল লরিয়েট ডাঃ বি. এ. হুসে এসেছিলেন আমাদের শারীরবৃত্ত বিভাগ পরিদর্শন করতে। শারীরবৃত্ত পরিষদের সদস্যদের অনুরোধে তিনি 'দুগ্ধক্ষরণে অন্তস্রাবী

গ্রন্থির প্রভাব' প্রসঙ্গে এক মনোজ্ঞ ভাষণ দেন। শারীরবৃত্ত পরিষদের ইতিহাসে বিশেষভাবে উল্লেখযোগ্য হয়ে থাকবে তাঁর এই সফরের কথা।

১৩ই জানুয়ারী ইউ, এস্, আই, এস্-এর সৌজন্যে একটা চলচ্চিত্র প্রদর্শনীর ব্যবস্থাও করা হয়েছিল। তাতে দেখান হয়েছিল 'হেলসিঙ্কিতে অনুষ্ঠিত অলিম্পিক খেলাধুলা', 'পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য' প্রভৃতি।

পরিষদ মুখপত্র 'প্রাচীরিকা'র অনেক পরিবর্তন হয়েছে সন্দেহ নেই তবুও এর ঐতিহ্য আজও অম্লান আছে।

## উদ্ভিদ বিজ্ঞান পরিষদ ঃ

উদ্ভিদ বিজ্ঞান পরিষদ মাত্র কয়েক বছর আগে প্রতিষ্ঠিত হয়।

উদ্ভিদ বিজ্ঞান পরিষদ আমাদের গর্বের বিষয়। অনেক সুযোগ সুবিধাই তা আমাদের দেয়। কিন্তু দুঃখের বিষয় আমাদের পরিষদের গ্রন্থসংগ্রহ তেমন সমৃদ্ধ নয়। গ্রন্থ ধার দেওয়ার নিয়মাবলীও অনেক ছাত্রের পক্ষেই অসুবিধাজনক। বিশেষ করে তিনটি অসুবিধা উল্লেখযোগ্য। প্রথমতঃ ধার দেওয়ার সময় আমাদের এক সপ্তাহের মধ্যে ফিরিয়ে দিতে বলা হয়, অথচ কলেজের গ্রন্থাগারের নিয়ম মতো ছাত্রেরা পক্ষকাল বই রাখতে পারে। পড়াশুনোর পক্ষে এক সপ্তাহ অতি অল্পকাল। দ্বিতীয়তঃ কলেজ গ্রন্থাগার দুটি করে বই ধার দেয়। সেক্ষেত্রে পরিষদ গ্রন্থাগার দেয় একটি, তাছাড়া গ্রন্থাগারে অনেক মূল্যবান্ ও প্রয়োজনীয় বই নেই।

উল্লিখিত তথ্যগুলি ছাত্রছাত্রী ও কর্তৃপক্ষের দৃষ্টিপথে পড়লে শীঘ্রই প্রতিকারের ব্যবস্থা হবে এমন আশা করি।

ধন্যবাদান্তে

উদ্ভিদ বিজ্ঞান পরিষদের সম্পাদক

## গণিত পরিষদ ঃ

গণিত সেমিনারের প্রতিষ্ঠা সম্পর্কীয় তথ্য অন্ততঃ কলেজে খুঁজে পাওয়া যায় না। সেমিনার শব্দের আভিধানিক অর্থ দেখেছিলাম—"a group of students working in some specific subject of study under a teacher". কিন্তু সেটা বোধ হয় কেবল পুঁথিগত অর্থই হবে, অথবা হয়ত ভাষাতত্ত্বের নিয়মানুসারে অর্থের পরিবর্তন ঘটে বর্তমানে সেটা এমন একটি পদার্থকে বোঝায়, যেখানে প্রতি বৎসর একজন করে সম্পাদক নিযুক্ত হ'ন এবং তাঁর প্রধান কাজ হয় ছাত্রদের বই দেওয়া আর issue bookএ সই করা। তবে এবার আমরা এই মুখ্য কর্তব্য ছেড়ে কিছু গৌণ কর্তব্যও করেছি। প্রথমতঃ, সেমিনারের উদ্যোগে Prof. A. C. Banerji এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্যকে আনা হয় এবং তিনি "Flights in Space" সম্বন্ধে চমৎকার সারগর্ভ বক্তৃতা দেন এবং slidesএর সাহায্যে ব্যাপারটাকে ব্যাখ্যা করেন। তবে অত্যন্ত লজ্জার বিষয় যে, সে সভায় ছাত্রছাত্রীদের উপস্থিতি ছিল অত্যন্ত অল্প। বোধহয় আসন্ন half yearly পরীক্ষাই তার একমাত্র কারণ। দ্বিতীয়তঃ, ছাত্রছাত্রীদের উদ্যোগে আমরা একটা study circle খুলেছিলাম। সেখানে development of mathematics এবং life of mathematicians নিয়ে আলোচনা হ'ত। বেশ কয়েকজন ছাত্র ও ছাত্রী নিজের নিজের essay পড়লেন, কিন্তু শেষ পর্য্যন্ত সেটা উঠে গেল, কারণ, ওতে নাকি সময়টা অযথা নষ্ট হয়! শেষ করার আগে আর একটা কথা জানান প্রয়োজন। আমাদের গণিত বিভাগের সুযোগ্য অধ্যাপক ডাঃ বীরেন্দ্রনাথ বসু চলে গেছেন দার্জিলিং কলেজের অধ্যক্ষ হয়ে। তাঁর মতন সুপণ্ডিত অধ্যাপককে হারিয়ে আমরা খুবই ক্ষতিগ্রস্ত হয়েছি। তবে তিনি বৃহত্তর কর্মের প্রেরণায় চলে গেছেন, বিচ্ছেদের মাঝে এইটুকুই মাত্র সান্ত্বনা। তাঁকে আমরা বিদায় অভিনন্দন জানিয়েছি এবং এই উপলক্ষে তাঁর সঙ্গে আমাদের যে মধুর আন্তরিকতাপূর্ণ সম্পর্ক ছিল, তারই স্মৃতিরূপে Staff এবং studentsদের নিয়ে একটি group photo তোলা হয়।

যাবার আগে আমাদের বিভাগের প্রধান অধ্যাপক ডাঃ নন্দলাল ঘোষকে জানাই আমাদের কৃতজ্ঞতা তাঁর মূল্যবান উপদেশ ও সাহায্যের জন্য।

শীতাংশুশেখর মিত্র—সম্পাদক

## ভূতত্ত্ব পরিষদ ঃ

কলেজের শতবর্ষপূর্ত্তি উপলক্ষে কলেজ ভবন ও প্রাঙ্গণে যে বিশেষ পরিবেশের সৃষ্টি হ'য়েছিল তা বহুদিন স্মরণীয় হ'য়ে থাকবে। শুধু ভারতের নয়, এশিয়ার অন্যতম শ্রেষ্ঠ এই কলেজের পিছনে র'য়েছে দীর্ঘকালের এক ঐতিহ্য এবং এই কলেজের ছাত্র হিসাবে সকলেই গর্ববোধ করেন। ভূতত্ত্বের ছাত্রদের মনে কিন্তু এছাড়াও একটা বিশেষ গর্ব আছে—তা তাদের বিভাগ ও এর সাথে সংশ্লিষ্ট ভূতত্ত্ব পরিষদ নিয়ে।

ভূতত্ত্ব বিভাগ প্রতিষ্ঠিত হয় ১৮৯২ সালে, আর ১৯০৫ সালে পরিষদের জন্ম। শুধু আমাদের কলেজেই নয় বাইরেও এ ধরণের ছাত্র প্রতিষ্ঠান বিরল। ভূতত্ত্বের বর্তমান ছাত্র ব্যতীত প্রাক্তন ছাত্রদের অনেকেই পরিষদের সদস্য। এছাড়া বাইরের বহু লব্ধপ্রতিষ্ঠ ভূতাত্ত্বিকও আছেন। ছাত্র ব্যতীত পরিষদের বাইরের সদস্য সংখ্যা বর্তমানে ১৯০।

পরিষদের ব্যবস্থাপনায় গত বৎসর থেকে এ পর্যন্ত দেশের ও বিদেশের যেসব খ্যাতনামা ভূতাত্ত্বিকের সংস্পর্শে আসার সুযোগ আমাদের হ'য়েছে, তাঁরা হলেন—Academicians J. A. Orlov ও D. S. Korzhinsky; Dr. H. Brown (Calif.); Dr. B. C. Roy, Dr. S. S. Sarkar ও Sri G. N. Dutt (Geol. Surv. Ind.); Mr. P. Evans (B. O. G.); Prof. Dr. A. Bentz (W. Germany); Dr. M. F. Glaessner (Adelaide); Dr. Schürmann (Holland) ও Dr. S. Dasgupta.

প্রতি শ্রেণীর পাঠচক্রের কার্যক্রম মোটামুটি সন্তোষজনক। এ বিষয়ে ৩য় ও ৪র্থ বার্ষিক শ্রেণীর ছাত্রদের উৎসাহ উল্লেখযোগ্য।

পরিষদের তরফ থেকে এবার Bengal Potteries Ltd., Alipore Observatory, Central Glass and Ceramic Research Institute, Bengal Chemical and Pharmaceutical Works Ltd. ইত্যাদিতে ছাত্রদের নিয়ে যাওয়া হ'য়েছিল।

শিক্ষামূলক প্রায় কুড়িটি চলচ্চিত্র পরিষদের উদ্যোগে প্রদর্শিত হ'য়েছে। এগুলির মধ্যে বিশেষ উল্লেখযোগ্য জাপানী অধ্যাপক Watanabe প্রদর্শিত আগ্নেয়গিরির উদ্গীরণের চলচ্চিত্র ও আনুষঙ্গিক বক্তৃতা।

পরিষদের বার্ষিক মুখপত্র 'ভূবিদ্যা' আগামী ১৭ই মার্চ্চ আমাদের এ বছরের সাধারণ বার্ষিক অধিবেশনের সময় প্রকাশিত হবে। আনন্দের কথা 'ভূবিদ্যা' UNESCO প্রকাশিত বিজ্ঞান বিষয়ক পত্রিকাপঞ্জীর অন্তর্ভুক্ত হ'য়েছে। বিভাগীয় ছাত্রদের উৎসাহদানের জন্য প্রবন্ধ, আলোকচিত্র ও জীবাশ্ম, প্রস্তর, মণিক প্রভৃতির শ্রেষ্ঠ ছাত্র সংগ্রাহককে পরিষদ-পদক দানে পুরস্কৃত করা হয়। কলেজ-শতবার্ষিকী অনুষ্ঠান উপলক্ষে বিভাগে বিশেষ প্রদর্শনীর আয়োজন হ'য়েছিল।

ভূতত্ত্ব পরিষদ তার বিভিন্ন কার্যাবলীর মাধ্যমে চেষ্টা ক'রেছে ছাত্রদের বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী গঠনের, প্রয়াস পেয়েছে উন্নত বৈজ্ঞানিক চিন্তাধারার সাথে ছাত্রদের পরিচয় করিয়ে দেবার, তাদের সুযোগ ও উৎসাহ দিয়েছে নিজেদের প্রকাশ করবার।

কমলকুমার বসু—সাধারণ সম্পাদক

**Secretaries :**

| | |
|---|---|
| 1914-15 | Jogesh Chandra Chakravarti, B.A. |
| 1915-16 | Prafulla Kumar Sircar, B.A. |
| 1916-17 | Prafulla Kumar Sircar, B.A. |
| 1917-18 | Rama Prasad Mukhopadhyay, B.A. |
| 1918-19 | Mahmood Hasan, B.A. |
| 1919-20 | Paran Chandra Gangooli, B.A. |
| 1920-21 | Syama Prasad Mookerjee |
| 1921-22 | Bimal Kumar Bhattacharyya |
| 1921-22 | Uma Prasad Mookerjee |
| 1922-23 | Akshay Kumar Sircar |
| 1923-24 | Bimala Prasad Mukherjee |
| 1924-25 | Bijoy Lal Lahiri |
| 1926-27 | Lokes Chandra Guha Roy |
| 1927-28 | Sunit Kumar Indra |
| 1928-29 | Syed Mahbub Murshed |
| 1929-30 | Ajit Nath Roy |
| 1930-31 | Ajit Nath Roy |
| 1931-32 | Nirmal Kumar Bhattacharjee |
| 1932-33 | Nirmal Kumar Bhattacharjee |
| 1933-34 | Girindra Nath Chakravarti |
| 1934-35 | Sudhir Kumar Ghosh |
| 1935-36 | Provat Kumar Sircar |
| 1936-37 | Arun Kumar Chandra |
| 1937-38 | Ram Chandra Mukherjee |
| 1938-39 | Abu Sayeed Chowdhury |
| 1939-40 | Bimal Chandra Datta, B.A. |
| 1940-41 | Prabhat Prasun Modak, B.A. |
| 1941-42 | Golam Karim |
| 1942-46 | No publication due to Govt. Circular Re. Paper Economy |
| 1946-47 | Jibanlal Dev |
| 1947-48 | Nirmal Kumar Sarkar |
| 1948-49 | Bangendu Gangopadhyay |
| 1949-50 | Sourindramohan Chakravarty |
| 1950-51 | Manas Mukutmani |
| 1951-52 | Kalyan Kumar Das Gupta |
| 1952-53 | Jyotirmoy Pal Chaudhuri |
| 1953-54 | Pradip Kumar Das. |
| 1954-55 | Pradip Ranjan Sarbadhikari |
| 1955-56 | Devendra Nath Bannerjee |

## PRESIDENCY COLLEGE MAGAZINE

### Editors :

| | |
|---|---|
| 1914-15 | Pramatha Nath Banerjee, B.A. |
| 1915-16 | Mohit Kumar Sen Gupta, B.A. |
| 1916-17 | Mohit Kumar Sen Gupta, B.A. |
| 1917-18 | Saroj Kumar Das, B.A. |
| 1918-19 | Amiya Kumar Sen, B.A. |
| 1919-20 | Mahmood Hasan, B.A. |
| 1920-21 | Phiroze E. Dastoor, B.A. |
| 1921-22 | Syama Prasad Mookerjee, B.A. |
| 1921-22 | Brajakanta Guha, B.A. |
| 1922-23 | Uma Prasad Mookerjee |
| 1923-24 | Subodh Chandra Sen Gupta |
| 1924-25 | Subodh Chandra Sen Gupta, B.A. |
| 1925-26 | Asit Krishna Mukherjee, B.A. |
| 1926-27 | Humayun Z. A. Kabir, B.A. |
| 1927-28 | Hirendra Nath Mukherjee, B.A. |
| 1928-29 | Sunit Kumar Indra, B.A. |
| 1929-30 | Taraknath Sen, B.A. |
| 1930-31 | Bhabatosh Datta, B.A. |
| 1931-32 | Ajit Nath Roy, B.A. |
| 1932-33 | Sachindra Kumar Majumdar, B.A. |
| 1933-34 | Nikhilnath Chakravarty, B.A. |
| 1934-35 | Ardhendu Baksi, B.A. |
| 1935-36 | Kalidas Lahiri, B.A. |
| 1936-37 | Asok Mitra, B.A. |
| 1937-38 | Bimal Chandra Sinha, B.A. |
| 1938-39 | Pratap Chandra Sen, B.A. |
| 1938-39 | Nirmal Chandra Sen Gupta, B.A. |
| 1939-40 | A. Q. M. Mahiuddin, B.A. |
| 1940-41 | Manilal Banerjee, B.A. |
| 1941-42 | Arun Banerjee, B.A. |
| 1942-46 | No publication due to Govt. Circular Re. Paper Economy |
| 1947-48 | Sudhindranath Gupta, B.A. |
| 1948-49 | Subir Kumar Sen, B.A. |
| 1949-50 | Dilip Kumar Kar, B.A. |
| 1950-51 | Kamal Kumar Ghatak, B.A. |
| 1951-52 | Sipra Sarkar, B.A. |
| 1952-53 | Arun Kumar Das Gupta, B.A. |
| 1953-54 | Ashin Ranjan Das Gupta, B.A. |
| 1954-55 | Sukhamoy Chakravarty, B.A. |
| 1955-56 | Amiya Kumar Sen, B.A. |

Printed and published by P. C. Ray at Sri Gouranga Press Private Ltd.,
5, Chintamani Das Lane, Calcutta-9.